# স্ফিয়ার ২০১৮

# আশ্রয় এবং আবাসন

Sphere

# সূচিপত্র

ভূমিকা

কৃতজ্ঞতা

স্ফিয়ার কী?

মানবিকতার ঘোষণাপত্র

আশ্রয় এবং আবাসন

# ভূমিকা

স্ফিয়ার হ্যান্ডবুক এর চতুর্থ সংস্করণ প্রকাশের মাধ্যমে স্ফিয়ার নিজেদের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেছে। এটি বিশ্বব্যাপী মানবিক কাজে নিয়োজিত কর্মীদের প্রচেষ্টার একটি ফসল এবং যাতে প্রতিফলিত হয়েছে দুই যুগের অভিজ্ঞতা যার মাধ্যমে জবাবদীহিতা এবং নীতিগত গুণমান বজায় রাখতে এই মানগুলির কর্মসূচী বাস্তবায়ন, নীতি প্রণয়ন এবং এ্যাডভোকেসিতে ভূমিকা পালন করে।

একটি সুস্পষ্ট এবং অধিকার ভিত্তিক কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে স্ফিয়ার হ্যান্ডবুকটি বাস্তবসম্মত দিকনির্দেশনার সাথে বিশ্বের সু-অনুশীলনগুলি ও মানবতাবাদের নৈতিক ভিত্তি প্রতিষ্ঠা এবং প্রমাণগুলিকে একত্রিত করে, যা মানবিক কাজে সংশ্লিষ্ট কর্মীদের কর্মক্ষেত্রে সহযোগিতা করে। স্ফিয়ার হলো মানবিক কাজের ভিত্তিগুলির মধ্যে অন্যতম একটি নথি। যা নতুন মানবিক কর্মীদের জন্য কাজের একটি সূচনা ক্ষেত্র এবং অভিজ্ঞদের জন্য এটি হলো কার্যক্রমের বিস্তারিত টেকনিক্যাল তথ্য পাওয়ার ক্ষেত্রে একটি স্থায়ী এবং কাজের অগ্রাধিকারের নির্দেশিকা বই।

শেল্টার ক্লাস্টার বাংলাদেশ ২০১২ সাল হতে আনুষ্ঠানিক ভাবে বাংলাদেশের দুর্যোগ সাড়াদানের ক্ষেত্রে সমন্বয় করে আসছে এবং ২০১৯ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯' এ ক্লাস্টার পদ্ধতিকে স্বীকৃতি প্রদান করেছে। শেল্টার ক্লাস্টার বাংলাদেশ এর প্রধান সমন্বয়কারী হিসেবে 'দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়' এবং সহ-সমন্বয়কারী হিসেবে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেডক্রস এন্ড রেড ক্রিসেন্ট সোসাইটিজ (আইএফআরসি) এবং ইউনাইডেট নেশন্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি) রয়েছে।

শেল্টার ক্লাস্টার বাংলাদেশ স্ফিয়ার ২০১৮ এর 'আশ্রয় এবং আবাসন' অধ্যায়টি তার অংশীজনদের সমন্বয়ে একটি 'টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ' তৈরির মাধ্যমে বাংলায় অনুবাদ করার উদ্যোগ গ্রহণ করে। যার মূল উদ্দেশ্য হলো স্ফিয়ার এর আশ্রয় এবং আবাসন এর মূল মানদণ্ডগুলি দেশের সকল মানবিক কর্মীদের মাঝে ছড়িয়ে দেয়া, যা আশ্রয় এবং আবাসন সংক্রান্ত মানবিক সাড়াদানকে অধিক কার্যকর করতে পারে। আশ্রয় এবং আবাসন অধ্যায় পাঠ করার পূর্বে পাঠক যাতে স্ফিয়ার এবং মানবিকতার ঘোষণাপত্র সম্পর্কে অবগত হতে পারেন, তাই হ্যান্ডবুকটিতে স্ফিয়ার কী? তা সংযোজন করা হয়েছে এবং মানবিকতার ঘোষণা পত্র 'স্ফিয়ার ২০১১' এর বাংলা অনুবাদ হতে প্রতিস্থাপন করা হয়েছে।

# কৃতজ্ঞতা

শেল্টার ক্লাস্টার বাংলাদেশ; কারিতাস বাংলাদেশ, ক্যাথলিক রিলিফ সার্ভিসেস, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি বাংলাদেশ এবং আইএফআরসি এর কর্তৃপক্ষকে অনুবাদ কাজটিতে সহযোগিতা প্রদান করার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। এছাড়াও স্ফিয়ার কমিউনিটি বাংলাদেশ অনুবাদ কাজটিতে প্রয়োজনীয় সহযোগিতা করেছে, শেল্টার ক্লাস্টার বাংলাদেশ স্ফিয়ার কমিউনিটি বাংলাদেশ এর প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করছে।

**টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ:**

১. রতন কুমার পোদ্দার, এ্যাডভাইজার, শেল্টার এন্ড সেটেলম্যান্টস, কারিতাস বাংলাদেশ।

২. প্রকৌশলী মো: আব্দুল্লাহ আল মামুন, প্রোগ্রাম ম্যানেজার (শেল্টার এন্ড সেটেলম্যান্টস), সিআরএস বাংলাদেশ।

৩. মলয় ষ্টিফেন স্রং, সিনিয়র প্রজেক্ট কোর্ডিনেটর, হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি বাংলাদেশ।

৪. মেহেদী হাসান শিশির, ম্যানেজার, লাইভলিহুড এন্ড ক্যাশ, আইএফআরসি।

৫. এ কে এম জহিরুল আলম, কোর্ডিনেটর, শেল্টার ক্লাস্টার বাংলাদেশ, আইএফআরসি।

৬. লিডিয়া রিটা বারিকদার, হেড অব প্রোগ্রামস, হ্যাবিট্যাট ফর হিউম্যানিটি বাংলাদেশ।

Shelter Cluster Bangladesh
ShelterCluster.org
Coordinating Humanitarian Shelter

Sphere

# স্ক্রিয়ার কী?

# সূচিপত্র


**স্ফিয়ার কী?** ............ ০৩

**স্ফিয়ার হ্যান্ডবুক** ............ ০৩

**চারটি মূল অধ্যায় এবং চারটি টেকনিক্যাল অধ্যায়** ............ ০৪

**আচরণবিধি: ১০টি মূলনীতি** ............ ০৬

**ন্যূনতম মানদণ্ডগুলি একটি সামঞ্জস্যপূর্ণ পন্থার উন্নয়ন সাধন করে** ............ ০৬

- মানদণ্ডগুলির কাঠামো ............ ০৬
- মূল সূচকগুলির সমন্বয়ে কাজ করা ............ ০৭
- অন্যান্য মানদণ্ডগুলির সাথে সম্পর্ক ............ ০৮

**বিভিন্ন প্রেক্ষাপটে মান** ............ ০৮

- সমগ্র কর্মসূচী-চক্রে মানগুলির প্রয়োগ ............ ০৯
- যাচাই ও বিশ্লেষণ ............ ১০
- কৌশল নির্ধারণ ও কর্মসূচি প্রণয়ন ............ ১০
- বাস্তবায়ন ............ ১১
- পর্যবেক্ষণ, মূল্যায়ন, জবাবদিহিতা ও শিখন ............ ১১
- বিপদাপন্নতা এবং সক্ষমতা অনুধাবন ............ ১১
- সমগ্র জনসংখ্যার ভিন্ন ভিন্ন তথ্য ............ ১৩
- শিশু ............ ১৩
- বয়স্ক জনগোষ্ঠী ............ ১৪
- জেন্ডার বা লিঙ্গ ............ ১৫
- জেন্ডার-ভিত্তিক সহিংসতা ............ ১৫
- প্রতিবন্ধী ............ ১৫
- এইচআইভি (HIV) নিয়ে বসবাস এবং এইডস (AIDS) আক্রান্ত ব্যক্তি ............ ১৬
- LGBTQI জনগোষ্ঠী ............ ১৬
- মানসিক স্বাস্থ্য এবং মনোসামাজিক সহায়তা ............ ১৭
- কাজের পরিবেশ অনুধাবন ............ ১৭
- জাতীয় এবং স্থানীয় অংশীদারদের সহায়তা ............ ১৮
- দীর্ঘ মেয়াদী সঙ্কট ............ ১৮
- নগর পরিবেশ ............ ১৯
- কমিউনিটি ভিত্তিক আবাসন ............ ২০
- দেশীয় বা আন্তর্জাতিক সামরিক বাহিনীর সঙ্গে সম্পর্ক ............ ২০
- মানবিক সাড়াদান কার্যক্রমে পরিবেশের প্রভাব ............ ২১

**পরিশিষ্ট** ............ ২২

# স্ফিয়ার কী?

১৯৯৭ সালে প্রতিষ্ঠিত স্ফিয়ার প্রকল্পটি বর্তমানে স্ফিয়ার হিসেবে পরিচিত, যা বিভিন্ন বেসরকারি মানবিক সংস্থা এবং রেড ক্রস এন্ড রেড ক্রিসেন্ট মুভমেন্ট এর সমন্বয়ে তৈরি হয়েছিল। এটির প্রধান লক্ষ্য ছিল মানবিক সহায়তার ক্ষেত্রে মানোন্নয়ন এবং সংস্থাগুলির কাজের জবাবদিহিতা বৃদ্ধি করা। স্ফিয়ার হ্যান্ডবুকটি তাদের সম্মিলিতভাবে গঠিত প্রয়াস, যা বিশ্বব্যাপী মানবিক সহযোগিতার ক্ষেত্রে সবচেয়ে উল্লেখযোগ্য একটি সম্পদ হয়ে উঠেছে।

যে দুটি মূল ধারণার ভিত্তিতে স্ফিয়ার দর্শন প্রতিষ্ঠিত, তা হলো:

- দুর্যোগ এবং সংঘাতে আক্রান্ত মানুষের মর্যাদার সাথে জীবনযাপনের এবং সহায়তা পাওয়ার অধিকার রয়েছে।
- দুর্যোগ এবং সংঘাত হতে উদ্ভূত ভোগান্তিসমূহ লাঘবের জন্য অবশ্যই সম্ভাব্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মানবিকতার সনদ এবং ন্যূনতম মানদণ্ডগুলি এই মূল ধারণাগুলিকে কার্যকর করে। সুরক্ষা নীতিগুলি সমগ্র মানবিক পদক্ষেপকে অনুপ্রাণিত করে এবং সংশ্লিষ্ট সকল বিভাগের জবাবদিহিতায় সহযোগিতা করতে মূল মানবিক মানদণ্ডগুলি অঙ্গীকারাবদ্ধ।

# ১. স্ফিয়ার হ্যান্ডবুক

মানবিক সহায়তায় পরিকল্পনা, পরিচালনা বা বাস্তবায়নের সাথে যারা জড়িত, তাঁরাই হলেন স্ফিয়ার হ্যান্ডবুক এর প্রধান ব্যবহারকারী। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক মানবিক সংস্থাসমূহ যারা দুর্যোগে কাজ করে, সেই সাথে সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্থ জনগণও এর অন্তর্ভূক্ত।

এছাড়াও এই হ্যান্ডবুকটি মানবিক সহায়তার গুণগত মান ও জবাবদিহিতা অধিকতর উন্নত করার জন্য এ্যাডভোকেসি এবং সঙ্গতিপূর্ণ মানবিক নীতিগুলি সুরক্ষার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

সরকার, দাতা, সামরিক বা বেসরকারি সংস্থাগুলি তাদের নিজেদের কার্যক্রমের দিক নির্দেশনা প্রদান করতে স্ফিয়ার এর ব্যবহার ক্রমবর্ধমান ভাবে বাড়াচ্ছে এবং গঠনমূলক কাজ করার উদ্দেশ্যে মানবিক সহায়তা সংস্থাগুলি এই মানদন্ডগুলির অনুশীলন করছে।

এই হ্যান্ডবুকটি প্রথম ১৯৯৮ সালে প্রণয়ন করা হয়েছিল, পরবর্তীতে ২০০০, ২০০৪, ২০১১ এবং বর্তমানে ২০১৮ সালে এর সংশোধিত সংস্করণ প্রকাশিত হলো। প্রতিটি সংশোধন প্রক্রিয়া সংশ্লিষ্ট বিভাগের ব্যক্তি, এনজিও, সরকার এবং জাতিসংঘের সংস্থাগুলির পরামর্শের ভিত্তিতে করা হয়েছে। যার ফলশ্রুতিতে এর মান এবং নির্দেশনাসমূহ স্বতন্ত্র ও প্রমাণিত, যাতে বিশ্বব্যাপী এর অনুশীলনকারীরা তাঁদের ২০ বছরের অভিজ্ঞতার প্রতিফলন ঘটিয়েছেন।

এই চতুর্থ সংস্করণটি স্ফিয়ার হ্যান্ডবুকের ২০ তম প্রতিষ্ঠা বার্ষিকীর একটি নিদর্শন এবং সাম্প্রতিক মানবিক কার্যক্রমের পরিবর্তনগুলিকে অন্তর্ভূক্ত ও প্রতিফলিত করে। এই নতুন সংস্করণে; নগর বিন্যাসের কাজগুলি, দীর্ঘমেয়াদী সঙ্কট মোকাবেলায় ন্যূনতম মানদণ্ডগুলি, এবং বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সহযোগিতার মান পূরণের নির্দেশিকা সংযোজিত হয়েছে। প্রচলিত সমস্ত টেকনিক্যাল অধ্যায়গুলিতে প্রচলিত বর্তমান পদ্ধতিগুলির প্রতিফলন ঘটানো হয়েছে এবং বর্তমান সংস্করণে মূল মানবিক মানদণ্ডগুলিতে সাদৃশ্যপূর্ণ পূর্বের মূল মানদণ্ডগুলি পুনরায় সংযোজিত হয়েছে।

# চারটি মূল অধ্যায় এবং চারটি টেকনিক্যাল অধ্যায়:

এই হ্যান্ডবুকটিতে স্ফিয়ার প্রতিশ্রুতির একটি নীতিগত এবং অধিকার ভিত্তিক মানবিক সহায়তা প্রতিফলিত হয়েছে। নিজেদের পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার সিদ্ধান্তে সম্পূর্ণরূপে সম্পৃক্ততার জন্য মানুষের মৌলিক সম্মানের উপর ভিত্তি করে এটি গঠিত।

### চারটি মূল অধ্যায়:

মানবিক সাড়াদানের মূল ভিত্তি হিসেবে নৈতিক, আইনগত এবং ব্যবহারিক প্রয়োগের একটি রূপরেখা প্রদান করে। এগুলো প্রত্যেকটি বিভাগকে এবং কর্মসূচীকে শক্তিশালী করে। একটি উন্নতমানের মানবিক সাড়াদান নিশ্চিত করতে এবং পদ্বতিগুলি সঠিকভাবে সংজ্ঞায়িত করতে অধ্যায়গুলি অঙ্গীকারাবদ্ধ। পদ্ধতিগুলি স্ব-সংজ্ঞায়িত, এবং বাস্তবায়নকারীদের তাঁদের কাজের দ্বারা ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের নিকট দায়বদ্ধ হতে উৎসাহিত করে। এই অধ্যায়গুলি ব্যবহারকারীদের যেকোনো প্রেক্ষাপটে ন্যূনতম মানদণ্ডগুলিকে আরও কার্যকরভাবে প্রয়োগের ক্ষেত্রে  সহায়তা করে। মূল অধ্যায়গুলি অনুসরণ না করে, শুধুমাত্র এর টেকনিক্যাল অধ্যায়গুলি পড়ার ফলে মানগুলোর অপরিহার্য উপাদান সমূহের ভুল ব্যাখ্যার ঝুঁকি থাকে।

### মূল অধ্যায়গুলি হলো:

**স্ফিয়ার কী:** হ্যান্ডবুক এর কাঠামো, এটির ব্যবহার এবং অন্তর্নিহিত নীতিগুলির একটি রূপরেখা প্রদান করে। পাশাপাশি এই হ্যান্ডবুকটি কীভাবে চর্চা করতে হয়, তা গুরুত্বসহকারে বর্ণনা করে।

**মানবিক সনদ:** স্ফিয়ার হ্যান্ডবুক সার্বজনীন একটি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে যে, সঙ্কটে ক্ষতিগ্রস্ত মানুষের সুরক্ষা এবং সহায়তা পাওয়ার অধিকার রয়েছে, এটিই স্ফিয়ার হ্যান্ডবুকের মূলভিত্তি। এই অধিকার মানুষের জীবনের মর্যাদাসহ মৌলিক শর্তসমূহ নিশ্চিত করে। সনদটি সুরক্ষানীতি, মূল মানবিক মানদণ্ড এবং ন্যূনতম মানগুলির নৈতিক এবং আইনি পটভূমি প্রদান করে। ১৯৯৪ সালের ইন্টারন্যাশনাল রেডক্রস এন্ড রেড ক্রিসেন্ট মুভমেন্ট এর জন্য কোড অব কন্ডাক্ট এবং বেসরকারী সংস্থার (এনজিও) দুর্যোগের ত্রাণের উপর ভিত্তি করে এটি প্রণীত হয়েছে। 'কোড অব কন্ডাক্ট' স্ফিয়ার হ্যান্ডবুক এর একটি অবিচ্ছেদ্য উপাদান।

⊕ *মূল হ্যান্ডবুক এর পরিশিষ্ট ২ দেখুন।*

⊕ *মানবিক সনদের আইনি ভিত্তি গঠনকারী মূল নথিগুলির একটি তালিকার জন্য মূল হ্যান্ডবুক এর: পরিশিষ্ট ১ দেখুন।*

**সুরক্ষা নীতিসমূহ:** মানবিক সনদের চারটি নীতিতে সমস্ত মানবিক প্রতিক্রিয়ার ব্যবহারিক ব্যাখ্যা, আইনগত নীতি এবং অধিকারগুলির একটি ব্যবহারিক রূপরেখা প্রদান করে।

**মূল মানবিক মান:** ন্যূনতম মান অর্জনে নয়টি অঙ্গীকার রয়েছে যা মান এবং জবাবদিহিতা ফলপ্রসূ করতে অপরিহার্য পদ্ধতিগুলি এবং সংস্থাগুলির দায়দায়িত্বকে সুস্পষ্টভাবে চিহ্নিত করে।

**চারটি টেকনিক্যাল অধ্যায়ে অন্তর্ভূক্ত রয়েছে মুল সাড়াদানের ন্যূনতম মানগুলি:**

- পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্বাস্থ্যবিধি উন্নত করা
- খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি
- আশ্রয় এবং আবাসন
- স্বাস্থ্য

প্রচলিতভাবে, মানবিক চাহিদা সুস্পষ্টভাবে নির্দিষ্ট কোন সেক্টরে পড়ে না। কার্যকর মানবিক সাড়াদান অবশ্যই সামগ্রিকভাবে মানুষের প্রয়োজনের নিরীখে হতে হবে এবং সেক্টরগুলিকে পরস্পরের সাথে সমন্বয় এবং সহযোগিতা করতে হবে। একটি দীর্ঘায়িত সঙ্কটের ক্ষেত্রে, মানবিক সাড়াদানের বাহিরেও প্রয়োজনে ঘনিষ্ঠ ভাবে অন্যান্য উন্নয়ন সংস্থার সাথে কাজের ব্যাপ্তি বাড়ানো যেতে পারে। হ্যান্ডবুকটি এই সংযোগগুলি তৈরিতে সাহায্য করতে সামঞ্জস্যপূর্ণ রেফারেন্সগুলি অন্তর্ভূক্ত করেছে। একটি সামগ্রিক সাড়াদানে এর অনুশীলনকারীদের প্রতিটি অধ্যায়ের সাথে নিজেদের সুপরিচিত করা উচিত।

## আচরণবিধি: ১০টি মূলনীতি

১. প্রথমে আসে একান্ত মানবিক প্রয়োজন।

২. সহযোগিতা গ্রহণকারীদের জাতি, ধর্ম বা জাতীয়তা নির্বিশেষে সাহায্য প্রদান করা হয় এবং তা কোন প্রকার প্রতিকূল পার্থক্য ছাড়াই। সহযোগিতার অগ্রাধিকার শুধু প্রয়োজনের ভিত্তিতে বিবেচিত হয়।

৩. কোন একটি নির্দিষ্ট রাজনৈতিক বা ধর্মীয় দৃষ্টিকোণ এর অগ্রগতির জন্য সহায়তা ব্যবহার করা হবে না।

৪. সরকারের পররাষ্ট্রনীতির বাস্তবায়নকারী হিসেবে আমরা কাজ না করার চেষ্টা করবো।

৫. আমরা সংস্কৃতি এবং প্রথাকে সম্মান করবো।

৬. দুর্যোগ সাড়াদানে স্থানীয় সক্ষমতা বৃদ্ধিতে আমাদের চেষ্টা থাকবে।

৭. ত্রাণ সহায়তা ব্যবস্থাপনা কার্যক্রমে সুবিধাভোগীদের সম্পৃক্ততার উপায় খুঁজে বের করা হবে।

৮. দুর্যোগ এবং মৌলিক চাহিদা মেটাতে, ত্রাণ সহায়তার প্রচেষ্টা থাকবে অবশ্যই যাতে ভবিষ্যৎ সম্ভাব্য বিপদাপন্নতা হ্রাস পায়।

৯. আমরা যাদের সহায়তা করতে চাই এবং যাদের কাছ থেকে আমরা সহযোগিতার জন্য সম্পদ গ্রহণ করি, তাদের উভয়ের কাছেই আমরা নিজেদের দায়বদ্ধ রাখি।

১০. আমাদের তথ্য, প্রচার এবং বিজ্ঞাপন কার্যক্রমে, দুর্যোগে আক্রান্ত ব্যক্তিদের আমরা হতাশায় নিমজ্জিত ব্যর্থ ব্যক্তি নয় বরং মর্যাদাপূর্ণ মানুষ হিসেবে স্বীকৃতি দেব।

# ন্যূনতম মানদণ্ডগুলি একটি সামঞ্জস্যপূর্ণ পন্থার উন্নয়ন সাধন করে:

মানদণ্ডগুলি, বিদ্যমান প্রমাণ এবং মানবিক অভিজ্ঞতাকে প্রতিফলিত করে এবং বৃহৎ ঐক্যমতের ভিত্তিতে উৎকৃষ্ট চর্চাকে উপস্থাপন করে। যেহেতু মানদণ্ডগুলি মানবাধিকারকে অবিচ্ছেদ্যভাবে উপস্থাপন করে, তাই এগুলির প্রয়োগ সার্বজনীন। মানদণ্ডগুলি কার্যকরভাবে প্রয়োগ করতে হলে, সুনির্দিষ্ট প্রেক্ষাপটে যে সাড়াদান হচ্ছে তা অবশ্যই পর্যবেক্ষণ এবং বিশ্লেষণ করতে হবে।

### মানদণ্ডগুলির কাঠামো:

মানদণ্ডগুলি এমন একটি প্রচলিত কাঠামো প্রকাশ করে যা এর পাঠককে সার্বজনীন ব্যাখ্যাগুলি বুঝতে সাহায্য করে। মানদণ্ডগুলি অর্জনে, এগুলো ধারাবাহিকতার সাথে মূল কাজ, মূল সূচক এবং নির্দেশনার পাদটিকাগুলি অনুসরণ করে।

মর্যাদার সাথে জীবনের অধিকারের নীতি হতে মানদণ্ডগুলি উদ্ভুত হয়েছে। সাধারণ এবং গুণগত, এগুলিই হলো মানদন্ডগুলির স্বাভাবিক বৈশিষ্ট্য, যা সঙ্কটে সাড়াদানের ক্ষেত্রে ন্যূনতম মান অর্জনের পথ প্রদর্শন করে। মূল মানবিক মান এর সমতূল্য হলো ‘প্রতিশ্রুতি’ এবং ‘মানের নির্ণায়ক’।

ন্যূনতম মান অর্জন করতে মূল কাজগুলি বাস্তবধর্মী রূপরেখা প্রদান করে। এগুলির হলো পরামর্শ যা সকল প্রেক্ষাপটে প্রযোজ্য নাও হতে পারে। তাই পরিকল্পনাকারী বা অনুশীলনকারীদের পরিস্থিতি অনুযায়ী সবচাইতে প্রাসঙ্গিক উপায় অনুসরণ করা উচিত।

মান অর্জিত হচ্ছে কিনা তা পরিমাপ করতে মূল সূচকগুলি সংকেত হিসেবে কাজ করে। সূচকগুলি মান এবং সাড়াদানের সমগ্র সময়কালের বিপরীতে প্রক্রিয়া এবং কর্মসূচির ফলাফল গ্রহণ করতে একটি উপায় প্রদান করে। সূচক অর্জনের জন্য সর্বনিম্ন গ্রহণযোগ্য পর্যায় হলো ন্যূনতম পরিমাণগত প্রয়োজনীয়তা এবং সেক্টর এর সম্মতি যেখানে প্রযোজ্য সেখানেই তা অন্তর্ভূক্ত করা হয়।

এই হ্যান্ডবুকের মধ্যে মূল মানবিক মানদণ্ড এবং অন্যান্য মানদণ্ডের ক্ষেত্রে, মূল কাজগুলিকে সহায়তা করতে নির্দেশনার পাদটিকা গুলি, সুরক্ষা নীতি সমূহের সংশ্লিষ্ট তথ্যের উৎস (Cross Reference) সহ অতিরিক্ত তথ্য প্রদান করে। মানবিক মানদণ্ডগুলি অংশীদারিত্বের অন্যান্য মানদণ্ডগুলি ও তথ্যের উৎস (Cross Reference) প্রদান করা হয়েছে।

## মূল সূচকগুলির সমন্বয়ে কাজ করা:

কোনো বিষয়ে মান অর্জিত হচ্ছে কিনা তা পরিমাপ করতে স্ফিয়ার এর মূল সূচকগুলি হলো একটি পদ্ধতি। মানগুলি প্রয়োগের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত, যাতে এগুলির ব্যবহার কোন বিভ্রান্তি তৈরী না করে। মানগুলি সার্বজনীন, কিন্তু মূল সূচকগুলি মূল কাজগুলির মতো অবশ্যই ‘প্রেক্ষাপট এবং সাড়াদানের পর্যায়’ উভয়ের আলোকে বিবেচিত হবে । তিন ধরনের স্ফিয়ার সূচক রয়েছে: ন্যূনতম প্রয়োজনীয় মান অর্জিত হয়েছে কিনা তা প্রক্রিয়া সূচকগুলির (Process Indicators) দ্বারা যাচাই করে। উদাহরণস্বরূপ: খাদ্য নিরাপত্তা, জীবিকা নির্বাহের উপায় এবং টিকে থাকার কৌশল নির্দিষ্ট মানের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা বিশ্লেষণে ব্যবহার করা। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর: খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি মূল্যায়ন মান ১.১: খাদ্য নিরাপত্তা মূল্যায়ন।*

অগ্রগতি-সূচকগুলির (Progress Indicators) অর্জন মনিটর করতে সংশ্লিষ্ট সূচকগুলির পরিমাপক এর একক প্রদান করে। এই অগ্রগতি সূচকসমূহ ভিত্তিরেখা নির্ধারণে, অংশীজন ও ষ্টেকহোল্ডারদের লক্ষ্য নির্ধারণে এবং লক্ষ্যে উপনীত হওয়ার জন্য পরিবর্তনগুলি পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে ব্যবহার করা উচিত। উদাহরণ স্বরূপ: পরিবারগুলি সবসময় শতভাগ পরিষ্কার ও ঢেকে রাখা পাত্রে নিরাপদ পানি সংরক্ষণ করে কি-না তা পর্যবেক্ষণ করা। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর: পানি সরবরাহের মান ২.২: পানির গুণগত মান।* যদিও পানির সন্তোষজনক মান হলো ১০০, তারপরেও পরিকল্পনাকারীদের উচিত বাস্তবতার ভিত্তিতে সূচকটিকে সংযুক্ত করা। ভিত্তিরেখার বিপরীতে এবং সময়ের সাথে সাথে নির্ধারিত লক্ষ্যের দিকে অগ্রগতি পর্যবেক্ষণ করা।

লক্ষ্য সূচকগুলি (Target Indicators) হলো সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য লক্ষ্য। ন্যূনতম পরিমাপযোগ্য বৈশিষ্ট্যের নিম্নে যার মান পূরণ করা হচ্ছে না। যত দ্রুত সম্ভব সে লক্ষ্যমাত্রায় পৌঁছাতে হবে, কারণ লক্ষ্যমাত্রা কম হলে সামগ্রিক কর্মসূচির সাথে আপোস করা হবে। উদাহরণস্বরূপ: ছয় মাস থেকে পনের বছর বয়সী শিশু যারা হামের টিকা গ্রহণ করেছে, এর শতাংশ: লক্ষ্যমাত্রা হলো ৯৫ শতাংশ। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর: স্বাস্থ্য পরিচর্যা- শিশু স্বাস্থ্যের মান ২.২.১: শৈশবের ভ্যাকসিন প্রতিরোধযোগ্য রোগসমূহ।*

## অন্যান্য মানদণ্ডগুলির সাথে সম্পর্ক:

মানবিক সহায়তায় জীবনের সাথে মর্যাদার অধিকারের সমগ্র দিক স্ফিয়ার হ্যান্ডবুকে অন্তর্ভূক্ত নয়। বিভিন্ন সেক্টরে অংশীদার সংস্থাগুলিও স্ফিয়ার এর অনুরূপ দর্শণ এবং অঙ্গীকার এর উপর ভিত্তি করে বিভিন্ন মান তৈরী করেছে, যা স্ফিয়ার এর পরিপূরক। এগুলি স্ফিয়ার এর মাধ্যমে পাওয়া যায় এবং সংস্থা গুলির নিজস্ব ওয়েবসাইটে রয়েছে।

- Livestock Emergency Guidelines and Standards (LEGS): LEGS Project
- Minimum Standards for Child Protection in Humanitarian Action (CPMS): Alliance for Child Protection in Humanitarian Action
- Minimum Standards for Education: Preparedness, Response, Recovery: Inter-Agency Network for Education in Emergencies (INEE)
- Minimum Economic Recovery Standards (MERS): Small Enterprise Education and Promotion (SEEP) Network
- Minimum Standard for Market Analysis (MISMA): Cash Learning Partnership (CaLP)
- Humanitarian Inclusion Standards for Older People and People with Disabilities: Age and Disability Consortium

# ২. বিভিন্ন প্রেক্ষাপটে মান

বিভিন্ন প্রেক্ষাপটে মানবিক সাড়াদানের কাজ বাস্তবায়ন করা হয়। প্রত্যেকেরই মর্যাদাপূর্ণ জীবনের যে অধিকার রয়েছে, তাতে সাড়াদানের কাজে ন্যূনতম মানদণ্ড নিশ্চিত করার ক্ষেত্রে কিছু বিষয় রয়েছে। এই বিষয়গুলো তার অন্তর্ভূক্ত:

- মানবিক সাড়াদানের কাজটি কোন ধরনের পরিবেশে বাস্তবায়ন করতে হচ্ছে;
- জনসংখ্যা জুড়ে পার্থক্য এবং ব্যক্তিদের মধ্যে বৈচিত্র;
- কর্মসুচী এবং লজিষ্টিক্স এর বর্তমান বাস্তবতায় কিভাবে এবং কি ধরণের মানবিক সাড়াদান বাস্তবায়িত হবে;
- মূল শর্তাবলী এবং লক্ষ্য নির্ধারণ সহ; বিভিন্ন প্রেক্ষাপটে নির্ভূল ভিত্তিরেখা এবং সূচকসমূহ।

সংস্কৃতি, ভাষা, সাড়াদানকারীদের সক্ষমতা, নিরাপত্তা, প্রবেশাধিকার, পরিবেশগত অবস্থা এবং সম্পদ, এগুলি দুর্যোগে সাড়াদানের ক্ষেত্রে প্রভাবক হিসেবে কাজ করবে। দুর্যোগে সাড়াদানের ক্ষেত্রে সম্ভাব্য নেতিবাচক প্রভাব সম্পর্কে অনুমান এবং সেগুলিকে নিয়ন্ত্রণে আনার জন্য কাজ করাও সমানভাবে গুরুত্বপূর্ণ। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি ১ ও ২ এবং মূল মানবিক মান প্রতিশ্রুতি ৩।*

স্ফিয়ার হ্যান্ডবুক হলো মান ও জবাবদিহিতার জন্য একটি স্বেচ্ছাসেবী আচরণবিধি, যা সর্বাপেক্ষা সম্ভাব্য মান নিশ্চিতকরণ এবং এক্ষেত্রে দায়িত্বশীল হওয়াকে উৎসাহিত করার জন্য তৈরি করা হয়েছে। এটি ‘কীভাবে করব’ সেই নির্দেশিকা নয় বরং মানুষের মর্যাদার সঙ্গে বেঁচে থাকার এবং সঙ্কট থেকে পূর্বের অবস্থায় ফিরে আসার জন্য ন্যূনতম কী করণীয় তার বর্ণনা।

স্ফিয়ার নির্ধারিত মান মেনে চলার অর্থ প্রধান সকল পদক্ষেপ বাস্তবায়ন করা বা মানের প্রধান সকল সূচক পূরণ করা নয়। বরং, এটি নির্ভর করবে প্রতিষ্ঠানটির সামর্থ্যের উপর, কিছু বিষয় থাকবে যা তার নিয়ন্ত্রণের বাইরে। ক্ষতিগ্রস্থ মানুষের কাছে পৌঁছানোর সক্ষমতা বা রাজনৈতিক ও অর্থনৈতিক সঙ্কট কিছু ক্ষেত্রে মান অর্জন অসম্ভব করে তুলতে পারে। কোন কোন প্রেক্ষাপটে ক্ষতিগ্রস্থ মানুষের কাছে পৌঁছাতে, বা রাজনৈতিক ও অর্থনৈতিক নিরাপত্তাহীনতা স্ফিয়ার এর মানদন্ডগুলি অর্জন অসম্ভব করে তুলতে পারে।

যে সকল ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীর জীবনযাপনের ন্যূনতম মান ছাড়িয়ে যায়, সেসব ক্ষেত্রে বিবেচনা করুন কীভাবে সম্ভাব্য বৈষম্য হ্রাস করা যায়; যেমন- কমিউনিটিভিত্তিক সেবা প্রদান। কিছু পরিস্থিতিতে জাতীয় প্রশাসন ন্যূনতম চাহিদা নির্ধারণ করতে পারে যা স্ফিয়ার এর ন্যূনতম মান হতে উন্নত।

মর্যাদা সহ জীবনের সাথে সম্পর্কিত মৌলিক অধিকারসমূহের একটি প্রকাশ হলো স্ফিয়ার এর মান সমূহ, এবং যা অপরিবর্তনীয়। সূচক এবং ন্যূনতম প্রয়োজনীয়তা সমূহকে প্রেক্ষাপট অনুযায়ী উপযোগী করা প্রয়োজন হতে পারে। যে ক্ষেত্রে মানসমূহ সমাঞ্জস্যপূর্ণ হয় না, সেক্ষেত্রে ন্যূনতম প্রয়োজনীয়তাগুলি কমিয়ে আনার প্রস্তাবসমূহ সতর্কতার সাথে বিবেচনা করুন। কোন পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্টদের সাথে সম্মিলিতভাবে সিদ্ধান্ত নিন এবং ন্যূনতম মান এর বিপরীতে প্রকৃত অগ্রতিতে ঘাটতির বিষয়টি ব্যাপকভাবে রিপোর্ট করুন। একই সাথে, মানবিক সংস্থাগুলিকে অবশ্যই মান পূরণ না করায় তা জনসংখ্যার উপর যে নেতিবাচক প্রভাব ফেলছে তার মূল্যায়ন করতে হবে এবং কোন প্রকার ক্ষতি হলে তা প্রশমিত করার পদক্ষেপ গ্রহন করতে হবে। সাড়াদানের এই শুন্যস্থানটি নিয়ে এ্যাডভোকেসী করুন এবং এই সূচকগুলির লক্ষ্য অর্জনে যতদ্রুত সম্ভব চেষ্টা করুন।

## সমগ্র কর্মসূচী-চক্রে মানগুলির প্রয়োগ

সমগ্র কর্মসূচী- চক্রে স্ফিয়ার নির্ধারিত মান নিশ্চিত করা উচিত। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে নিরূপন থেকে বিশ্লেষন, কৌশল নির্ধারণ, পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়ণ, কর্মসূচী বাস্তবায়ন ও পর্যবেক্ষণ, এবং মূল্যায়ন ও শিখন প্রক্রিয়া।

## যাচাই ও বিশ্লেষণ

চাহিদা নিরূপন এবং বিশ্লেষণের জন্য স্ফিয়ার প্রতিটি সেক্টরে ন্যূনতম মূলমানগুলির একটি ভিত্তি প্রদান করে এবং প্রতিটি অধ্যায়ে যাচাইয়ের চেকলিষ্ট এর একটি তালিকা প্রদান করা হয়েছে। একটি সঙ্কটের সূচনাতেই, স্ফিয়ার এর মানসমূহ তাৎক্ষনিক চাহিদা নির্ধারণে এবং চাহিদাসমূহ পূরণে অগ্রাধিকার ভিত্তিক কাজ নির্ধারণে সহযোগিতা করে। ন্যূনতম সাড়াদানের বিস্তৃত প্রভাব পদ্ধতিগতভাবে প্রণয়ণে সহায়তা করতে একটি পরিস্থিতি বা প্রক্রিয়ার পরিকল্পনা এবং সহায়তার ন্যূনতম স্তরগুলির একটি বিশ্বব্যাপী রূপরেখা প্রদান করা হয়েছে। এছাড়াও মানগুলি সংস্থা এবং সেক্টরগুলির মধ্যে সমন্বয় উন্নত করতে ভূমিকা রাখে।

## কৌশল নির্ধারণ ও কর্মসূচি প্রণয়ন

মূল মানবিক মান ও ন্যূনতম মানদণ্ডগুলি জরুরি প্রয়োজনে সঠিক সময়ে সঠিক মানবিক সহায়তা প্রদানের জন্য সাড়াদান পরিকল্পনায় সহায়তা করে। ক্ষতিগ্রস্ত মানুষের পূর্ণ অংশগ্রহণ এবং জাতীয় ও স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় সকল ক্ষেত্রে মান অর্জনের জন্য অপরিহার্য।

অগ্রাধিকার নির্ধারণ করতে, পরিস্থিতি বা প্রক্রিয়ার পরিকল্পনা নির্ধারণ এবং সেক্টরজুড়ে সমন্বয় সাধনে গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং সূচকগুলি একটি কাঠামো প্রদান করে। এটি নিশ্চিত করতে সাহায্য করে যে, সেক্টর ভিত্তিক সাড়াপ্রদান একে অপরকে শক্তিশালী করে এবং চাহিদা পূরণে মানুষের নিজস্ব ক্ষমতা ব্যবহারে সহায়তা করে। মূল কাজ এবং সূচকসমূহ যে গুণগত সহায়তার রূপরেখা প্রণয়ন করে, তা অর্জন করা উচিত। মূল কাজ এবং সূচকসমূহ সাড়াদানের বিষয়টি বিশ্লেষণের জন্য একটি ভিত্তি প্রদান করে, যা চিহ্নিত চাহিদাগুলো পূরণ এবং সম্ভাব্য ক্ষতিকারক পার্শ্ব-প্রতিক্রিয়া হ্রাসের সর্বোত্তম উপায় চিহ্নিত করে।

কর্মসূচি পরিকল্পনার ক্ষেত্রে সাধারণত বিভিন্ন ধরনের সাড়াদানের বিষয় বিশ্লেষণ করা হয়ে থাকে। যেমন, পণ্যের ধরণ, নগদ সহায়তা, সরাসরি সেবার ব্যবস্থা, টেকনিক্যাল সহায়তা বা এইগুলি একসাথে বিশ্লেষণ করা হয়। বিভিন্ন ধরনের সাড়াদানের মধ্যে সমন্বয়ের বিষয়টি সাধারণত সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়। কীভাবে সহায়তা প্রদান করা উচিত, এর তার পরিবর্তে কী করা উচিত তার উপর ন্যূনতম মানদণ্ড গুরুত্বারোপ করে।

বাজার ব্যাবস্থা ভিত্তিক কর্মসূচীর একটি রূপ হলো নগদ সহযোগিতা, মানবিক প্রয়োজন মেটাতে ক্রমশ: এর ব্যবহার বাড়ছে। নগদ সহায়তার ক্ষেত্রে বিবেচনার বিষয়গুলো স্ফিয়ার এর হ্যান্ডবুক জুড়ে সকল অধ্যায়ে বর্ণনা করা হয়েছে। নগদ সহায়তা সাধারণত বিভিন্ন সেক্টরের চাহিদার পাশাপাশি নির্দিষ্ট সেক্টরের চাহিদা মেটাতে ব্যবহৃত হতে পারে। এটি বৈষম্যমূলক চর্চা প্রতিরোধ করতেও ব্যবহার করা যেতে পারে। বৈষম্যের ফলে সম্পদে নারীর অধিকার ও সম্পদ পরিচালনার বিষয়ে তাদের সিদ্ধান্ত গ্রহণের অধিকার ক্ষুণ্ন হয়। সহায়তার ক্ষেত্রে বিভিন্ন উদ্দেশ্যে অর্থ প্রদান একটি কার্যকর মাধ্যম হতে পারে এবং সকল সেক্টরজুড়ে মানগুলি পূরণ করে। একাধিক সেক্টরের প্রয়োজনের বিশ্লেষণ, প্রেক্ষাপটের বৈচিত্রতা, বাজারের কার্যকারিতা এবং একটি সম্ভাব্য যাচাই, অবশ্যই সকল নগদ ভিত্তিক সহায়তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

সকল সেক্টরই যে বাজার ব্যবস্থা ভিত্তিক কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এমনটি নয়। এই ঘটনা সুনির্দিষ্টভাবে সরাসরি সেবা প্রদানকারীদের জন্য বা যারা টেকনিক্যাল সহায়তা প্রদান করেন। স্বাস্থ্য ও পুষ্টি

সেবাপ্রদানকারীরা বিদ্যমান স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সহযোগিতা পাওয়ার বিষয়টি নির্ধারণ করতে পারেন এবং স্থানীয় জনস্বাস্থ্য বিষয়ক কাজগুলি গ্রহণ করতে পারেন যা বাজার ব্যবস্থা ভিত্তিক এর মাধ্যমে পরিচালিত হয় না।

কোন সহায়তা সবচাইতে ভাল বিতরণ করা যেতে পারে; এই উপায়টি নির্ধারণে, স্থানীয় মানুষের সাথে আলোচনা, বাজার বিশ্লেষন, সেবা প্রদানের উপায় সম্পর্কে দক্ষতা, এবং সাপ্লাই চেইন সম্পর্কে একটি ধারণা ও লজিষ্টিক্স ব্যবস্থাপনার সক্ষমতা প্রয়োজন হবে। পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে সাড়াদানের এই বিশ্লেষণটি পুন:যাচাই করা উচিত। ⊕ *পরিশিষ্ট দেখুন: বাজারের মাধ্যমে সহায়তা প্রদান।*

## বাস্তবায়ন

যদি স্ফিয়ার এর মানগুলি ক্ষতিগ্রস্ত জনসংখ্যার মধ্যে সকলের বা কিছু গোষ্ঠীর ক্ষেত্রে পূরণ করা সম্ভব না হয়, তার কারণ অনুসন্ধান করুন এবং বৈসাদৃশ্য ও সেইসাথে কী পরিবর্তন করতে হবে সেগুলি ব্যাখ্যা করুন। সুরক্ষা এবং জনস্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি সমূহসহ নেতিবাচক প্রভাবসমূহ যাচাই করুন। এই সমস্যাসমূহকে প্রতিবেদন আকারে সংরক্ষণ করুন এবং সম্ভাব্য ক্ষতি হ্রাসের উপযুক্ত উপায় সনাক্ত করতে অন্যান্য সেক্টর ও ক্ষতিগ্রস্থ মানুষের সাথে সক্রিয়ভাবে কাজ করুন।

## পর্যবেক্ষণ, মূল্যায়ন, জবাবদিহিতা ও শিখন

ব্যবস্থাপনার সিদ্ধান্তের ক্ষেত্রে, সময়োপযোগী এবং প্রমান-ভিত্তিক; পর্যবেক্ষণ (Monitoring), মূল্যায়ন (Evaluation), জবাবদিহিতা (Accountability) ও শিখন (Learning) [MEAL] সহযোগিতা করে। এটি মানবিক কার্যক্রমসমূহকে পরিবর্তিত পরিস্থিতির সাথে মানিয়ে নিতে সামঞ্জস্যপূর্ণ করে। ন্যূনতম মানসমূহের প্রতিটিরই সূচক রয়েছে যাতে সেগুলি অর্জিত হচ্ছে কিনা তা নির্ধারণ করতে পর্যবেক্ষণ করা যেতে পারে, সেগুলি ন্যায়সঙ্গতভাবে জনসংখ্যার সকল অংশের জন্য অর্জন করা হচ্ছে কিনা বা সূচক অর্জনে আরো কি পরিমানে কাজ করা প্রয়োজন তা নির্ধারণে সহযোগিতা করে। নিয়ম-নীতি এবং ভবিষ্যতের প্রস্তুতি উন্নত করতে এবং সক্রিয়ভাবে জবাবদিহিতাকে উৎসাহিত করতে মূল্যাযন শেখার ক্ষেত্রে সহযোগিতা করে। প্রকৃত মানবিক কাজে বৃহত্তর শেখার প্রচেষ্টায় MEAL পদ্ধতিটিও অবদান রাখে।

## বিপদাপন্নতা এবং সক্ষমতাসমূহ অনুধাবন

সমগ্র হ্যান্ডবুক জুড়ে 'মানুষ' শব্দটি বিস্তৃত অর্থে ব্যবহৃত হয়েছে, স্ফিয়ার এই বিশ্বাসকে প্রতিফলিত করে যে, প্রতিটি ব্যক্তিরই মার্যাদার সাথে জীবনের অধিকার রয়েছে এবং তাই তাদের সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। বয়স নির্বিশেষে 'মানুষ' শব্দটিকে নারী, পুরুষ, ছেলে ও মেয়ে হিসেবে উদ্বৃত করতে হবে; একই সঙ্গে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, জাতীয়তা, জাতি, বর্ণ, নৃতাত্ত্বিক পরিচয়, স্বাস্থ্যগত অবস্থা, রাজনৈতিক সংশ্লিষ্টতা, যৌন অভিযোজন, লিঙ্গ পরিচয় বা অন্য কোন বৈশিষ্ট্য যা দিয়ে তাঁরা নিজেদের সংজ্ঞায়িত করতে পারে।

ক্ষমতা এবং সম্পদ ব্যবস্থাপনায় বা নিয়ন্ত্রণে সকল মানুষ সমান নয়। ব্যক্তি ও গোষ্ঠী সমূহের মধ্যে দক্ষতার, প্রয়োজনের এবং বিপদাপন্নতার ভিন্নতা রয়েছে, যা সময়ের সাথে সথে পরিবর্তিত হয়।

## সময়ের সঙ্গে পরিস্থিতি ও প্রবণতা মূল্যায়ন করুন

- কারা ক্ষতিগ্রস্থ
- প্রয়োজন ও নাজুকতা
- মোকাবেলা কৌশল ও সক্ষমতা
- বাস্তুচ্যুত? ভ্রাম্যমাণ?
- ক্ষতিগ্রস্থমানুষের অগ্রাধিকার কী?

- সুরক্ষা হুমকি ও ঝুঁকি
- নিরাপত্তা পরিস্থিতি ও আইনের শাসন
- সহায়তা প্রদানের ব্যবস্থা
- অভাবী মানুষের নিকট পৌছার ব্যবস্থা?
- দুর্যোগে ঋতুগত বৈচিত্র্য

- অংশীদার ও পারস্পরিক সম্পর্ক
- উত্তর দাতাদের সক্ষমতা ও অভিপ্রায়
- কর্তৃপক্ষ ও অন্য অংশীজনের সাড়াদান পরিকল্পনা
- স্থানীয় মানুষের ভূমিকা

- বিদ্যমান পণ্য ও পরিষেবা
- বাজার ব্যবস্থা ও সাপ্লাই চেইন
- অবকাঠামোগত সক্ষমতা
- সেবা দানকারী (অর্থনৈতিক ও অন্যান্য)
- লজিস্টিক সক্ষমতা ও সীমাবদ্ধতা

↓

## বিশ্লেষণ করুন এবং অগ্রাধিকার ঠিক করুন

বিশ্লেষণ করুন, কোন সমস্যাগুলোর সমাধান জরুরি? কোন শ্রেণির মানুষদের জন্য? কোন এলাকার মানুষকে অগ্রাধিকার দিতে হবে? কোন সময়সীমার মধ্যে সমাধান করতে হবে? কোন ধরনের মান বজায় রাখতে হবে?

↓

## বিকল্পগুলো পর্যালোচনা করুন এবং সিদ্ধান্ত নিন কীভাবে সেবা দেবেন

**আপনার প্রেক্ষাপটে বিদ্যমান বিকল্পগুলো বিবেচনা করুন:**

- সরাসরি সেবা প্রদান
- পণ্য বিতরণ
- কারিগরি সহায়তা
- মার্কেটভিত্তিক প্রোগ্রামিং
- নগদ সহায়তা

**এগুলো থেকে আপনার মূল্যায়নের ভিত্তিতে করে সাড়াদান পদ্ধতি গ্রহণ করুন:**

- আবশ্যকীয়তা এবং কার্যকারিতা সময়োপযোগিতা
- সম্ভাব্যতা
- সক্ষমতা
- মর্যাদা
- সুরক্ষা
- হুমকি, ঝুঁকি
- স্থিতিস্থাপকতা
- জাতীয় বিবেচনা
- সরকারি নীত

↓

## এমন কর্মসূচি গ্রহণ করুন, যার ভিত্তি গুণগত মান ও জবাবদিহিতা

**দেখার বিষয়**

- লিঙ্গ, বয়স ও অক্ষমতা অনুসারে তথ্য আলাদা করুন
- নাজুকতা এবং সুরক্ষা টেকসই কিংবা রূপান্তর

**যোগাযোগ এবং জবাবদিহিতা**

- মতামত ও অভিযোগ জানানোর ব্যবস্থা
- সমন্বয়
- পদ্ধতিগত কমিউনিটি সমাবেশ

**পর্যবেক্ষণ, প্রক্রিয়া, উন্নয়ন ও ফলাফল**

- সূচক নির্বাচন
- তথ্যের যথাযথ বিভাজন

**স্থানান্তর ও প্রস্থান কৌশল**

- স্থানীয় অংশগ্রহণ ও মালিকানা
- জাতীয় ব্যবস্থা ও মালিকানা
- অংশীদারিত্ব

মানগুলি প্রয়োগে পরিস্থিতি বোঝা (ফিগার ১)

ব্যক্তির কারণগুলির মধ্যে বয়স, লিঙ্গ, পঙ্গুত্ব, এবং আইনী বা স্বাস্থ্যগত অবস্থা অন্তর্ভূক্ত যা সহায়তার সুযোগকে সংকুচিত করতে পারে। এগুলি এবং অন্যান্য কারণগুলি উদ্দেশ্যমূলক বৈষম্যের ভিত্তি হতে পারে। একটি ভালো কর্মসূচীর জন্য মৌলিক বিষয় হলো সকল বয়সী ও সকল ধরণের নারী, পুরুষ, মেয়ে ও ছেলেদের সাথে পরিকল্পনা ও নিয়মানুযায়ী আলোচনা যা ভিন্ন ভিন্ন ভাবে এবং সকলের সংমিশ্রণে হতে হবে। তরুণ বা বৃদ্ধ, একজন নারী বা মেয়ে, একজন বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি বা সংখ্যালঘু জাতিসত্ত্বার ব্যক্তি ইত্যাদি পরিচয়, ব্যক্তিকে সার্বজনীনভাবে বিপদাপন্ন করে তোলে না। বরং এর সঙ্গে আরও কিছু প্রেক্ষাপট রয়েছে যা ব্যক্তিকে শক্তিশালী বা বিপদাপন্ন করতে পারে কিংবা কোনো ব্যক্তি বা গোষ্ঠীর জন্য সহায়তার সুযোগ কমাতে পারে।

প্রত্যন্ত অঞ্চলে, অনিরাপদ বা দুর্গম এলাকায় বসবাসের ফলে সমগ্র কমিউনিটি কিংবা গোষ্ঠীও অনেক সময় বিপদাপন্ন হতে পারে যার ফলে তাঁরা সীমিত সহায়তা ও সুরক্ষা পেয়ে থাকে। জাতীয়তা, জাতিসত্ত্বা, ভাষা কিংবা ধর্মীয় বা রাজনৈতিক পরিচয়ের অনেক গোষ্ঠী যথাযথ সেবা থেকে বঞ্চিত হতে পারে এবং বৈষম্যের শিকার হতে পারে। সেখানে নিরপেক্ষতার নীতি প্রতিফলনের জন্য বিশেষ মনোযোগের প্রয়োজন।

যখন গোষ্ঠীসমূহ কর্মসূচী তৈরীর প্রক্রিয়ায় যুক্ত থাকে সেক্ষেত্রে মানবিক সাড়াদান আরও ব্যাপক, অন্তর্ভূক্তিমূলক এবং আরো টেকসই ফলাফলের হতে পারে। ক্ষতিগ্রস্ত জনসংখ্যার অন্তর্ভূক্তি এবং তাদের অংশগ্রহণের ক্ষেত্রে মর্যাদাপূর্ণ জীবনই মৌলিক বিষয়।

## সমগ্র জনসংখ্যার ভিন্ন ভিন্ন তথ্য

অনেক পরিস্থিতিতে জনসংখ্যার ভিন্ন ভিন্ন তথ্য খুঁজে পাওয়া বা তাদের সঙ্কট বোঝা কঠিন। তবে সংগৃহীত তথ্য আলাদা করলে বিভিন্ন গোষ্ঠীর স্বতন্ত্র চাহিদা অনুধাবন করা যাবে এবং পদক্ষেপ নেওয়ার ফলে কী ধরনের পরিবর্তন হয়েছে তাও স্পষ্ট হবে। এটি সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সনাক্ত করতে সাহায্য করতে পারে। এটি নির্দেশ করে তাদের নিকট মানবিক সহায়তা পৌঁছানো সম্ভব কিনা এবং তারা মানবিক সহায়তা ব্যবহার করতে পারবে কিনা, কিংবা তাদের কাছে পৌঁছানোর জন্য আরও কিছু করা প্রয়োজন কিনা। লিঙ্গ বা বয়স, অক্ষমতা, জাতি, ধর্ম, বর্ণ বা অন্য যে কোনো বিষয় যা সহায়তা পৌঁছানোর পথে প্রতিবন্ধক হতে পারে- এমন বিষয়গুলোর তথ্য আলাদা করুন।

বয়সের সাধারণ তথ্যের জন্য জাতীয় তথ্য-সংগ্রহ পদ্ধতির মতো একই পদ্ধতি ব্যবহার করুন। জাতীয় পদ্ধতি সমগোত্রীয় না হলে তবে প্রদত্ত টেবিলটি ব্যবহার করুন। নবজাতক, শিশু, যুবক, নারী বা বয়স্ক ব্যক্তিদের মতো নির্দিষ্ট গোষ্ঠীর জন্য আরও আলাদা তথ্য প্রয়োজন হতে পারে।

### শিশু

শিশুরা অধিক নাজুক এবং যে কোনো ক্ষতিগ্রস্ত জনসংখ্যার উল্লেখযোগ্য অংশ কিন্তু সে অনুপাতে তারা দৃশ্যমান কম থাকে। বয়স ও বিকাশের পর্যায় অনুসারে শিশুদের ক্ষমতা ও চাহিদার পরিবর্তন হয়। তাদেরকে ক্ষতি থেকে সুরক্ষিত রাখতে এবং মৌলিক পরিষেবার ন্যায়সঙ্গত সুবিধা নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

সঙ্কটের সময় শিশুরা অপুষ্টি, পরিবার থেকে বিচ্ছিন্ন হওয়া, পাচার, সশস্ত্র বাহিনীতে অন্তর্ভূক্তি এবং শারীরিক বা যৌন সহিংসতা ও নির্যাতনসমূহের কারনে তাদের জীবন হুমকির সম্মুখীন হয়। এক্ষেত্রে এগুলি প্রত্যেকটির জন্য জরুরি ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

| লিঙ্গ | অবস্থা | বয়স | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ০-৫ | ৬-১২ | ১৩-১৭ | ১৮-২৯ | ৩০-৩৯ | ৪০-৪৯ | ৫০-৫৯ | ৬০-৬৯ | ৭০-৭৯ | ৮০+ |
| নারী | অক্ষমতা নেই | | | | | | | | | | |
| | অক্ষমতা আছে | | | | | | | | | | |
| পুরুষ | অক্ষমতা নেই | | | | | | | | | | |
| | অক্ষমতা আছে | | | | | | | | | | |

সুরক্ষা ঝুঁকি প্রায়শ:ই অনেক কারণে জটিল হয়। উদাহরণ স্বরূপ, সশস্ত্র বাহিনীতে সৈনিক হিসাবে কিশোর এবং অল্প বয়স্ক ছেলেদের অন্তর্ভূক্তকরণের আশঙ্কা বেশি থাকে বা জোরপূর্বক শিশু শ্রমে বাধ্য করে। কিশোরী মেয়েদের যৌনকর্মী হিসেবে নিয়োগ বা পাচার করার আশঙ্কা বেশি থাকে। প্রতিবন্ধী শিশুদের পরিত্যক্ত বা অবহেলিত হওয়ার আশঙ্কা বেশি। প্রতিবন্ধী নারীদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া প্রয়োজন, কারণ তারা যৌন সহিংসতা, যৌন শোষণ এবং অপুষ্টির শিকার হয়।

সব বয়স ও পটভূমির মেয়ে ও ছেলেদের মতামত সক্রিয়ভাবে গ্রহণ করুন; যাতে কীভাবে সহায়তা প্রদান, পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হবে তাতে তাদের মতামতের প্রতিফলন ঘটে। শিশু অধিকার কনভেনশনে বলা হয়েছে, ১৮ বছরের কম বয়সী সবাই ‘শিশু’। ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী কীভাবে শিশুদের সংজ্ঞায়িত করে তা বিশ্লেষণ করুন। কোনও শিশু বা কিশোর যাতে সহায়তা থেকে বাদ না পড়ে, তা নিশ্চিত করুন।

## বয়স্ক জনগোষ্ঠী

অধিকাংশ দেশে জনসংখ্যার দ্রুত-বর্ধনশীল অংশ বয়স্ক জনগোষ্ঠী, কিন্তু মানবিক সাড়াদানের ক্ষেত্রে তারা প্রায়ই উপেক্ষিত থাকে।

অনেক সংস্কৃতিতে বৃদ্ধ বলে বিবেচিত হওয়ার ক্ষেত্রে বয়সের পরিবর্তে বিশেষ পরিস্থিতি (যেমন, দাদা-দাদী হওয়া) বা শারীরিক লক্ষণ (যেমন, সাদা চুল) বিবেচনা করা হয়। যদিও অনেকে বার্ধক্যকে ৬০ বা তদুর্ধ্ব বয়স হিসাবে সংজ্ঞায়িত করে, তবে যেখানে মানবিক সঙ্কট দেখা দেয় সেখানে ৫০ বছর উপযুক্ত হতে পারে।

বয়স্ক ব্যক্তিরা পরিস্থিতি মোকাবেলায় জ্ঞান এবং অভিজ্ঞতা সম্পন্ন এবং সকলকে সুরক্ষা প্রদান করেন, সম্পদ ব্যবস্থাপক, সমন্বয়কারী ও উপার্জনকারী হিসেবে ভূমিকা পালন করেন। তাঁরা প্রায়শ:ই ঐতিহ্য ও

ইতিহাসকে স্পষ্ট করেন এবং সাংস্কৃতিক সূত্র হিসাবে কাজ করে। বিচ্ছিন্নতা, শারীরিক দুর্বলতা, পরিবার ও সমাজের সহায়তার ব্যবস্থা না থাকা, দীর্ঘস্থায়ী অসুস্থতা, চলাফেরায় অসুবিধা এবং মানসিক ক্ষমতা হ্রাস সবই মানবিক প্রেক্ষাপটে বয়স্ক জনগোষ্ঠীর দুর্বলতা আরও বাড়িয়ে তুলতে পারে।

মানবিক সাড়াদানের প্রতিটি পর্যায়ে বয়স্ক জনগোষ্ঠীর সঙ্গে পরামর্শ করা এবং যুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করুন। বয়সের সঙ্গে উপযুক্ত ও প্রাপ্য পরিষেবা, পরিবেশ ও তথ্য বিবেচনা করুন এবং কর্মসূচি পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য বয়স-ভিত্তিক আলাদা তথ্য ব্যবহার করুন।

## জেন্ডার বা লিঙ্গ

মানুষের জীবনচক্র জুড়ে নারী ও পুরুষের মধ্যকার সামাজিকভাবে নির্মিত পার্থক্য হলো 'জেন্ডার' বা লিঙ্গ। এটি সময়ের সঙ্গে সঙ্গে এবং সংস্কৃতি ও প্রেক্ষাপটের ভিন্নতায় পরিবর্তিত হতে পারে। লিঙ্গ প্রায়শই বিভিন্ন ভূমিকা, দায়িত্ব, ক্ষমতা এবং সম্পদে নারী, মেয়ে, ছেলে ও পুরুষদের অধিকার নির্ধারণ করে। এই পার্থক্যগুলো বোঝা এবং কীভাবে এগুলো সঙ্কটের সময়ে পরিবর্তিত হয় তা অনুধাবন করা কার্যকর মানবিক কর্মসূচি এবং মানবাধিকার সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ। সঙ্কট বা দুর্যোগ লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং নারী, মেয়ে, ছেলে ও পুরুষের ক্ষমতায়নের একটি সুযোগ হতে পারে।

জেন্ডার লিঙ্গের মতো নয়, যার দ্বারা কোনো ব্যক্তির জৈবিক পরিচয় বুঝায়।

'জেন্ডার' মানে 'শুধু নারী' নয়। যদিও নারী এবং মেয়েরাই অধিকাংশ ক্ষেত্রে জেন্ডার ভূমিকায় বাধার সম্মুখীন হয়, পুরুষ ও ছেলেরাও পুরুষত্বের কঠোর নিয়মের দ্বারা প্রভাবিত হয়। আরও ন্যায়সঙ্গত সম্পর্কের উন্নয়ন এবং নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের সমান অংশগ্রহণের জন্য লিঙ্গ সমতা কর্মসূচীতে তাদের অন্তর্ভূক্তি প্রয়োজন।

## জেন্ডার-ভিত্তিক সহিংসতা

পুরুষ ও নারীর মধ্যে লিঙ্গ পার্থক্যের ওপর ভিত্তি করে যে সহিংসতা হয় তাই 'জেন্ডার-ভিত্তিক সহিংসতা'। এটি নির্দেশ করে, নারী ও পুরুষের মধ্যে কতটা বৈষম্য বিরাজমান। বিশ্বজড়ে নারী ও মেয়েদের বিরুদ্ধে সংঘটিত বেশিরভাগ নির্যাতনই জেন্ডার-ভিত্তিক সহিংসতা। দুর্যোগ বা সঙ্কটে বিভিন্ন ধরনের জেন্ডার-ভিত্তিক সহিংসতা আরও তীব্র হয়, যার মধ্যে রয়েছে সঙ্গী কর্তৃক নির্যাতন, বাল্যবিবাহ, যৌন নিপীড়ন এবং পাচার।

ব্যক্তির নিজস্ব কার্যকলাপসহ সঙ্কটের প্রভাবে সৃষ্ট যৌন নিপীড়ন এবং অপব্যবহার রোধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া সংগঠনগুলোর দায়িত্ব। যখন অসদাচরণের অভিযোগগুলো সত্য বলে প্রমাণিত হয়, তখন যথাযথ কর্তৃপক্ষের অপরাধীকে জবাবদিহির আওতায় আনা এবং মামলাগুলো স্বচ্ছভাবে মোকাবেলা করা জরুরি।

## প্রতিবন্ধী

বিশ্বের জনসংখ্যার প্রায় ১৫ শতাংশ কোনো না কোনো ধরনের অক্ষমতা নিয়ে বসবাস করে। প্রতিবন্ধী

ব্যক্তি তারা যাদের দীর্ঘমেয়াদী শারীরিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক বা ইন্দ্রিয় সংক্রান্ত অক্ষমতা রয়েছে, যা মিথস্ক্রিয়ার ক্ষেত্রে বিভিন্ন বাধার সৃষ্টি করে। যা সমাজের অন্যদের সঙ্গে সমানভাবে কার্যকর অংশগ্রহণ বাধাগ্রস্ত করতে পারে।

মানবিক প্রেক্ষাপটে প্রতিবন্ধী ব্যক্তিদের শারীরিক ভাবে পরিবেশ, পরিবহন, তথ্য ও যোগাযোগ এবং মানবিক সুবিধা বা সেবার ক্ষেত্রে বাধার সম্মুখীন হওয়ার আশঙ্কা বেশি থাকে। সাড়াদান ও কর্মসূচি তৈরীর ক্ষেত্রে সকল প্রতিবন্ধী ব্যক্তির সক্ষমতা ও চাহিদা বিবেচনা করা উচিত। তাদের অভিগম্যতা ও অংশগ্রহণে শারীরিক, যোগাযোগ ও দৃষ্টিভঙ্গিগত বাধা দূর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা উচিত। লিঙ্গ অসমতা ও বৈষম্যের কারণে প্রতিবন্ধী নারী ও মেয়েদের ঝুঁকি আরও বাড়তে পারে।

*⊕ সূত্র দেখুন: ওয়াশিংটন গ্রুপ প্রশ্ন প্রতিবন্ধীদের অবস্থা সংক্রান্ত তথ্যের জন্য এবং ⊕ আরও অধিকতর তথ্যের জন্য দেখুন বয়স্ক জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মানবিক অন্তর্ভূক্তিতে মান।*

## এইচআইভি (HIV) নিয়ে বসবাস এবং এইডস (AIDS) আক্রান্ত ব্যক্তি

নাজুকতা ও ঝুঁকি বুঝতে পারা এবং কার্যকর প্রতিক্রিয়া জানানোর জন্য একটি নির্দিষ্ট প্রেক্ষাপটে এইচআইভি এর প্রাদুর্ভাব সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ। বাস্তুচ্যুতি এইচআইভি এর নাজুকতার দিকে পরিচালিত করতে পারে এবং প্রতিরোধের ক্ষেত্রে সঙ্কট তৈরি হতে পারে। কারণ এতে এইচআইভি পরীক্ষা, যত্ন, চিকিৎসা ও সহায়তা পরিষেবাগুলিতে ব্যাঘাত ঘটাতে পারে। উচ্চ-ঝুঁকিপূর্ণ জনসংখ্যার মধ্যে সহিংসতা ও বৈষম্য থেকে রক্ষা করার জন্য নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। লিঙ্গ বৈষম্য এবং অক্ষমতা, জেন্ডার পরিচয় এবং যৌন প্রবণতার উপর ভিত্তি করে সৃষ্ট বৈষম্যের কারণে এ সঙ্কট আরও জটিল হতে পারে। একইসঙ্গে এইচআইভি এইডস এ ক্ষতিগ্রস্থ ব্যক্তি সঙ্কটকালে তাদের জন্য কোনো সেবা থাকলে সেটি গ্রহণে নিরুৎসাহিত হতে পারে। সহিংসতা, বৈষম্য ও নেতিবাচক অভিযোজন কৌশল, যেমন অর্থের বিনিময়ে যৌনতা বিশেষ করে নারী, মেয়ে ও lesbian, gay, bisexual, transgender, queer or intersex (LGBTQI) সম্প্রদায়ের জন্য এইচআইভি সংক্রমণের ঝুঁকি বাড়ায়। সর্বোচ্চ ঝুঁকির মধ্যে রয়েছে এমন পুরুষ যারা পুরুষের সঙ্গে যৌন সম্পর্কে মিলিত হয়, যারা ইনজেকশনের মাধ্যমে মাদক গ্রহণ করে, যৌনকর্মী, ট্রান্সজেন্ডার বা হিজড়া, প্রতিবন্ধী ব্যক্তি ও কারাগার এবং অন্যান্য আবদ্ধ অবস্থায় থাকা মানুষজন। ⊕ *মূল হ্যান্ডবুক এর প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা দেখুন - যৌন এবং প্রজনন স্বাস্থ্য মান ২.৩.৩: এইচআইভি।*

সময়ের সঙ্গে সঙ্গে তৎপরতা এবং সঙ্কটে ক্ষতিগ্রস্থ গোষ্ঠীর যথাযথ সেবা এইচআইভির ঝুঁকি হ্রাস করতে পারে। মানুষের শরীরে এইচআইভি ভাইরাসের উপস্থিতি এবং এইচআইভি ভাইরাসের প্রকোপ বৃদ্ধি সংক্রান্ত ভুল ধারণা দূর করুন এবং বৈষম্যের বিলোপসাধন করুন। এইচআইভিতে ক্ষতিগ্রস্থ ব্যক্তির মর্যাদার সঙ্গে বৈষম্যমুক্ত জীবনযাপনের অধিকার রয়েছে এবং তাদের বৈষম্যহীন সেবা পাওয়া উচিত।

## LGBTQI জনগোষ্ঠী

নারী-সমকামী, পুরুষ-সমকামী, উভকামী, রূপান্তরকামী (ট্রান্সজেন্ডার), Queer ও আন্ত:লিঙ্গ ব্যক্তিরা প্রায়শ:ই বৈষম্য, সামাজিক গঞ্জনা এবং যৌন ও শারীরিক সহিংসতার উচ্চ ঝুঁকিতে থাকে। তারা স্বাস্থ্যসেবা,

বাসস্থান, শিক্ষা, কর্মসংস্থান, তথ্য এবং মানবিক সুবিধা লাভের ক্ষেত্রে বাধার সম্মুখীন হতে পারে। উদাহরণস্বরূপ, LGBTQI ব্যক্তিরা প্রায়শই 'প্রচলিত' পারিবারিক ব্যবস্থার ওপর ভিত্তি করে দেওয়া সহায়তা কার্যক্রমে বৈষম্যের শিকার হয়, বিশেষ করে জরুরী বাসস্থান বা খাদ্য বিতরণের ক্ষেত্রে। এই ধরনের বাধা তাদের স্বাস্থ্য এবং বেঁচে থাকাকে প্রভাবিত করে এবং এর ফলে দীর্ঘমেয়াদী পরিণতির শিকার হতে পারে। প্রস্তুতি ও পরিকল্পনায় সুনির্দিষ্ট, নিরাপদ এবং অন্তর্ভুক্তিমূলক সুরক্ষা ব্যবস্থা সাড়াদানে অন্তর্ভুক্ত করুন। মানবিক সাড়াদানের প্রতিটি পর্যায়ে LGBTQI ব্যক্তি এবং সংস্থার সঙ্গে পরামর্শ করুন।

## মানসিক স্বাস্থ্য এবং মনোসামাজিক সহায়তা

মানবিক সঙ্কটের চাপে মানুষ ভিন্নভাবে প্রতিক্রিয়া দেখায়। দুর্যোগের প্রভাবে কেউ কেউ নাজুক হয়ে যায়, বিশেষ করে যদি তারা জোরপূর্বক বাস্তুচ্যুত হয়, পরিবারের সদস্যদের থেকে বিচ্ছিন্ন হয়, সহিংসতা থেকে বেঁচে থাকে বা পূর্বের মানসিক স্বাস্থ্যের অবস্থার সম্মুখীন হয়। ক্ষতিগ্রস্থ জনসংখ্যার দুর্দশা লাঘবে উপযুক্ত সামাজিক ও সাংস্কৃতিক মৌলিক সেবা এবং নিরাপত্তা প্রদান অপরিহার্য এবং জনসংখ্যার মধ্যে বৈষম্যসমূহ নির্ধারণ করতে হবে।

কমিউনিটির মনোসামাজিক এবং আত্ম-সহায়তা উন্নতিতে একটি নিরাপত্তামূলক পরিবেশ ভূমিকা পালন করে, যা ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের একে অন্যকে সহায়তার মাধ্যমে সামাজিক ও মানসিক অবস্থা পুনর্লাভে সহযোগিতা করে। সহায়তার ক্ষেত্রে স্বাস্থ্য সহায়তাসহ ব্যক্তি, পরিবার বা গোষ্ঠীকে লক্ষ্য করে সহায়তা গুরুত্বপূর্ণ, কিন্তু এসব সেবা মানসিক স্বাস্থ্য পেশাদারদের দ্বারা দেওয়া জরুরি নয়। এগুলো প্রশিক্ষিত এবং তত্ত্বাবধানে থাকা সাধারণ মানুষ দ্বারাও সরবরাহ করা যেতে পারে ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা মান ২.৫ দেখুন: মানসিক স্বাস্থ্যসেবা।*

ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী প্রায়শ:ই আধ্যাত্মিক বা ধর্মীয় পরিচয় প্রকাশ করে এবং তারা ধর্মীয় সম্প্রদায়ের সঙ্গে নিজেদের যুক্ত করতে পারে। এটি তাদের সঙ্কট মোকাবেলা কৌশলের একটি অপরিহার্য অংশ এবং বিস্তৃত সেক্টর জুড়ে যথাযথ সাড়াদানকে প্রভাবিত করতে পারে। এটা প্রমাণিত সত্য যে, যখন মানবিক সহায়তা দানকারীরা তাদের ধর্মীয় পরিচয় বিবেচনা করে তখন ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী উপকৃত হয়। সেখানকার ধর্মীয়গোষ্ঠী যে কোনো মানবিক সাড়াদানে অবদান রাখতে এগিয়ে আসে। মানুষকেন্দ্রিক সাড়াদান পদ্ধতিতে মানবিক কর্মীদের ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর ধর্মীয় পরিচয় সম্পর্কে সচেতন হওয়া প্রয়োজন। এক্ষেত্রে সহায়তা করার জন্য একটি টুলস (TOOLS) রয়েছে।

## কাজের পরিবেশ অনুধাবন

মানবিক সাড়াদান বিভিন্ন প্রেক্ষাপটে হয়ে থাকে। শহর থেকে গ্রাম, সংঘাত থেকে দ্রুত ছড়িয়ে পড়া বিপর্যয় এবং প্রায়শ:ই সময়ের সঙ্গে সঙ্গে এগুলির সংমিশ্রণের পরিবেশ তৈরি হয়। ক্ষতিগ্রস্থ জনসংখ্যার চাহিদা পূরণে কার্যকর সাড়াদান নির্ভর করে ভৌগোলিক, নিরাপত্তা, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং পরিবেশগত বিষয়ের ওপর। যদিও ন্যূনতম মানের বিষয়টি তাৎক্ষণিক জীবন রক্ষাকারী সহায়তার উপর গুরুত্ব দেওয়ার জন্য তৈরি করা হয়েছে। সেগুলো এমন মানবিক সাড়াদানের ক্ষেত্রে প্রযোজ্য, যা কয়েক দিন, সপ্তাহ, মাস বা এমনকি বছর পর্যন্ত স্থায়ী হয়। মানবিক সাড়াদান সময়ের সঙ্গে পরিবর্তন হওয়া এবং পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়া উচিত। একইসঙ্গে সাহায্য নির্ভরতা এড়ানো উচিত। প্রেক্ষাপট এবং

পরিস্থিতির ক্রমাগত বিশ্লেষণই বলে দেবে, কখন কর্মসূচিগুলোকে পরিবর্তিত পরিবেশের সাথে খাপ খাইয়ে নেওয়া উচিত। যেমন, নতুন নিরাপত্তা সমস্যা বা বন্যার মতো মৌসুমী সীমাবদ্ধতা।

কীভাবে সাড়াদান স্থানীয় গতিশীলতাকে প্রভাবিত করে তার চলমান মূল্যায়ন প্রয়োজন। যেমন পণ্য ও পরিষেবা সংগ্রহ বা পরিবহন ভাড়া করা প্রয়োজন যাতে মানবিক সাড়াদান সংঘাতের গতিশীলতাকে উসকে না দেয়। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি ২।*

যখন সঙ্কট দীর্ঘায়িত হয় তখন অন্তর্নিহিত পদ্ধতিগত দুর্বলতায় প্রয়োজন আরও বেড়ে যেতে পারে এবং নাজুকতা তীব্র  আকার ধারণ করতে পারে। সেজন্য অতিরিক্ত সুরক্ষা ও স্থিতিস্থাপকতা-নির্মাণ প্রচেষ্টার প্রয়োজন হয়। এর মধ্যে উন্নয়ন সহযোগিদের মাধ্যমে কিছু সমস্যার সমাধান সম্ভব।

শ্রম ও দায়িত্বের একটি সুস্পষ্ট বিভাজন প্রতিষ্ঠা করতে এবং বাস্তবতা ও গুণগত মানের পার্থক্য শনাক্ত করতে গুচ্ছ পদ্ধতির মতো সমন্বয় ব্যবস্থা প্রয়োজন। গুণগত মানহীন নকল প্রচেষ্টা এবং সম্পদের অপচয় রোধ করা গুরুত্বপূর্ণ। যৌথ পরিকল্পনা ও সমন্বিত কার্যকলাপসহ অংশীজনের মধ্যে তথ্য এবং জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমে সংস্থাগুলি আরও ভালভাবে ঝুঁকি মোকাবেলা করতে পারে এবং আরও কার্যকর সাড়াদানে ভূমিকা রাখে।

## জাতীয় এবং স্থানীয় অংশীদারদের সহায়তা

সংশ্লিষ্ট রাষ্ট্রের প্রাথমিক ভূমিকা ও দায়িত্বকে স্বীকৃতি দিয়ে হ্যান্ডবুক নির্দেশিকায় মানবিক সাড়াদানের সঙ্গে যুক্ত সকল বিষয় এবং যে দায়িত্ব মানবিক সংস্থাগুলি পালন করতে পারে তার বিস্তারিত বর্ণনা রয়েছে। সংঘাতময় পরিস্থিতিতে মানুষের কাছে পৌঁছানোর ক্ষেত্রে রাষ্ট্রীয় বা অ-রাষ্ট্রীয় অংশীদারদের ইচ্ছা গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে।

সাড়াদানের ক্ষেত্রে নেতৃত্ব ও সমন্বয়ে রাষ্ট্রীয় ভূমিকা বিভিন্ন বিষয়ের দ্বারা তৈরি, যার মধ্যে রয়েছে:

- মানবিক সাড়াদানে সমন্বয় বা বাস্তবায়নের জন্য বিশেষভাবে দায়িতপ্রাপ্ত একটি সরকারি সংস্থা থাকা (সেটি হতে পারে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা সংস্থা);
- মান নির্ধারণের জন্য মন্ত্রণালয়গুলির সমন্বিত ভূমিকা, যেমন পুষ্টি মান ও জরুরি ওষুধের মান এবং স্বাস্থ্যকর্মী থাকা;
- রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের তৎপরতা যথাযথ না হওয়া, যেমন দ্বন্দপূর্ণ এলাকায়। এই ধরনের পরিস্থিতিতে মানবিক সংস্থাসমূহের নিজস্ব সমন্বয় ব্যবস্থা স্থাপনের প্রয়োজন হতে পারে।

## দীর্ঘ মেয়াদী সঙ্কট

যখন এটি স্পষ্ট হবে যে, মানবিক সাড়াদান কয়েক মাস বা বছরেরও বেশি সময় ধরে চলতে থাকবে, তখন প্রয়োজন মেটানোর জন্য এবং মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার বিভিন্ন উপায় বিবেচনা করুন। প্রয়োজন মেটানোর জন্য বিদ্যমান সেবা দানকারী, স্থানীয় কর্তৃপক্ষ, স্থানীয় কমিউনিটি, সামাজিক সুরক্ষা নেটওয়ার্ক

বা উন্নয়নকর্মীদের সঙ্গে কাজ করার সুযোগ বাড়ান। প্রেক্ষাপট ও সুরক্ষা বিষয়গুলো বিবেচনা করতে এবং ক্ষতিগ্রস্থ মানুষের অধিকার কীভাবে প্রভাবিত করবে সেজন্য মূল্যায়ন প্রয়োজন। বিশ্লেষণ, মূল্যায়ন, সিদ্ধান্ত গ্রহণ, পর্যবেক্ষণ এবং মূল্যায়নে সক্ষম কমিউনিটিসহ উভয় লিঙ্গ ও সব বয়সের, প্রতিবন্ধী ও সব পটভূমির মানুষদের যুক্ত করুন। যতদ্রুত সম্ভব দীর্ঘমেয়াদী ও স্থায়ী সমাধান খোঁজ করুন। যখন মানবিক সহায়তাদানকারীদের দীর্ঘমেয়াদী সমাধানের সুযোগ থাকে, তখন সেগুলিকে সাময়িক ব্যবস্থার চেয়ে অগ্রাধিকার দেওয়া উচিত।

এটা সত্য, ক্ষতিগ্রস্থরা তাদের নিজস্ব প্রয়োজনে সাড়া দেয় এবং নিজেদেরকে রক্ষা করে। জাতীয় ও স্থানীয় প্রশাসন, সুশীল সমাজের সংগঠন, ধর্মীয় সংগঠন এবং অন্যান্যরা গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। এই প্রাক-সহায়তা নেটওয়ার্ক সম্পর্কে সচেতন থাকুন এবং তাদের দুর্বল করার পরিবর্তে তাদের সহায়তা করার উপায় চিহ্নিত করুন।

## নগর পরিবেশ

বিশ্বের মানুষ দিনে দিনে আরও বেশি হারে নগর ও শহরে বসবাস শুরু করছে। তাই মানবিক সহায়তাদানকারীদের অবশ্যই নগর প্রেক্ষাপটে সাড়াদানে প্রস্তুত থাকতে হবে। নগর অঞ্চলগুলি সাধারণত নিম্নলিখিত কারণে আলাদা হয়ে থাকে:

- **জনসংখ্যার ঘনত্ব:** অপেক্ষাকৃত ছোট এলাকায় মানুষ, ঘরবাড়ি, অবকাঠামো, অফিস-আদালতের উচ্চ ঘনত্ব।
- **বৈচিত্র্য:** সামাজিক, জাতিগত, রাজনৈতিক, ভাষাগত, ধর্মীয় এবং অর্থনৈতিকভাবে বিচিত্র গোষ্ঠী কাছাকাছি বাস করে।
- **গতিশীলতা:** নগর পরিবেশ উচ্চ গতিশীলতা সম্পন্ন এবং দ্রুত পরিবর্তনশীল, যেখানে ক্ষমতাও দ্রুত পরিবর্তন হয়।

নগর প্রশাসনে অধিকাংশ সময় সরকারই মূল ভূমিকায় থাকে। অন্যান্য সরকারি প্রতিষ্ঠান এবং বিভাগগুলির সাথে তাদের নিবিড় সম্পর্ক থাকে, যেমন মন্ত্রণালয়গুলোর সঙ্গে সমন্বয় এবং মৌলিক পরিষেবা, খাদ্য নিরাপত্তা ও জীবিকা বৈষম্যের যথার্থ মূল্যায়ন। নগর ও শহরের মানুষ ভাড়া দিতে, খাবার কিনতে এবং স্বাস্থ্যসেবা পেতে নগদ অর্থ ব্যয় করে। মর্যাদাপূর্ণ জীবনের জন্য প্রযোজ্য ন্যূনতম মান বজায় রেখে সহায়তা দেওয়া প্রয়োজন।

নগরাঞ্চলের বিভিন্ন জনগোষ্ঠীকে সহায়তা করার ক্ষেত্রে স্ফিয়ার নির্ধারিত ন্যূনতম মান ব্যবহার করা যেতে পারে। কিংবা, প্রতিবেশি বা এলাকাভিত্তিক পদ্ধতিতেও সহায়তা করা যেতে পারে। স্কুল, ক্লাব, নারী গোষ্ঠী এবং ট্যাক্সি চালকদের মতো নিজেদের স্বার্থরক্ষায় প্রতিষ্ঠিত গ্রুপগুলোর মাধ্যমে কিংবা প্রয়োজনে তাদের সহায়তা দেওয়া যেতে পারে। স্থানীয় ব্যক্তিবর্গের সঙ্গে কাজ করা (যেমন: বেসরকারী খাত, স্থানীয় সরকার, নেতৃস্থানীয় ব্যক্তি ও কমিউনিটি গোষ্ঠী) গুরুত্বপূর্ণ হতে পারে, তাতে প্রতিস্থাপনের পরিবর্তে বিদ্যমান পরিষেবাগুলোকেই পুনরায় চালু, সমর্থন এবং শক্তিশালী করে তোলা যেতে পারে। মানবিক সহায়তা কীভাবে পৌরসভা কিংবা সিটি করপোরেশনের বিনিয়োগ পরিকল্পনার সহায়ক হতে পারে এবং সঙ্কটের সময় ও দীর্ঘমেয়াদে তা কীভাবে কাজে লাগানো যায় সে সম্পর্কে সচেতন থাকুন।

যে কোনো পরিবেশের মতো নগর পরিবেশের প্রেক্ষাপট বিশ্লেষণে বিদ্যমান সম্পদ ও সুযোগের দিকে নজর দেওয়া উচিত। যেমন বাণিজ্য, নগদ, প্রযুক্তি, জনপরিসর, বিশেষ দক্ষতাসম্পন্ন ব্যক্তি এবং সামাজিক ও সাংস্কৃতিক বৈচিত্র্য। একইসঙ্গে ঝুঁকি ও সুরক্ষার দিকগুলোও দেখা দরকার। বিশ্লেষণের মাধ্যমে সাড়াদানের বিকল্প এবং কীভাবে সেবা দেওয়া হবে তা চূড়ান্ত করা যায়, যেমন নগদে সহায়তা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া (এটিই সর্বোত্তম উপায়)। নগর এবং শহরের নগদ-ভিত্তিক অর্থনীতি বাজার ও প্রযুক্তি নিয়ন্ত্রকদের সাথে অংশীদারিত্বের সুযোগ প্রদান করে, যা নগদ সহায়তাকে সহজতর করতে পারে।

## কমিউনিটি ভিত্তিক আবাসন

পরিকল্পিত কমিউনিটি ভিত্তিক আবাসন কিংবা ক্যাম্প লক্ষ লক্ষ মানুষের আবাসস্থল, যারা জোরপূর্বক বাস্তুচ্যুত হয়েছে। এক্ষেত্রে যথাযথ পরিবেশ নিশ্চিত করার জন্য স্ফিয়ার নির্ধারিত মান ব্যবহার করা যেতে পারে। তারা জনস্বাস্থ্যের সমস্যা মোকাবেলায় এবং স্বতঃস্ফূর্তভাবে গড়ে ওঠা বসতিগুলোতে মৌলিক পরিষেবা প্রদানের জন্য বহুমুখী কর্মসূচি গ্রহণ করতে সহায়তা করতে পারে।

যথাযথ ক্যাম্প ব্যবস্থাপনা কমিউনিটি ভিত্তিক জনবসতিতে বৃহত্তর জবাবদিহিতা ও সমন্বিত সেবা প্রদানে অবদান রাখতে পারে। যাহোক, কমিউনিটি ভিত্তিক বসতিগুলোও নির্দিষ্ট সুরক্ষা ঝুঁকি তৈরি করে। উদাহরণস্বরূপ: যখন বসতি ত্যাগ করতে দেওয়া হয়না তখন চলাচলের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হয়, সেসময় মানুষের প্রয়োজন থাকলেও বাজারে যেতে পারে না বা জীবিকার কাজে যেতে পারে না। যে কমিউনিটি অন্যদের আশ্রয় প্রদান করে বা স্থানীয় সম্প্রদায়ের প্রতিও বিশেষ মনোযোগ দেওয়া উচিত, কারণ আচরণ কিংবা সুযোগ-সুবিধার ক্ষেত্রে দুই জনগোষ্ঠীর পার্থক্য উভয়কে উত্তেজনা বা সংঘর্ষের দিকে ঠেলে দিতে পারে। এসব ক্ষেত্রে ক্যাম্পের পরিবেশের বিকল্পের জন্য চেষ্টা করা এবং স্থানীয় জনগোষ্ঠীর প্রয়োজন মেটানো ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে মর্যাদার সঙ্গে বাঁচতে সাহায্য করতে পারে।

## দেশীয় বা আন্তর্জাতিক সামরিক বাহিনীর সঙ্গে সম্পর্ক

যখন মানবিক সংস্থাগুলো দেশীয় বা আন্তর্জাতিক সামরিক বাহিনীর মতো একই এলাকায় সাড়াদান তৎপরতা চালায় তখন তাদের পরস্পরের কার্যাবলী, পদ্ধতি, ক্ষমতা ও সীমারেখা সম্পর্কে সচেতন হওয়া গুরুত্বপূর্ণ।

মানবিক সংস্থাগুলি দুর্যোগ ও সংঘাতের পরিবেশে স্থানীয় সরকারি বাহিনী, অ-রাষ্ট্রীয় সশস্ত্রগোষ্ঠী এবং আন্তর্জাতিক শান্তিরক্ষী বাহিনীসহ সামরিক বাহিনীর সঙ্গে যতটা সম্ভব নিজেদের মতো করে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারে। মানবিক কার্যক্রম পরিচালনাকারীদের মনে রাখা উচিত যে, সংশ্লিষ্ট ভূখণ্ডে সঙ্কটে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের সহায়তা ও সুরক্ষা প্রদান করার দায়িত্ব স্থানীয় সরকার বা প্রশাসনের। স্থানীয় সামরিক বাহিনী প্রায়ই এ ধরনের সহায়তা দিয়ে থাকে।

সকল মানবিক-সামরিক সংলাপ এবং সম্পর্কের সকল স্তর ও পর্যায়ে সমন্বয়ের বিষয়টি মানবিক নীতি অনুযায়ী হওয়া উচিত। কার্যকর বেসামরিক-সামরিক সমন্বয়ের তিনটি অপরিহার্য উপাদান–তথ্য আদান-প্রদান, পরিকল্পনা এবং কাজ ভাগ করে নেওয়া। তবে মানবিক কার্যক্রম পরিচালনাকারী ও সামরিক

বাহিনীর মধ্যে তথ্য আদান-প্রদানের বিষয়টি অবধাারিতভাবে কার্যক্রম পরিচালনার প্রেক্ষাপটের ওপর নির্ভর করে। মানবিক সংস্থাগুলিকে এমন তথ্য প্রদান করা উচিত নয়, যা সংঘাতের সময় একটি পক্ষকে কৌশলগত সুবিধা দেয় বা বেসামরিক নাগরিকদের বিপদে ফেলে।

কখনও কখনও সংস্থাগুলির মানবিক কার্যক্রমে সহায়তা করার জন্য সামরিক বাহিনীর বিশেষ ক্ষমতা প্রয়োগের প্রয়োজন হতে পারে। তবে মানবিক সংস্থাগুলির সামরিক সহযোগিতা কেবল অবকাঠামোগত এবং তার পরোক্ষ সহায়তার মধ্যেই সীমাবদ্ধ থাকা সঙ্গত; সরাসরি সাহায্য হতে পারে একেবারে শেষ অবলম্বন।

বাস্তবে সামরিক বাহিনীর সহযোগিতা মানবিক সংস্থার নিরপেক্ষতা এবং কাজের স্বাধীনতার ওপর প্রভাব ফেলে। তাই আগে থেকেই তা সতর্কতার সঙ্গে বিবেচনা করা প্রয়োজন। যেকোনো মানবিক-সামরিক সমন্বয়ের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত নির্দেশিকা জানা উচিত। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর মূল মানবিক স্ট্যান্ডার্ড কমিটমেন্ট ৬ এবং রেফারেন্স।*

## মানবিক সাড়াদান কার্যক্রমে পরিবেশের প্রভাব

মানুষ যে পরিবেশে বাস করে এবং কাজ করে তা তাদের স্বাস্থ্য, সুস্থতা এবং সঙ্কট থেকে পুনরুদ্ধারের জন্য গুরুত্বপূর্ণ। যথাযথ কর্মসূচি গ্রহণ করতে হলে ক্ষতিগ্রস্থ মানুষ কীভাবে আগের অবস্থায় ফিরে আসবে তার জন্য পরিবেশের উপর নির্ভরশীলতা বোঝা গুরুত্বপূর্ণ এবং সেটি ভবিষ্যতের সঙ্কট মোকাবেলা করতে ও ঝুঁকি কমাতে আরও টেকসই সাড়াদান কার্যক্রম পরিচালনায় সহায়তা করে।

মানবিক কার্যক্রম প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পরিবেশকে প্রভাবিত করে। কার্যকরী মানবিক সাড়াদানে তাই বিস্তৃত মূল্যায়ন এবং পরিস্থিতি বিশ্লেষণের পাশাপাশি পরিবেশগত ঝুঁকির বিষয়টিও গুরুত্ব দিয়ে মূল্যায়ন করা উচিত। কর্মসূচি পরিচালনায় পরিবেশগত প্রভাব হ্রাসে বিশেষভাবে মনোযোগী হওয়া উচিত এবং সে বিবেচনায় সম্পদ-সংগ্রহ, পরিবহন, উপকরণ-বাছাই, বা জমি ও প্রাকৃতিক সম্পদ ব্যবহার করলে পরিবেশের সুরক্ষা দেওয়া বা পরিবেশকে আরও ক্ষতির হাত থেকে বাঁচানো সম্ভব। ⊕ *দেখুন আশ্রয় এবং আবাসন মান ৭: টেকসই পরিবেশ।*

যেসব দেশ ও অঞ্চল দারিদ্র্যের সম্মুখীন তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতাও দুর্বল এবং সেখানে প্রাকৃতিক দুর্যোগ ও অস্থিতিশীলতার উচ্চ ঝুঁকিতে আছে, যা সামাজিক ও পরিবেশগত অবক্ষয়ের একটি চক্র তৈরি করে। এটি স্বাস্থ্য, শিক্ষা, জীবিকা এবং নিরাপত্তা, মর্যাদা ও সুস্থতার অন্যান্য উপকরণের ওপর প্রভাব ফেলে। টেকসই পরিবেশ গুণগত মানসম্পন্ন সাড়াদানের একটি গুরুত্বপূর্ণ উপাদান। ⊕ *দেখুন মূল মানবিক মানের প্রতিশ্রুতি ৩, ৯ এবং আশ্রয় এবং আবাসন মান ৭: টেকসই পরিবেশ।*

# পরিশিষ্ট

## বাজার ব্যবস্থার মাধ্যমে সহায়তা প্রদান

এই পরিশিষ্ট স্ফিয়ার হ্যান্ডবুক এর ভূমিকা ব্যাখ্যা করছে। এটি ন্যূনতম মান অর্জনের জন্য বাজার ব্যবহার করার বিষয়ে আরও তথ্য ও নির্দেশনা প্রদান করে এবং সঙ্কটে মানুষের প্রয়োজন মেটাতে সহায়তা করে। এটি মূল অধ্যায়গুলির ভিত তৈরি করে এবং টেকনিক্যাল অধ্যায়গুলির সূত্র হিসেবে কাজ করে। এভাবে এটি স্ফিয়ার হ্যান্ডবুক এর অবিচ্ছেদ্য উপাদান হিসেবে কাজ করে। কার্যকর সাড়াদানে মানবিক সহায়তাদানকারীদের বুঝতে হবে, কী কী প্রয়োজন এবং সেইসাথে কীভাবে সেগুলো যথাযথভাবে মেটানো যায়। এই বিশ্লেষণের অংশ হিসেবে বাজার কীভাবে কাজ করছে এবং স্থানীয়, জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক স্তরে কী কী পণ্য ও পরিষেবা রয়েছে তা বোঝা। এই বোঝাপড়া স্পষ্ট হয় মানবিক সাড়াদানকালে বাজার কীভাবে সহায়তা করে অন্তত সহায়তা ব্যাহত না করে।

## মানবিক সাড়া বিশ্লেষণের অংশ হিসেবে বাজার বিশ্লেষণ

অগ্রাধিকার চিহ্নিত করার চাহিদা এবং সক্ষমতা মূল্যায়ন করার পর সেই চাহিদা পূরণ করার বিভিন্ন উপায় বিশ্লেষণ করা উচিত। সাড়াদান বিশ্লেষণের মাধ্যমে নিশ্চিত করা উচিত, কীভাবে সহায়তা প্রদান করা হবে তা নির্ধারণ করার সময় যথোপযুক্তহলো কিনা, প্রাসঙ্গিক ঝুঁকি এবং সুযোগগুলি পদ্ধতিগতভাবে বিবেচনা করা হলো কিনা। একে কখনও কখনও 'পদ্ধতির পছন্দ' বলা হয়।

প্রয়োজন মেটাতে সহায়তার সর্বোত্তম উপায় চিহ্নিতকরণে প্রয়োজন:

- অগ্রাধিকার এবং সেক্টরজুড়ে ও সময়ের সঙ্গে মানুষের সহায়তা প্রাপ্তির চাহিদা বিষয়ক আলাদা তথ্য।
- পূর্ব থেকে বিদ্যমান এবং সঙ্কটে সৃষ্ট উভয় অবস্থার অর্থনৈতিক দুর্বলতা বোঝা।

সাড়াদান বিশ্লেষণের অংশ হিসেবে বাজার বিশ্লেষণ গুরুত্বপূর্ণ। এটি অগ্রাধিকার চাহিদা পূরণের সবচেয়ে কার্যকর উপায় শনাক্তকরণে সহায়তা করে; পণ্য সহায়তা, পরিষেবার বিধান, নগদ সহায়তা বা প্রেক্ষাপট অনুযায়ী এগুলোর মিশ্রিত সহায়তা করে; বাজার বিশ্লেষণ বাজারের যে কোনো সীমাবদ্ধতা চিহ্নিত করতে সহায়তা করে। একইসঙ্গে সরবরাহ ও চাহিদার বিষয়, বা নীতি, আদর্শ, নিয়ম বা অবকাঠামোসহ যা যা বাজারের কার্যকারিতাকে কমিয়ে আনে সেসব চিহ্নিত করে।

সাড়াদানের যে বিকল্পই বেছে নেওয়া হোক না কেন, তা বাজার-সংবেদনশীল হওয়া উচিত এবং জীবিকা, স্থানীয় চাকরি এবং ব্যবসা বিবেচনায় করা উচিত। স্ফিয়ার মানুষের মৌলিক সম্মান বজায় রাখার কাজ করছে। যারা সঙ্কটে ক্ষতিগ্রস্থ এবং নিজেদের আগের অবস্থায় ফিরিয়ে আনতে নিজেরাই কাজ করে তাদের জন্যেও প্রযোজ্য; মানুষজন কীভাবে পণ্য, পরিষেবা এবং আয়ের জন্য স্থানীয় বাজারের সাথে যোগাযোগ করে তা বিবেচনা করে; বাজার বিশ্লেষণ মানুষকেন্দ্রিক পদ্ধতিকে সহযোগিতা করে।

## কর্মসূচি ও বাজার

স্থানীয়, জাতীয় বা আঞ্চলিক পর্যায়ে বিভিন্ন উপায়ে বাজারের মাধ্যমে সহায়তা প্রদান করা যেতে পারে। বাজার সহায়ক ভূমিকা পালন করতে পারে, বাজারভিত্তিক কর্মসূচি সরাসরি সেবা দেওয়ার জন্য ব্যবহার করার ক্ষেত্রে বা ক্ষতিগ্রস্থ মানুষকে আরও ভালভাবে সহায়তা প্রদানের ক্ষেত্রে।

- পণ্য এবং খাদ্য নয় এমন বস্তুর স্থানীয় এবং আঞ্চলিক সংগ্রহ বাজারে সরবরাহের ক্ষেত্রে সহায়তা করে।
- নগদ সহায়তা জনগণের স্থানীয় পণ্য বা পরিষেবা ক্রয়ে সাহায্য করে এবং বাজারের চাহিদার ক্ষেত্রে সহায়তা করে।
- অবকাঠামোতে সহায়তা করে যেমন: বাজার এলাকায় সড়কের মানোন্নয়ন বা মূল্য নির্ধারণ রোধে আইনের সংস্কার; বাজারের উন্নয়ন যাতে তা ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীকে আরও ভালোভাবে সেবা দিতে পারে।

লিঙ্গ, জাতিগত পরিচয় বা প্রতিবন্ধিতা বাজারে সরাসরি শারীরিক, আর্থিক ও সামাজিক প্রবেশাধিকারকে প্রভাবিত করে। পুরুষ, নারী, যুবক এবং বয়স্ক মানুষ কীভাবে ভিন্নভাবে বাজারে যাতায়াত করবে, একটি নির্দিষ্ট জাতি গোষ্ঠীর ব্যবসায়ীরা কি ঋণ সুবিধা পেতে সক্ষম–এ দু'টি কারণ ছাড়াও অন্যান্য বিষয় বাজারে অংশগ্রহণকে প্রভাবিত করে।

বাজার-ভিত্তিক কর্মসূচি তৈরি করার ক্ষেত্রে নৈতিক ও পরিবেশগত বিষয়গুলো বিবেচনা করা উচিত। বাজারে প্রাকৃতিক সম্পদ, ইকোসিস্টেম এবং পরিবেশের ক্ষতি হলে তা মানুষকে আরও ঝুঁকির মধ্যে ফেলবে।

**পণ্য, পরিষেবা এবং বাজার:** অগ্রাধিকার ভিত্তিতে মানবিক প্রয়োজনে সাড়া দেওয়ার সময়, পণ্য ও পরিষেবা উভয়ই বিবেচনা করুন। স্ফিয়ার নির্ধারিত অধিকাংশ মান কিছু পণ্য প্রদান বা পণ্যপ্রাপ্তির সঙ্গে যুক্ত। স্বাস্থ্য এবং শিক্ষার মতো সামাজিক খাতগুলোর মান উন্নত পরিষেবার দ্বারা চিহ্নিত করা হয় এবং সেগুলি বাজারের মাধ্যমে সরবরাহ করা কোনো বিকল্প হতে পারে না। তৃতীয় পক্ষীয় সেবা প্রদানকারী বা সাব-কন্ট্রাক্টরদের সঙ্গে কাজ করার সময়, পরিষেবার মান ও পণ্য নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য পদক্ষেপ নিন। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর স্বাস্থ্য ব্যবস্থায় মান ১.৪: স্বাস্থ্য অর্থায়ন।*

কিছু ক্ষেত্রে বাজারভিত্তিক কর্মসূচি, যা পরোক্ষভাবে সেবা পেতে সহযোগিতা করে, তা যথাযথ। নগদ সহায়তা স্বাস্থ্যসেবা ক্ষেত্রে পরিবহণ সুবিধা বা শিক্ষার ক্ষেত্রে ইউনিফর্ম এবং উপকরণ ক্রয়ে সহায়তা করে। পরিবারের ব্যয়ের হিসাব রাখা সেবাগ্রহণের ব্যয় সম্পর্কে স্পষ্ট তথ্য প্রদান করে, যার মধ্যে বিনামূল্যে প্রাপ্ত সেবাও অন্তর্ভুক্ত। নগদ সহায়তার ফলাফল নিরীক্ষা করে পরিবারের ব্যয় পর্যবেক্ষণের পর্যলোচনা সঙ্গত।

পরিষেবাভিত্তিক খাতগুলো পণ্যের ক্ষেত্রে বাজারভিত্তিক কর্মসূচি বিবেচনা করতে পারে, যেমন: কীটনাশক প্রতিরোধক জাল; মানদণ্ড পূরণসাপেক্ষে সম্পূরক খাবারের সরঞ্জাম; এবং ওষুধ। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর স্বাস্থ্য ব্যবস্থার মান ১.৩: প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসা ডিভাইস।*

বেশিরভাগ ক্ষেত্রে বাজারভিত্তিক হস্তক্ষেপের সংমিশ্রণ প্রয়োজন হয়। বাজারভিত্তিক কর্মসূচিগুলির অন্যান্য কার্যক্রমের সহায়ক হতে হবে, যেমন: টেকনিক্যাল সহায়তা প্রদান। কর্মসূচি চলাকালেও এই সংমিশ্রণ বিকশিত হবে এবং পণ্য থেকে নগদ বা ভাউচারে বা এর বিপরীতে স্থানান্তরিত হতে পারে। কর্মসূচি পর্যবেক্ষণের পাশাপাশি সহায়তা নিশ্চিত করা বা সামঞ্জস্যপূর্ণ রাখার জন্য বাজার পর্যবেক্ষণ গুরুত্বপূর্ণ।

সাপ্লাই চেইন, লজিস্টিকস এবং কর্মসূচি বাস্তবায়নের মধ্যে সর্বদা সমন্বয় প্রয়োজন। এই পছন্দ এবং বিশ্লেষণ সহায়ক সরঞ্জামাদি বিষয়ক আরও নির্দেশনার জন্য ⊕ *মূল হ্যান্ডবুক এর রেফারেন্স দেখুন।*

# চেকলিস্ট

### নগদ সহায়তার জন্য চেকলিস্ট

বাজারের মাধ্যমে সহায়তা প্রদানের জন্য একটি তালিকা এই বিভাগে উপস্থাপন করা হলো। এটি কর্মসূচি পরিচালনা চক্র অনুসরণ করে এবং ন্যূনতম মান অর্জনের জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ উপাদানও অন্তর্ভুক্ত করে। প্রতিটি প্রেক্ষাপটই হবে আলাদা এবং অবকাঠামো, তথ্য সুরক্ষা, যথাযথ ব্যয় ও আর্থিক অন্তর্ভুক্তির ভিত্তিতে এসবের বিতরণ পদ্ধতিও পরিবর্তিত হবে।

### কর্মসূচির পরিকল্পনা

- কর্মসূচির উদ্দেশ্যের ওপর ভিত্তি করে মান নির্ধারণ এবং নগদ সহায়তার ক্ষেত্রে নির্দিষ্ট বিবেচনাগুলো অন্তর্ভুক্ত করুন।
- পরিবারের মধ্যে নির্দিষ্ট কোন কোন সদস্যের নগদ সহায়তা পাওয়া উচিত তা সতর্কতার সঙ্গে বিবেচনা করুন। এক্ষেত্রে স্পষ্ট ঝুঁকি মূল্যায়ন এবং যে কোনও সুরক্ষা সংক্রান্ত উদ্বেগের বিষয়গুলো দেখুন।
- কর্মসূচির প্রেক্ষাপট, উদ্দেশ্য ও আকারের ভিত্তিতে সহায়তা প্রদানের জন্য নিরাপদ, সহজ এবং কার্যকর পদ্ধতি শনাক্ত করুন। এক্ষেত্রে প্রাপকের আর্থিক জ্ঞান এবং পছন্দও বিবেচনায় নিন।
- কতটা প্রয়োজন মেটাবে এবং প্রয়োজন পূরণের খরচ কেমন হবে তার ভিত্তিতে স্থানান্তরযোগ্য অর্থের পরিমাণ হিসাব করুন।
- চাহিদা, ঋতু, আর্থিক সেবা প্রদানকারীর ক্ষমতা এবং সুরক্ষা ঝুঁকির ওপর ভিত্তি করে সহায়তা প্রদানের পরিমাণ ও সময় নির্ধারণ করুন।
- যেখানে সহজে সম্ভব সেখানে বহুক্ষেত্রীয় দৃষ্টিভঙ্গি গ্রহণ করুন।
- প্রক্রিয়া, কার্যক্রম, উৎপাদন ও ফলাফলের মাত্রা নিরীক্ষণের জন্য মূল সমস্যা এবং সংশ্লিষ্ট সূচক সংজ্ঞায়িত করুন।

## বাস্তবায়ন

- আর্থিক পরিষেবা প্রদানকারীর দরপত্রে নির্দিষ্ট প্রসঙ্গ বিবেচনা ও অন্য প্রাসঙ্গিক মাত্রা অন্তর্ভুক্ত করা এবং বাছাই করার জন্য স্পষ্ট মানদণ্ড নির্ধারণ করুন।
- সামাজিক সুরক্ষার জন্য বিদ্যমান পরিচিত সেবা প্রদান পদ্ধতি ব্যবহারের বিষয়টি বিবেচনা করুন।
- বিতরণ প্রক্রিয়া এবং ব্যক্তিগত তথ্যসুরক্ষার জন্য উপযুক্ত প্রাপক নিবন্ধন ও শনাক্তকরণ পদ্ধতি নির্ধারণ করুন।
- আর্থিক পরিষেবা প্রদানকারীর জন্য শনাক্তকরণ এবং প্রয়োজনীয় নিবন্ধন নিশ্চিত করুন।
- তথ্যসুরক্ষার ব্যবস্থা গ্রহণ ও নথিবদ্ধ করুন।
- যতটা সম্ভব বিভিন্ন সংস্থার সঙ্গে সমন্বিত সহযোগিতায় ডিজিটাল তথ্যের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন ('আন্তঃযোগাযোগ পদ্ধতি')।
- ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতিসহ নগদ বিতরণ প্রক্রিয়ায় স্পষ্টভাবে পদ্ধতি, ভূমিকা ও দায়িত্ব সংজ্ঞায়িত করুন।
- নগদ সহায়তা প্রদানের প্রক্রিয়াটি যাতে সহজ ও কার্যকর হয় তা নিশ্চিত করুন।
- ক্ষতিগ্রস্থ সকল গোষ্ঠী যাতে প্রকল্পের পুরো সময় জুড়ে নির্ধারিত পদ্ধতিতে সহজে সেবা নিতে পারে তা নিশ্চিত করুন।
- সেবাগ্রহীতা যাতে কর্মসূচির উদ্দেশ্য ও নগদ সহায়তার সময়কাল সম্পর্কে অবহিত থাকে তা নিশ্চিত করুন যাতে তারা যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।
- আর্থিক পরিষেবা প্রদানকারীরা চুক্তিভিত্তিক ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণের মাধ্যমে যে সেবাগ্রহীতার কাছে দায়বদ্ধ সে বিষয়টি নিশ্চিত করুন। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর- মূল মানবিক মান প্রতিশ্রুতি ৪ ও ৫।*

## পর্যবেক্ষণ, মূল্যায়ন ও শিক্ষণ

- বিতরণ-পরবর্তী পর্যবেক্ষণসহ নগদ সহায়তা সম্পর্কিত প্রক্রিয়া, কার্যক্রম, ফলাফল ও ঝুঁকি পর্যবেক্ষণ করুন।
- নির্ধারিত ব্যক্তি নিরাপদে, সময়মতো এবং যথাযথ পরিমাণে নগদ বা ভাউচার পেয়েছে কিনা তা পর্যবেক্ষণ করুন।
- মূল্য নিরীক্ষণের বাইরে ধারাবাহিকভাবে বাজার ও তার সাপ্লাই চেইন পর্যবেক্ষণ করুন।
- নগদ সহায়তা ও নেতিবাচক বিষয় হ্রাস করার মাধ্যমে চাহিদা বাস্তবেই পূরণ করা যায় কিনা তা মূল্যায়ন করতে গৃহস্থালীর ব্যয় পর্যবেক্ষণ করুন এবং বাজার পর্যবেক্ষণ তথ্যের সঙ্গে তার তুলনা করুন।

- নগদ সহায়তার সম্ভাব্য ঝুঁকি পর্যবেক্ষণ করুন। একইসঙ্গে সুরক্ষা, ঝুঁকি এবং প্রাকৃতিক সম্পদের উপর কোনো নেতিবাচক প্রভাব পড়ছে কিনা তা পর্যবেক্ষণ করুন।
- নগদভিত্তিক সহায়তা সম্পর্কিত ফলাফল মূল্যায়ন করুন।
- নগদ সহায়তার পছন্দ পরিবর্তনশীল চাহিদা মেটাতে কার্যকর কিনা তা নিয়মিতভাবে মূল্যায়ন করুন। মূল্যায়ন অনুসারে কর্মসূচির সমন্বয় এবং ভবিষ্যতের কর্মসূচির জন্য ক্রমাগত শেখার ব্যবস্থা করুন।

### সাপ্লাই চেইন ব্যবস্থাপনা ও লজিস্টিকস এর জন্য চেকলিস্ট

এই বিভাগে সাপ্লাই চেইন ব্যবস্থাপনা ও লজিস্টিকস বিবেচনার একটি তালিকা উপস্থাপন করা হয়েছে। এটি কর্মসূচি ব্যবস্থাপনা চক্র অনুসরণ করে এবং বিবেচনার জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ উপাদান অন্তর্ভুক্ত করে।

সাপ্লাই চেইন ব্যবস্থাপনা (SCM) পণ্য বা পরিষেবার নির্বাচন দিয়ে শুরু হয়। প্রয়োজনীয় উৎস শনাক্ত করা, প্রকিউরমেন্ট, গুণমান ব্যবস্থাপনা, ঝুঁকি ব্যবস্থাপনা (বীমাসহ), প্যাকেজিং, শিপিং, পরিবহণ, গুদামজাতকরণ, তালিকা ব্যবস্থাপনা (ইনভেন্টরি ম্যানেজমেন্ট), বিতরণ ও বণ্টন এটির অন্তর্ভুক্ত। সাপ্লাই চেইন ব্যবস্থাপনায় বিভিন্ন অংশীদার যুক্ত, এবং কার্যক্রমের মধ্যে সকল বিষয়ের সমন্বয় করা গুরুত্বপূর্ণ।
⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর- মূল মানবিক মান প্রতিশ্রুতি ৬।*

সাপ্লাই চেইন ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট দক্ষতা প্রয়োজন। প্রাসঙ্গিক দক্ষতার তালিকায় আছে–চুক্তি ব্যবস্থাপনা, পরিবহণ ও গুদাম ব্যবস্থাপনা, ইনভেন্টরি ম্যানেজমেন্ট, পাইপলাইন বিশ্লেষণ এবং তথ্য ব্যবস্থাপনা, চালান ট্র্যাকিং এবং আমদানি ব্যবস্থাপনা। ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণে এটা নিশ্চিত করা উচিত যে, সকল পণ্য বিতরণের স্থান সুরক্ষিত। তবে, পণ্য এবং পরিষেবা (নগদ সহায়তাসহ) যথার্থই সহায়তা প্রয়োজন এমন মানুষদের কাছে তা সুনিশ্চিত করার দায়িত্ব মানবিক সংস্থাগুলোর।

স্থানীয় এবং আঞ্চলিকভাবে পণ্য ক্রয় করলে স্থানীয় বাজারে আগ্রহের সৃষ্টি হয়, যা কৃষক ও উৎপাদনকারীদের আরও বেশি উৎপাদন করতে উৎসাহ যোগাতে পারে এবং ফলস্বরূপ স্থানীয় অর্থনীতি চাঙ্গা হতে পারে। তবে সরবরাহ তুলনামূলকভাবে সীমিত হলে স্থানীয় বা আঞ্চলিকভাবে দ্রব্য ক্রয় নানা কারণে বাজারে সমস্যা সৃষ্টি করতে পারে কিংবা বিদ্যমান বাণিজ্যিক নেটওয়ার্ক ব্যাহত হতে পারে। আবার আমদানির উদ্যোগ স্থানীয় বা আঞ্চলিক উৎপাদকদের জন্যে সঙ্কট তৈরি করতে পারে এবং বিদ্যমান বাণিজ্যিক নেটওয়ার্কও ব্যাহত করতে পারে।

### কর্মসূচি গ্রহণ

- বাহির থেকে সংগ্রহের আগে প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা স্থানীয়ভাবে রয়েছে কিনা তার পর্যবেক্ষণ।
- অভিজ্ঞ ও পরিচিত স্থানীয় বা আঞ্চলিক পরিবহনকারীদের সঙ্গে কাজ করার কথা বিবেচনা করুন,

যাদের স্থানীয় আইন, পদ্ধতি এবং সুযোগ-সুবিধা সম্পর্কে জ্ঞান রয়েছে এবং যারা সংশ্লিষ্ট দেশের আইন মেনে চলতে এবং যারা পণ্য বিতরণ ত্বরান্বিত করতে সাহায্য করতে পারে।

- সংঘাতপূর্ণ পরিবেশে পরিষেবা প্রদানকারীদের জন্য বিশেষভাবে কঠোর যাচাই প্রক্রিয়া অবলম্বন করুন।
- স্থানীয়ভাবে পণ্য সংগ্রহ যাতে শত্রুতা উসকে না দেয় সে ব্যাপারে সতর্ক থাকুন।
- প্রাকৃতিক সম্পদের ব্যবহার টেকসই কিনা এবং তার ব্যবহার আরও বিরোধের কারণ হতে পারে কিনা তা বিবেচনায় রাখুন।
- স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বিষয় বিবেচনা করে স্বচ্ছ, ন্যায্য এবং উন্মুক্ত পদ্ধতিতে চুক্তি সম্পাদন করুন।
- একাধিক সংস্থা যুক্ত থাকলে যথাসম্ভব স্থানীয় সম্পদের সমন্বয় করুন।

**বাস্তবায়ন**

- সরবরাহকারী, স্থানীয় ব্যবসায়ী এবং পরিষেবা প্রদানকারীদের সঙ্গে ভাল সম্পর্ক গড়ে তুলুন।
- চুক্তির পাশাপাশি নৈতিক এবং পরিবেশগতভাবে টেকসই অনুশীলনের মাধ্যমে পণ্য ও সেবার যথাযথ মান নিশ্চিত করুন।
- সাপ্লাই চেইনের সকল স্তরের কর্মীকে প্রশিক্ষণ দিন ও তত্ত্বাবধান করুন, যাতে তারা পণ্যের মান বজায় রাখতে এবং সুরক্ষা পদ্ধতির (প্রাপক এবং কর্মীদের) পাশাপাশি নৈতিক ও পরিবেশগতভাবে টেকসই অনুশীলন মেনে চলতে পারে।
- প্রশিক্ষণে অংশীদার সংস্থা এবং সেবা প্রদানকারী কর্মীদের অন্তর্ভুক্ত করুন এবং স্থানীয় ভাষায় প্রশিক্ষণ পরিচালনা করুন।
- সরবরাহ, পরিবহন ও মজুদ পরিকল্পনা, ইনভেন্টরি ম্যানেজমেন্ট, প্রতিবেদন এবং আর্থিক ব্যবস্থাসহ সবক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করুন।
- লজিস্টিকস যেমন, গুদামে পণ্য রাখার কাজে পারিশ্রমিকের বিকল্প হিসেবে খাদ্যের ব্যবহার এড়িয়ে চলুন। এই ধরণের খরচ মূল বাজেটেই অন্তর্ভুক্ত করা উচিত।
- খাদ্য এবং খাদ্য নয় এমন দ্রব্যের জন্য পৃথক গুদাম প্রয়োজন। গুদাম নির্বাচন করার সময় নিশ্চিত করা যে, সেটি বিপজ্জনক পণ্য সংরক্ষণের জন্য নয় এবং দূষণের আশঙ্কা নেই।
- বিবেচনায় রাখা প্রয়োজন: নিরাপত্তা, সক্ষমতা, সহজ সেবাপ্রাপ্তি, টেকসই কাঠামো এবং বন্যা-আশঙ্কা নেই।
- পণ্য পরিবহনের রাস্তা এবং গুদামের নিরাপত্তা ঝুঁকি মূল্যায়ন করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করুন।
- সংঘাতময় পরিস্থিতিতে যুদ্ধে লিপ্ত পক্ষগুলোর লুটপাট বা অধিগ্রহণের ঝুঁকি কমাতে নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন করুন এবং সাপ্লাই চেইনের সকল পর্যায় তত্ত্বাবধান করুন।

- বৃহত্তর রাজনৈতিক এবং নিরাপত্তার প্রভাব বিশ্লেষণ করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন, যেমন: সশস্ত্র সংঘাতের আশঙ্কা থাকলে মজুদ সরিয়ে নেওয়া। ⊕ *মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি ২ দেখুন।*
- সাপ্লাই চেইনের সকল স্তরে পণ্যের ক্ষতি হ্রাস করুন এবং ক্ষতির বিষয়ে রিপোর্ট করুন।
- যথাযথ পরিদর্শকের মাধ্যমে (যেমন খাদ্য নিরাপত্তা বিশেষজ্ঞ বা জনস্বাস্থ্য পরীক্ষাগার) ক্ষতিগ্রস্থ বা অনুপযুক্ত পণ্য পরীক্ষণ এবং প্রত্যয়ন করানো নিশ্চিত করুন।
- ক্ষতিগ্রস্থ পণ্যে স্বাস্থ্য বা নিরাপত্তার ঝুঁকি দেখা দেবার আগেই দ্রুত তার নিষ্পত্তি করুন। পণ্য নিষ্পত্তির পদ্ধতির মধ্যে রয়েছে বিক্রয় (উদাহরণস্বরূপ, প্রাণী খাদ্য) এবং মাটিতে পুঁতে রাখা বা অনুমোদন থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপস্থিতিতে পোড়ানো। সবক্ষেত্রে, অনুপযুক্ত পণ্য সাপ্লাই চেইনে পুনরায় প্রবেশ করানো উচিত নয়, যা পরিবেশের ক্ষতি করবে বা পানির উৎস দূষিত করবে।
- প্রতিদিনের ব্যবস্থাপনার মধ্যে রয়েছে সাপ্লাই চেইনে কোনো বিলম্ব বা বিচ্যুতির দ্রুত এবং যথাযথ প্রতিবেদন। যেখানে পণ্য গ্রহণ করা হয়, সংরক্ষণ করা অথবা পাঠানো হয় সেখানে স্থানীয় ভাষায় পর্যাপ্ত নথিপত্র এবং ফর্ম রাখুন এবং লেনদেনের একটি নথিভুক্ত হিসেব রাখুন। ⊕ *মূল হ্যান্ডবুক এর ওয়াশ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা দেখুন, মান ৫.১ থেকে ৫.৩।*

### পর্যবেক্ষণ, মূল্যায়ন ও শিখন

- অবিচ্ছিন্ন বিতরণ বজায় রাখতে এবং এক্ষেত্রে প্রয়োজনীয় বাধা দূর করতে পণ্য সরবরাহের ধারা পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থান নিন।
- সাপ্লাই চেইনের কর্মক্ষমতা সম্পর্কে অংশীজনদের নিয়মিত অবহিত করুন।
- মজুদ থাকা পণ্যের স্তর, প্রত্যাশিত মাত্রায় পণ্য প্রাপ্তি এবং বিতরণ সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য সাপ্লাই চেইন অংশীজনদের প্রদান করুন। সময়মতো ঘাটতি এবং সমস্যা দূর করতে মজুদের স্তর চিহ্নিত করুন। অংশীজনদের মধ্যে তথ্য ভাগাভাগি ঋণের সুবিধা দিতে পারে যা নিরবিচ্ছিন সেবা নিশ্চিত করতে পারে। সম্পদ অপর্যাপ্ত হলে পণ্যগুলোর অগ্রাধিকার ঠিক করতে হবে। সমাধান বিবেচনা করার সময় অংশীজনদের সঙ্গে পরামর্শ করুন।
- জবাবদিহিতা ও এমন যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করুন, যেখানে বিতরণ প্রক্রিয়াগুলির বিশেষত্ব স্পষ্ট হয়।
- নিশ্চিত করুন যে, বিতরণের শুরু থেকে পণ্য সনাক্ত এবং তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি রয়েছে।
- পরিবর্তিত চাহিদা পূরণে সহায়তা কার্যকর হলে নিয়মিত মূল্যায়ন করুন, সেই অনুযায়ী কর্মসূচিটি মানিয়ে নিন এবং ভবিষ্যতের কর্মসূচির জন্য ক্রমাগত শেখার বিষয়ে সহযোগিতা করুন।

# মানবিকতার ঘোষণাপত্র

# মানবিকতার ঘোষণাপত্র

মূল স্ফিয়ার হ্যান্ডবুক এ সুরক্ষার নীতিমালা, মূলমান ও ন্যূনতম মানসমূহ নির্ধারণে নৈতিক ও আইনী ভিত্তি হিসাবে কাজ করেছে এই মানবিকতার ঘোষণাপত্র। একাধারে এখানে উঠে এসেছে আইনী অধিকার ও বাধ্যবাধকতার কথা অন্যদিকে সাধারণ বিশ্বাসের রূপরেখা। আইনী অধিকার ও বাধ্যবাধকতার ক্ষেত্রে এখানে দুর্যোগ সংঘাতে আক্রান্তদের ক্ষেত্রে সবচেয়ে উপযোগী হতে পারে এমন মূল আইনী নীতিমালাগুলো স্থান পেয়েছে। সাধারণ বিশ্বাসের ক্ষেত্রে এখানে মানবিক সংস্থাগুলির মধ্যে মৌলিক নীতিমালার ক্ষেত্রে এক ধরনের ঐকমত্য তৈরির চেষ্টা করা হয়েছে। এই নীতিমালাগুলি দুর্যোগ সংঘাতকালে মেনে চলা হবে। আবার এর দ্বারা এসবকাজে জড়িতদের ভূমিকা ও দায়বদ্ধতাও নির্ধারিত হবে। এই ঘোষণাপত্র স্ফিয়ার অনুমোদিত মানবিক সংস্থাগুলির প্রদত্ত প্রতিশ্রুতির একটি ভিত্তি হিসাবে কাজ করেছে। আর এর মাধ্যমে মানবিক সহায়তার কাজে নিযুক্ত সবার কাছে এটি গ্রহণ করার আহ্বানও করা  হয়েছে।

## আমাদের বিশ্বাস

১. মানবিকতার ঘোষণাপত্রে মানবিক সংস্থাসমূহের এই সাধারণ প্রত্যয় ঘোষিত হচ্ছে যে, দুর্যোগ বা সংঘাতে আক্রান্ত প্রতিটি মানুষের সুরক্ষা ও সহযোগিতা পাওয়ার অধিকার রয়েছে যা তাঁদের সম্মানজনক জীবনকে নিশ্চিত করবে। আমরা বিশ্বাস করি, মানবিকতার ঘোষণাপত্রে যে সমস্ত নীতিমালা ঘোষিত হয়েছে  তা সার্বজনীন। দুর্যোগ বা সংঘাতে ক্ষতিগ্রস্থ যেই হোক না কেন সবাই এর আওতাভুক্ত। এমনকি যারা নিরাপত্তার জন্য সাহায্য প্রত্যাশা করে তারাও এর অঙ্গীভূত। আন্তর্জাতিক আইনে এসব নীতিমালার প্রতিফলন রয়েছে। তবে এর উৎস হলো মানবতার মৌলিক নীতিমালাসমূহ। যার মূল কথা হলো: প্রতিটি মানুষ জন্মগতভাবে স্বাধীন এবং সবার সমান মর্যাদা ও অধিকার রয়েছে। এই মৌলিক নীতিমালার উপর ভিত্তি করে আমরা দৃঢ়তার সাথে আমাদের প্রত্যয় ঘোষণা করছি যে, যেকোনো দুর্যোগ বা সংঘাত থেকে মানুষকে রক্ষা ও মানুষের দুর্গতি লাঘবে আমরা আমাদের কার্যক্রম অব্যাহত রাখবো। এই নীতিমালার কখনোই ব্যত্যয় ঘটবে না কোনভাবেই।

স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক মানবিক সংস্থা হিসাবে আমরা প্রত্যয় ব্যক্ত করছি যে এই ঘোষণাপত্রের নীতিমালাসমূহ সমুন্নত রাখতে আমরা সদা সচেষ্ট থাকবো এবং ন্যূনতম মান বজায় রেখে মানুষকে সহায়তা ও সুরক্ষা প্রদানে সহায়তা করবো। মানবিক প্রত্যয় হিসাবে ঘোষিত বিবৃতির সাথে একাত্মতা প্রকাশের জন্য আমরা মানবিক তৎপরতায় নিয়োজিত সরকারি ও ব্যক্তিগত সকল প্রতিষ্ঠানের কাছে আহ্বান জানাই যেন তারা এ সমস্ত নীতিমালা, অধিকার ও কর্তব্যকে স্বীকৃতি দেয়।

## আমাদের ভূমিকা

২. আমরা স্বীকার করি যে দুর্যোগ বা সংঘাতে আক্রান্ত মানুষ তাদের নিজেদের প্রচেষ্টায় বা কখনো স্থানীয় প্রতিষ্ঠানের সহযোগিতায় তাদের মৌলিক চাহিদাগুলো পূরণ করে। আমরা মনে করি, রাষ্ট্রের প্রাথমিক কাজ ও দায় হলো আক্রান্ত ব্যক্তিদের নিরাপত্তা বিধান করা এবং তাদের উদ্ধারে সহযোগিতা করা। আমরা বিশ্বাস করি সহায়তা প্রদানের ক্ষেত্রে সরকারি ও স্বেচ্ছাসেবী সংগঠন উভয়ের সমন্বিত প্রচেষ্টা খুবই জরুরী। আর এক্ষেত্রে রেডক্রস বা রেডক্রিসেন্ট সোসাইটির মতো জাতীয় সংগঠনগুলোর একটি অপরিহার্য দায়িত্ব হল

সরকারি কর্তৃপক্ষকে সহায়তা করা। রাষ্ট্রের যদি সক্ষমতা না থাকে সেক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায়ের তথা দাতা রাষ্ট্র এবং আঞ্চলিক সংস্থাগুলোকে দায়িত্ব উপদ্রুত রাষ্ট্রকে উদার সহায়তা প্রদান করা। জাতিসংঘ এবং আন্তর্জাতিক রেডক্রস কমিটি যে ভূমিকা পালন করে দূর্যোগকালে তা আমরা স্বীকার করি এবং এর প্রতি অকুণ্ঠ সমর্থন প্রদান করি।

৩. মানবিক সংস্থা হিসাবে, আমরা আমাদের দায়িত্বেও বিষয়টি ব্যাখ্যা করি আক্রান্ত মানুষের প্রয়োজন ও সক্ষমতা এবং সরকার বা অন্য কোন নিয়ন্ত্রক শক্তির দায়-দায়িত্বের নিরিখে সহায়তা প্রদানের ক্ষেত্রে আমাদের ভূমিকা এটাই প্রমাণ করে যে এটা যাদের দায়িত্ব ছিল, তারা তা পূর্ণাঙ্গভাবে পালন করতে সক্ষম নয় বা ইচ্ছুক নয়। মানবিক এবং এই ঘোষণাপত্রের অন্যান্য নীতিমালা যথাসম্ভব মেনে চলে আমরা যথাযথ কর্তৃপক্ষকে আক্রান্তদের সহায়তা ও ব্যবস্থা করতে যথাসাধ্য সহায়তা করবো। আমরা রাষ্ট্র এবং অ-রাষ্ট্রীয় সকল পক্ষকে আহ্বান জানাই মানবিক সহায়তা প্রদানকারী সংস্থাগুলোর নিরপেক্ষ স্বাধীন ও নির্দলীয় ভূমিকার প্রতি শ্রদ্ধা দেখাতে। সেই সাথে আমরা আহ্বান জানাই সকল অপ্রয়োজনীয় আইনী ও বাস্তবায়নের প্রতিবন্ধকতা দূর করে সংস্থাগুলোর নিরাপত্তা নিশ্চিত করে তাদেরকে যথাসময়ে কার্যকরভাবে আক্রান্ত মানুষের মাঝে থাকার সুযোগ প্রদান করার।

## সাধারণ নীতিমালা, অধিকার ও দায়িত্ব

৪. মানবিকতা ও মানবিক প্রচেষ্টার নীতিমালার আলোকে মানবিক সংস্থা হিসাবে আমরা নারী-পুরুষ, ছেলে শিশু ও মেয়ে শিশু দুর্যোগে বা সংঘাতে আক্রান্ত সবার সমান অধিকারের কথা স্বীকার করি। আন্তর্জাতিক মানবিক আইনসমূহ, মানবাধিকার ও উদ্বাস্তু আইনে ও নীতিমালায় সুরক্ষা ও সহায়তা পাবার এ সমস্ত অধিকার স্বীকৃত। এই ঘোষণাপত্রের জন্য আমরা নিম্নলিখিত অধিকারগুলো তুলে ধরছি:

- মর্যাদাসম্পন্ন জীবনের অধিকার
- মানবিক সহায়তা পাওয়ার অধিকার
- সুরক্ষা ও নিরাপত্তা পাওয়ার অধিকার

আন্তর্জাতিক আইনে ঠিক এইভাবে এই অধিকারগুলো উল্লেখ নেই, তবে ইতিমধ্যে প্রতিষ্ঠিত বিভিন্ন আইনী অধিকারগুলো এর মধ্যে ধারণ করা হয়েছে।

৫. মর্যাদাপূর্ণ জীবনের অধিকার: আন্তর্জাতিক আইনের বিভিন্ন ধারায় এর উল্লেখ আছে এর অর্থ হলো বেঁচে থাকার অধিকার, মানসম্পন্ন জীবনধারনের অধিকার এবং অত্যাচার, নির্দয় ও অমানবিক আচরণ বা শাস্তি থেকে মুক্তির নিশ্চয়তা। জীবন যখন ঝুঁকিপূর্ণ সে অবস্থায় তা রক্ষা করার দায়িত্বের কথা স্মরণ করে দেয়া হয়েছে বেঁচে থাকার অধিকার এর উল্লেখের মধ্যে। জীবন বাঁচানোর নিরন্তর চেষ্টা যেন কখনোই বন্ধ না হয় এখানে সেই দায়িত্বের কথাই বলা হয়েছে মর্যাদাপূর্ণ জীবন বলতে শুধু শারীরিকভাবে ভাল থাকাই বোঝায় না, এর অর্থ হচ্ছে মানুষের সমগ্র ব্যক্তিসত্ত্বাকে সম্মান করা- যেমন তার মূল্যবোধ ও বিশ্বাস, মানবাধিকার এবং মুক্ত চিন্তা ও ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করা।

৬. মানবিক সহায়তা পাওয়ার অধিকার: মর্যাদাসম্পন্ন জীবনের অপরিহার্য অংশ এটি। মানসম্পন্ন জীবনধারণের জন্য প্রয়োজনীয় যা কিছু অর্থাৎ- খাদ্য, পানি, বস্ত্র, বাসস্থান এবং নিরাপদ স্বাস্থ্যের সংস্থানের অধিকার এর অঙ্গীভূত আন্তর্জাতিক আইনে এই অধিকারগুলোর নিশ্চয়তা বিধান করা হয়েছে স্ফিয়ারের মূল মান বা ন্যূনতম মানসমূহের ভিতরেও এ সমস্ত অধিকারের কথা উল্লেখ এবং বাস্তবায়নের নির্দেশনা আছে, বিশেষত দুর্যোগে বা সহিংসতায় আক্রান্ত ব্যক্তিদের সহায়তার বিষয়গুলোতে। রাষ্ট্র বা অ-রাষ্ট্রীয় কর্তৃপক্ষের যদি দুর্যোগ বা সংঘাতের সময় মানুষকে প্রয়োজনীয় সহায়তা দেয়ার সামর্থ্য না থাকে তবে, আমরা মনে করি, তাদের উচিত যারা সাহায্য করতে পারবে তাদেরকে তা করতে দেয়া। এই সহায়তা দিতে হবে নিরপেক্ষভাবে, অর্থাৎ প্রয়োজন অনুযায়ী। এক্ষেত্রে কোনো বৈষম্য একেবারেই গ্রহণযোগ্য নয়। অর্থাৎ বয়স, লিঙ্গ, জাতিগত পরিচয়, বর্ণ, ভাষা, ধর্ম, পঙ্গুত্ব, স্বাস্থ্যের অবস্থা, রাজনৈতিক চিন্তা, জাতিগত ও সামাজিক পরিচয় ইত্যাদি কোনো কিছুর ভিত্তিতেই কাউকে বঞ্চিত করা যাবে না সহায়তা প্রদানের ক্ষেত্রে।

৭. সুরক্ষা ও নিরাপত্তার অধিকার: আন্তর্জাতিক আইনের বিভিন্ন ধারা, জাতিসংঘের প্রস্তাবনা এবং অন্যান্য আন্ত-রাষ্ট্রীয় সংগঠনের নানা নীতিমালা এই অধিকারের মূল ভিত্তি। রাষ্ট্র তার সীমানায় অবস্থানকারী প্রতিটি মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে দায়বদ্ধ। দুর্যোগে ও সংঘাতকালে মানুষের নিরাপত্তা দান করার বিষয়টি একটি মানবিক দায় হিসাবে স্বীকৃত উদ্বাস্তু এবং অভ্যন্তরীন বাস্তুচ্যুত ব্যক্তি বা জনগোষ্ঠীরও এই সহায়তা পাওয়ার অধিকার আছে। বয়স, লিঙ্গ বা জাতিগত অবস্থানের কারণে নির্যাতনের শিকার হবার ঝুঁকি অনেকের বেশি থাকে; তাদের সুরক্ষার জন্য বিশেষ ব্যবস্থা নিতে হবে। রাষ্ট্র যদি এই সুরক্ষা দিতে না পারে, তবে আমরা মনে করি, ঐ রাষ্ট্রকে অবশ্যই আন্তর্জাতিক সহায়তা চাইতে হবে।

বেসামরিক মানুষ এবং বাস্তুচ্যুত মানুষের সুরক্ষা সংক্রান্ত আইনের গুরুত্বপূর্ণ দিকগুলো হল:

- সশস্ত্র যুদ্ধ চলাকালে এ যুদ্ধের সঙ্গে জড়িত নয়, এমন ব্যক্তিদের জন্য আন্তর্জাতিক মানবাধিকার আইনের আলোকে বিশেষ সুবিধা দেয়ার বিধান আছে। আন্তর্জাতিক বা আন্তর্জাতিক নয় উভয় ক্ষেত্রে দু'পক্ষের জন্যই সুনির্দিষ্টভাবে ১৯৪৯ সালের জেনেভা কনভেনশন এবং ১৯৭৭ সালের অ্যাডিশনাল প্রটোকলস-এ এধরণের বাধ্যবাধকতা আছে। আমরা আক্রমণ ও প্রতি-আক্রমণের হাত থেকে সাধারণ মানুষের নিরাপত্তার প্রতি গুরুত্ব আরোপ করি বিশেষ করে সাধারণ মানুষ এবং যোদ্ধা বা সাধারণ মানুষের সম্পদ এবং সামরিক সম্পদের ভেতরে স্পষ্ট বিভাজনের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। প্রয়োজনের অতিরিক্ত শক্তি প্রয়োগ না করার নীতি (প্রপোরশনালিটি) এবং আক্রমণের ক্ষেত্রে সতর্কতা; যেসব যুদ্ধাস্ত্র নির্বিচারে হতাহত করে অথবা যেসব অস্ত্র ব্যাপক ক্ষতি সাধান করতে পারে সেগুলোর ব্যবহার বন্ধ করা জরুরী। নিরপেক্ষভাবে ত্রাণ বিতরণের সুযোগ দেয়াটাও সংশ্লিষ্ট পক্ষগুলোর দায়িত্ব। এই সমস্ত নীতিমালা যুদ্ধকালে না মেনে চললেই সাধারণ মানুষের দুর্ভোগ বেড়ে যায়।
- রাজনৈতিক আশ্রয় বা নিরাপদ স্থান লাভের অধিকার: সংঘাতে আক্রান্ত ব্যক্তিদের রক্ষায় এটি খুবই গুরুত্বপূর্ণ। দুর্যোগে বা সংঘাতের ফলে ঘর ছাড়তে বাধ্য হওয়া মানুষ নিরাপদ আশ্রয়ের খোজ করে নিজ রাষ্টে বা আশ্রিত রাষ্ট্রে আশ্রয় নেয়া ব্যক্তি যদি নিরাপদ বোধ না করেন, ১৯৫১ সালের স্ট্যাটাস অব রিফিউজিস কনভেনশন বা অন্যান্য আন্তর্জাতিক ও আবাসিক চুক্তির আলোকে তার বা তাদের কিছু মৌলিক রক্ষাকবচ রয়েছে। এর মধ্যে প্রধান হচ্ছে নন-রিফলম্যান্ট,

যার মূল কথা হলো কোনো রাষ্ট্রে জীবনের ঝুঁকি আছে, স্বাধীনতা ও শারীরিক নিরপত্তা ঝুঁকিগ্রস্থ অথবা অমানবিক আচরণ বা অত্যাচার হতে পারে এমন কাউকে তার ইচ্ছার বিরুদ্ধে ঐ রাষ্ট্রে ফেরত পাঠানো যাবেনা। অভ্যন্তরীন বাস্তুচ্যুতদের ক্ষেত্রেও বর্ধিতভাবে এই নীতিমালাগুলো প্রযোজ্য, আন্তর্জাতিক মানবাধিকার আইনে যেমনটি প্রতিফলিত হয়েছে। এ সম্পর্কিত আঞ্চলিক ও জাতীয় আইন এবং ১৯৯৮ সালের অভ্যন্তরীণ উদ্বাস্তু সংক্রান্ত গাইডিং প্রিন্সিপালস এ এর বিশদ উল্লেখ আছে।

৮. আমরা বিশ্বাস করি যে, সকল ধরনের মানবিক সহায়তার কেন্দ্রে রয়েছে ক্ষতিগ্রস্থ বা ভুক্তভোগী মানুষ। আমরা স্বীকার করি, যারা দুর্যোগগ্রস্থ বা সামাজিকভাবে বিচ্ছিন্ন মানুষ কীভাবে তাদের সর্বোত্তম সহায়তা করা যায় তা নির্ধারণে এসব মানুষের সক্রিয় অংশগ্রহণ দরকার। দুর্যোগ প্রশমন ও দুর্যোগের প্রস্তুতিতে অথবা সংঘাতের ফলে সৃষ্ট সমস্যা নিরসনে স্থানীয়ভাবে প্রচেষ্টা চালাবো এবং স্থানীয়ভাবে যারা কাজ করবেন তাদের সক্ষমতা তৈরিতে সহায়তা করব।

৯. আমরা জানি যে, মানবিক সহায়তা প্রদানের অনভিপ্রেত খারাপ প্রতিক্রিয়াও আছে। স্থানীয় সম্প্রদায় বা স্থানীয় কর্তৃপক্ষের সহায়তা স্থানীয় মানুষ ও পরিবেশের উপর মানবিক সহায়তায় খারাপ প্রভাব নিরসনে আমরা বদ্ধপরিকর। সশস্ত্র লড়াইয়ের ক্ষেত্রে, আমরা স্বীকার করি যে, সহায়তা প্রদানের প্রক্রিয়ার কারণে, সাধারণ মানুষ আক্রমণের শিকারে পরিণত হতে পারেন। আবার যুদ্ধে জড়ানো ব্যক্তিদের কেউ কেউ এসব সহায়তার অনাকাঙ্খিত সুবিধা পেতে পারেন। এসব বিষয় এড়াতে বা কমিয়ে আনতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

১০. এই ঘোষণাপত্রের মানবিক সাহায্য সংক্রান্ত নীতিমালা এবং আন্তর্জাতিক রেডক্রস ও রেডক্রিসেন্ট সোসাইটি ও দুর্যোগ ত্রাণ সংক্রান্ত বেসরকারি প্রতিষ্ঠানগুলোর আচরণবিধি মেনে আমরা আমাদের কার্যক্রম পরিচালনা করব।

১১. স্ফিয়ারের 'মূলমান' ও 'ন্যূনতম মানসমূহ' আসলে এই ঘোষণাপত্রের সাধারণ নীতিমালাগুলোর সংক্ষিপ্ত রূপ। মানবিক সহায়তা প্রদানের অভিজ্ঞতা এবং সম্মানজনক জীবনের জন্য একেবারে অপরিহার্য চাহিদা সম্পর্কে অভিজ্ঞতার আলোকেই এ সমস্ত নীতিমালা চূড়ান্ত করা হয়েছে। এই মানগুলো অর্জন বেশকিছু শর্তের উপর নির্ভর করে, যার অনেকগুলোর উপর আমাদের কোনো নিয়ন্ত্রণ নেই। তারপরেও আমরা এসব মান অর্জনে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যেতে বদ্ধ পরিকর। ক্ষতিগ্রস্থ অথবা দাতা রাষ্ট্র, আন্তর্জাতিক সংস্থা, ব্যক্তিগত অথবা অ-রাষ্ট্রীয় সংগঠনগুলোর প্রতি স্ফিয়ারের 'মূলমান' এবং 'ন্যূনতম মানসমূহ'কে গ্রহণ করে নিতে আমরা আহ্বান জানাই ।

১২. 'মূলমান' এবং 'ন্যূনতম মানসমূহ' অনুসরণ করার মাধ্যমে দুর্যোগ বা সংঘাতে আক্রান্ত মানুষের সম্মানজনক জীবন ও নিরাপত্তার অপরিহার্য চাহিদাগুলো (যথা পানি, পয়:নিষ্কাশন, খাদ্য, পুষ্টি, আশ্রয় ও স্বাস্থ্য সেবা) নিরসনে আমরা সতত আমাদের চেষ্টা বজায় রাখব। পরিশেষে আমরা রাষ্ট্র এবং মানবিক সহায়তার সাথে সংশ্লিষ্ট সবার দৃষ্টি আকর্ষণ করে বলব যে, আক্রান্ত মানুষের প্রতি তাদের নৈতিক এবং আইনী দায়বদ্ধতা আছে। সঠিক নিরূপণ, পরিবর্তনশীল স্থানীয় প্রেক্ষাপটের নিয়মিত পরিবীক্ষণ এবং তথ্য ও সিদ্ধান্ত প্রক্রিয়ার স্বচ্ছতার মাধ্যমে আমরা আমাদের কার্যক্রম কার্যকর, যথাযথ ও জবাবদিহিতামূলক

করে তুলবো। সব পর্যায়ের, সব ধরনের সংগঠনের সমন্বয়েই আমাদের কার্যক্রম পরিচালিত হবে। আক্রান্ত মানুষের সাথে তাদের সহযোগিতা নিয়ে কাজ করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা স্বীকার করি, আমরা যাদের জন্য কাজ করছি, তাদের প্রতিই আমাদের দায়বদ্ধতা ।

# আশ্রয় এবং আবাসন

মানবিকতার ঘোষণাপত্র

সুরক্ষার মূলনীতি

মানবিকতার মূল মানদণ্ড

## আশ্রয় এবং আবাসন

| পরিকল্পনা | স্থান এবং আবাসন পরিকল্পনা | বসবাসের স্থান | পরিবারের উপকরণ | কারিগরি সহযোগিতা | মেয়াদের নিরাপত্তা | পরিবেশগত স্থায়িত্ব |
|---|---|---|---|---|---|---|
| **মানদণ্ড ১** পরিকল্পনা | **মানদণ্ড ২** স্থান এবং আবাসন পরিকল্পনা | **মানদণ্ড ৩** বসবাসের স্থান | **মানদণ্ড ৪** পরিবারের উপকরণ | **মানদণ্ড ৫** কারিগরি সহযোগিতা | **মানদণ্ড ৬** মেয়াদের নিরাপত্তা | **মানদণ্ড ৭** পরিবেশগত স্থায়িত্ব |

**পরিশিষ্ট ১** আশ্রয় এবং আবাসন মূল্যায়ন চেকলিষ্ট
**পরিশিষ্ট ২** আবাসন পরিস্থিতিসমূহের বর্ণনা
**পরিশিষ্ট ৩** আবাসন পরিস্থিতির সম্পূরক বৈশিষ্ট্যগুলি
**পরিশিষ্ট ৪** সহায়তার বিকল্পগুলি
**পরিশিষ্ট ৫** বাস্তবায়নের বিকল্পগুলি
**পরিশিষ্ট ৬** সম্ভাব্য সহায়তা এবং আবাসন পরিস্থিতির সাথে সংযুক্ত বাস্তবায়নের বিকল্পগুলি

# সূচিপত্র


**আশ্রয় এবং আবাসন এর অপরিহার্য ধারণাসমূহ** ........ **৩৮**

১. পরিকল্পনা ........ ৪৫

২. স্থান এবং আবাসন পরিকল্পনা ........ ৪৯

৩. আবাসস্থল ........ ৫৫

৪. গৃহস্থালী সামগ্রী ........ ৫৯

৫. টেকনিক্যাল সহায়তা ........ ৬৩

৬. মেয়াদের নিরাপত্তা ........ ৬৭

৭. পরিবেশগত স্থায়িত্ব ........ ৭১

**পরিশিষ্ট ১** আশ্রয় এবং আবাসন মূল্যায়ন চেকলিষ্ট ........ **৭৫**

**পরিশিষ্ট ২** আবাসন পরিস্থিতির বর্ণনা ........ **৮০**

**পরিশিষ্ট ৩** আবাসন পরিস্থিতির সম্পূরক বৈশিষ্ট্য ........ **৮২**

**পরিশিষ্ট ৪** সহায়তার বিকল্প ........ **৮৪**

**পরিশিষ্ট ৫** বাস্তবায়নের বিকল্পগুলি ........ **৮৭**

**পরিশিষ্ট ৬** সম্ভাব্য সহায়তা এবং আবাসন পরিস্থিতির সাথে সংযুক্ত বাস্তবায়নের বিকল্পগুলি ...... **৮৮**

# আশ্রয় এবং আবাসন এর অপরিহার্য ধারণাসমূহ

**প্রত্যেকেরই পর্যাপ্ত বাসস্থানের অধিকার রয়েছে**

আশ্রয় এবং আবাসন এর জন্য স্ফিয়ার এর ন্যূনতম মানগুলি হলো মানবিক প্রেক্ষাপট বিবেচনায় পর্যাপ্ত আবাসন এর ক্রমবিকাশ। মানগুলি হলো ঘোষিত মানবতার সনদ যা বিশ্বাস, নীতি, কর্তব্য এবং বৃহত্তর অধিকারের উপর ভিত্তি করে গঠিত। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে মানুষের মর্যাদার সাথে বেঁচে থাকা, সুরক্ষা ও নিরাপত্তার অধিকার এবং প্রয়োজনের ভিত্তিতে মানবিক সহায়তা পাওয়ার অধিকার।

যে সকল আইন এবং নীতিমালার উপর ভিত্তি করে মানবিকতার ঘোষণাপত্র রচিত হয়েছে, তার একটি তালিকা ব্যাখ্যা এবং মন্তব্যসহ মানবিক সহায়তা প্রদানকারী কর্মীদের জন্য মূল হ্যান্ডবুক এর পরিশিষ্ট: ১ এ প্রদান করা হয়েছে।

আশ্রয় এবং আবাসন উভয়ের মধ্যে পরস্পর একটি আন্ত-সম্পর্ক রয়েছে এবং উভয়কেই অবিচ্ছিন্ন ভাবে বিবেচনা করা প্রয়োজন। 'আশ্রয়' হলো একটি পরিবারের বসবাসের স্থান, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে ঐ পরিবারের দৈনন্দিন প্রয়োজনীয় উপকরণগুলি। 'আবাসন' হলো এমন একটি বৃহৎ স্থান, যেখানে অনেকগুলি পরিবার এক বা একাধিক কমিউনিটি হিসেবে বসবাস করে।

**আশ্রয় এবং আবাসন এর কার্যক্রমের লক্ষ্য হলো বসবাসের জন্য একটি নিরাপদ পরিবেশ প্রদান:**

উপযুক্ত সময়ে আক্রান্ত জনগোষ্ঠীকে আশ্রয় এবং আবাসন সহযোগিতা প্রাথমিক অবস্থায় তাঁদের জীবন বাঁচাতে পারে। একইসাথে প্রতিকূল আবহাওয়া থেকেও সুরক্ষা প্রদান করে, মানসম্পন্ন স্বাস্থ্যাভ্যাস বজায় রাখার জন্য আশ্রয় অপরিহার্য, সেইসাথে তা পারিবারিক এবং কমিউনিটির জীবনযাপনকে স্বাচ্ছন্দ করে এবং মানুষের মর্যাদা, নিরাপত্তা এবং জীবিকার সুযোগ তৈরিতে ভূমিকা পালন করে। ⊕ *চিত্র: ৮ দেখুন।*


এটি লক্ষ্যণীয় যে, বছরের পর বছর যে সকল মানুষ বাস্তুচ্যুত অবস্থায় বসবাস করছে, তার গড় সময় ক্রমশ:ই বেড়ে চলেছে। অনেক বছর বা দশক ধরে যে স্থানে বাস্তুচ্যুত মানুষের আশ্রয় এবং আবাসন অবস্থিত, সেক্ষেত্রে ঐ স্থানের পারিপার্শ্বিক অবস্থার পরিকল্পনাও গুরুত্বপূর্ণ, যার মাধ্যমে ক্ষতিগ্রস্থ মানুষ তাদের মর্যাদা নিশ্চিত করতে পারে এবং পুনরায় পূর্বের অবস্থায় ফেরার সহযোগিতা পেতে পারে।

আশ্রয় এবং আবাসন সহায়তা আক্রান্ত পরিবার, কমিউনিটি, সুশীল সমাজ এবং সরকারের বিদ্যমান সক্ষমতাকে প্রাধান্য দিয়ে গ্রহণ করা উচিত। এটি স্থানীয় পর্যায়ে বিদ্যমান কৌশলগুলি বিকাশের সুযোগ বৃদ্ধি করে, যা ক্ষতিগ্রস্থ মানুষের স্বয়ংসম্পূর্ণতা এবং তাঁর নিজস্ব ব্যবস্থাপনাকে উৎসাহিত করে। পুনরায় পূর্বের অবস্থায় ফেরার প্রক্রিয়া শুরু করতে নিরাপত্তা বোধ এবং কমিউনিটি ও এর সামাজিক সংহতি অপরিহার্য।

আশ্রয় এবং আবাসন কার্যক্রমে শুধুমাত্র অবকাঠামো তৈরি, উপকরণ বা একটি আশ্রয় নির্মাণের মধ্যে সীমাবদ্ধ নয়। কর্মসূচির বিকল্প উপায়গুলির মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে নিরাপদ ভূমি, আশ্রয় পাওয়া এবং প্রয়োজনীয় গৃহস্থালী উপকরণ। এগুলোর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে কারিগরি সহযোগিতা এবং গুণগত মানের

নিশ্চয়তা, যা ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীকে আরও নিরাপদে ভালোভাবে গড়ে উঠতে ক্ষমতায়িত এবং সচল করে। এ কারণে জাতীয় ভূমি এবং সম্পত্তি বিষয়ক আইন-কাঠামো সম্বন্ধে জানা অপরিহার্য। পাশাপাশি অবস্থা নিরূপণের জন্য জাতীয় শরণার্থী আইন এবং এ সংক্রান্ত পদ্ধতিসমূহ সম্পর্কে বোঝাও সমানভাবে গুরুত্বপূর্ণ।

সহযোগিতার ধরন যাই হোক না কেন, কমিউনিটি এর বিদ্যমান কাঠামো এবং সামাজিক সংহতিকে নির্বিশেষে উৎসাহিত করা সবসময়ই গুরুত্বপূর্ণ।




আশ্রয় কী প্রদান করে (চিত্র ৮)
*যথোপযুক্ত জরুরী আশ্রয়ের কিছু কর্মপ্রণালী, আশ্রয় কর্মসূচীর লক্ষ্য অবশ্যই পরিবারগুলির এই প্রয়োজনসমূহ পূরণ করা।*

প্রতিটি পরিবার এবং কমিউনিটি এর বিভিন্ন মাত্রা এবং ভিন্ন ভিন্ন প্রকারের সহযোগিতা প্রয়োজন হয়। ভূমির মেয়াদ এবং পর্যাপ্ত প্রয়োজনীয় নথি হলো নিরাপদ আশ্রয় সহায়তা গ্রহণের একটি মৌলিক আবশ্যিক শর্ত। যা-ই হোক, দ্বন্দ নিরসনে যেখানে ভূমির মেয়াদ সম্পর্কিত বিষয়গুলি অমিমাংসিত রয়ে গেছে, আশ্রয় কর্মসূচি সেক্ষেত্রে জটিল হতে পারে। *দেখুন: আশ্রয় এবং আবাসন এর মান ৬: মেয়াদের নিরাপত্তা।*

ক্রমশই আবাসন পরিকল্পনায় দীর্ঘমেয়াদী বাস্তুচ্যুতি এবং পুনরায় পূর্বের অবস্থায় ফেরার গুরুত্বের বিবেচনা অপরিহার্য হয়ে পরেছে। অধিকাংশ ক্ষেত্রে সীমিত ভাবে হলেও, বাস্তুচ্যুতি স্থানীয় সম্পদ এর উপর চাপ তৈরি করার পাশাপাশি, স্থানীয় কমিউনিটির মধ্যে উত্তেজনা বাড়াতে পারে। পরিবেশের উপর নেতিবাচক প্রভাব ও তা প্রতিরোধ সম্পর্কে বোঝা মানসম্পন্ন কর্মসূচির মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে। যদি পরিবেশ বিষয়ক সমস্যাগুলি বিবেচনার জন্য গ্রহণ করা না হয়, তাহলে আশ্রয় এবং আবাসন কর্মসূচিগুলি শেষ পর্যন্ত ফলপ্রসূ নাও হতে পারে। যেহেতু স্বল্প সময়ের ফলাফল নতুন সমস্যার কারণ হতে পারে এবং যা পরবর্তীতে আরো অর্থের প্রয়োজনীয়তার ক্ষেত্র তৈরি করবে। দেখুন ⊕ *আশ্রয় এবং আবাসন ৭: পরিবেশগত স্থায়িত্ব।*

**নগর কেন্দ্রিক আশ্রয় এবং আবাসন কর্মসূচির জন্য সুনির্দিষ্ট দক্ষতার প্রয়োজন:**

জনসংখ্যা উচ্চ ঘনত্ব, অবকাঠামোগত চাহিদা, সরকারি বিধিমালা এবং কমিউনিটিগুলির মধ্যে সামাজিক বৈচিত্রতার কারণে নগরাঞ্চলে মানুষদের সহযোগিতার ক্ষেত্রটি জটিল হতে পারে। সঙ্কটকালীন সময়ে এবং তার পরবর্তী অবস্থায় ক্রমাগত স্থানান্তর এর মধ্যে থাকা মানুষের সাথে যোগাযোগ এবং সহায়তা কঠিন হয়, বিশেষ করে যখন পর্যাপ্ত বসবাসের স্থান পাওয়ার বিষয়টি আসে। যদি এমন কোন জটিল অবকাঠামো (যেমন; উঁচু ভবন) ক্ষতিগ্রস্থ হয়, সেক্ষেত্রে মানবিক সংস্থাগুলিকে একাধিক স্বত্ত্বাধিকারী, ভাড়াটে, বিধি বহির্ভূত বসতি স্থাপনকারীদের সাথে মিশ্র ভাড়া ব্যবস্থা নিয়ে কাজ করতে হবে।

নগর প্রেক্ষাপটে কাজ করার জন্য নগর বিষয়ক পরিকল্পনা ও নকশা সংক্রান্ত দক্ষতা এবং বাসস্থান, ভূমি ও সম্পত্তি সম্পর্কিত অধিকার, আইন ও নীতি বিষয়ক ব্যবহারিক জ্ঞান প্রয়োজন। স্থানীয় বাসস্থান এবং অর্থনৈতিক বাজার ব্যবস্থা সম্পর্কে ধারণা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর জন্য সিভিল সোসাইটি এবং বেসরকারি খাতকে যুক্ত করার জন্য প্রস্তুত থাকতে হবে। স্থিতিশীল বাজার ভিত্তিক সমাধানের জন্য বেসরকারি খাত ভূমিকা পালন করতে পারে। কর্মসূচিগুলি স্থানীয় নিয়ম এবং পরিষেবার ভিত্তির উপর গড়ে তুলুন এবং সমানভাবে একটি অন্য ধারা তৈরি এড়িয়ে যেতে হবে। আবাসন এর জন্য বিস্তৃত একটি কর্মসূচি তৈরি করতে, পারিপার্শ্বিক অথবা এলাকা পর্যায়ে আক্রান্ত জনসংখ্যার কল্যাণে স্থায়ী অবদান প্রদানের সম্ভাবনা বেশি। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর বাজার ব্যবস্থায় সহায়তা প্রদান।*

**সঙ্কট পরবর্তী আবাসনে বিভিন্ন পরিস্থিতি বিবেচনা করা প্রয়োজন:**

কোথায় এবং কীভাবে ক্ষতিগ্রস্থ মানুষ তাদের আশ্রয় খুজে পাবে, এটি নির্ভর করবে তাদের ভূমি থাকার সক্ষমতা বা তাদের স্থানান্তরিত হওয়ার প্রয়োজনীয়তার উপর। সঙ্কট পরবর্তী প্রেক্ষাপটে একটি পদ্ধতিগত আশ্রয় এবং আবাসন সহযোগিতার পরিকল্পনা বিবেচনা করা বিকল্পগুলির প্রথম ধাপ। যারা বাস্তুচ্যুত, সরাসরি ক্ষতিগ্রস্থ কিন্তু বাস্তুচ্যুত নয় অথবা পরোক্ষ ভাবে আক্রান্ত, এসব ক্ষেত্রে উপযোগী পদ্ধতি বোঝা গুরুত্বপূর্ণ। ⊕ *চিত্র ৯ দেখুন*

পরিস্থিতি অনুকূলে থাকলে, অধিবাসীরা তাদের নিজস্ব মালিকানাধীন বা ভাড়াকৃত ভূমি অথবা অনানুষ্ঠানিক ভাবে দখলকৃত আবাসন বা ভূমি বসবাসের জন্য পছন্দ করতে পারেন। বাস্তুচ্যুত নয় এমন পরিবার গুলিকে সহযোগিতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বাসস্থানগুলির মেরামত বা পুনর্গঠন অন্তর্ভূক্ত থাকতে পারে।

বাস্তুচ্যুত জনসংখ্যা স্থানীয় ভাবে নিজেদের দেশের মধ্যে বা পার্শ্ববর্তী দেশগুলোর সীমানায় ছড়িয়ে পড়তে পারে। এই ধরণের পরিস্থিতিতে তারা নিজেদের জন্য বাসস্থান ভাড়া নিতে পারে, বসতি স্থাপন করতে পারে বা অন্যদের দ্বারা আশ্রিত হতে পারে। কিছু বাস্তুচ্যুত পরিবার একসাথে যৌথ বসবাসের জন্য একত্রিত হতে পারে অথবা একটি পরিকল্পিত বা অপরিকল্পিত আবাসনে আশ্রয় নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

এই আবাসন দৃশ্যগুলির মাধ্যমে সঙ্কট সম্পর্কিত সহায়তার কৌশল পরিকল্পনা তৈরীতে সাহায্য করবে। এতে আক্রান্ত জনসংখ্যার সুনির্দিষ্ট শ্রেণি অনুযায়ী সবচেয়ে কার্যকর এবং উপযুক্ত সহায়তা প্রদানের পদ্ধতি নির্বাচন প্রক্রিয়া অন্তর্ভূক্ত। আদর্শগতভাবে একটি স্থিতিশীল সমাধানে পৌঁছাতে, এটির ক্রমবর্ধমান রিকভারীতে অবদান রাখা উচিত।

যৌক্তিক ব্যাখ্যা এবং একত্রে ব্যবহারের উদ্দেশ্যে এই অধ্যায়ের মান এবং পরিশিষ্টগুলি:

পরিশিষ্ট ২: আবাসন পরিস্থিতির বর্ণনা

পরিশিষ্ট ৩: আবাসন দৃশ্যের সংযোজিত বৈশিষ্ট্য

**এই ন্যূনতম মানগুলি বিচ্ছিন্নভাবে প্রয়োগ করা উচিত নয়:**

এই অধ্যায়ের ন্যূনতম মানগুলি পর্যাপ্ত ও উপযুক্ত আশ্রয় অধিকারের মূল বিষবস্তুকে প্রতিফলিত করে এবং বিশ্বব্যাপী এই অধিকারের অগ্রগতিমূলক ধারণাতে অবদান রাখে।

পর্যাপ্ত আশ্রয় অধিকার, পানি ও পয়:নিষ্কাশন এবং খাদ্য ও স্বাস্থ্য অধিকারের সাথে যুক্ত। একটি ক্ষেত্রে স্ফিয়ার এর ন্যূনতম মান অর্জনের অগ্রগতি অন্যান্য ক্ষেত্রের অগ্রগতিকে প্রভাবিত করে। একটি সাড়াদান ফলপ্রসূ করার জন্য, অন্যান্য সেক্টরের সাথে সমন্বয় এবং তাদের সহযোগিতা প্রয়োজন।

**অধিষ্ঠিত/ স্থায়ী জনসংখ্যার সঙ্কট পূর্ববর্তী প্রেক্ষাপট**

↓

**মানুষের বসবাসের স্থানে সঙ্কটের প্রভাব**

↓

## সঙ্কট পরবর্তী আবাসন পরিস্থিতি

**বাস্তুচ্যুত হয়নি এমন জনসংখ্যা**

১. স্বত্ত্বাধিকারী কর্তৃক অধিকৃত বাসস্থান বা ভূমি
২. ভাড়াকৃত বাসস্থান বা ভূমি
৩. বিধিবহির্ভূতভাবে অধিকৃত বাসস্থান বা ভূমি

**বাস্তুচ্যুত জনসংখ্যা বিস্তৃত এলাকা জুড়ে ছড়ানো**

১. ভাড়া ব্যবস্থা
২. স্থানীয় পরিবার কর্তৃক আশ্রয় প্রদান ব্যবস্থা
৩. স্বতঃস্ফূর্ত ব্যবস্থা

**কমিউনিটি ভিত্তিক**

১. যৌথ বাসস্থান
২. পরিকল্পিত আবাসন
৩. অপরিকল্পিত আবাসন

**পরোক্ষভাবে আক্রান্ত জনসংখ্যা**

১. আশ্রয় প্রদানকারী জনসংখ্যা

↓ ↓ ↓

**টেকসই সমাধান**
**পুনর্গঠন**
**পুনর্বাসন**
**পুনর্মিলন**

সঙ্কট পরবর্তী চিত্র: ফিগার ৯

**সহায়তা প্রদানের বিকল্প নির্ধারণ এবং বাস্তবায়ন**

# টেকসই/স্থায়ী সমাধান

## পুন:নির্মাণ পুনর্বাসন পুনরায় একত্রিত করা

স্থানীয় কর্তৃপক্ষ এবং সাড়াদানকারী অন্যান্য সংস্থাগুলির সাথে সমন্বয় এটি নিশ্চিত করতে সাহায্য করে যে, প্রয়োজনগুলি পূরণ করা হয়েছে, সহযোগিতার পুনরাবৃত্তি হয়নি এবং খাদ্য নিরাপত্তা ও পুষ্টির সাড়াদানে ভারসাম্য করা হয়েছে। মূল হ্যান্ডবুকটি জুড়ে ক্রস-রেফারেন্স হিসেবে কিছু সম্ভাব্য সম্পর্কযুক্ত পরামর্শ প্রদান করা হয়েছে।

উদাহরণস্বরূপ, আক্রান্ত জনসংখ্যার স্বাস্থ্য এবং মর্যাদা নিশ্চিত করার জন্য আবাসনগুলিতে পর্যাপ্ত পানি সরবরাহ এবং পয়:নিষ্কাশন সুবিধা অপরিহার্য। অত্যাবশ্যকীয় রান্নার সরঞ্জাম, খাওয়ার তৈজসপত্র এবং রান্নার জন্য জ্বালানি মানুষকে তাদের প্রাপ্ত খাদ্য সহযোগিতা ব্যবহারের মাধ্যমে পুষ্টির প্রয়োজনীয়তা পূরণে সক্ষম করে।

স্ফিয়ার এর ন্যূনতম মানগুলির চাইতে জাতীয় মানগুলি যেখানে তুলনামূলক নিম্নে অবস্থান করছে, মানবিক সাড়াদান সংস্থাগুলিকে সেগুলিকে স্ফিয়ার মানে উন্নীত করার জন্য সরকারের সাথে ধারাবাহিকভাবে কাজ করে যাওয়া উচিত।

**আন্তর্জাতিক আইন বিশেষভাবে পর্যাপ্ত আশ্রয়ের অধিকারকে সংরক্ষণ করে।**

পর্যাপ্ত আশ্রয় পাওয়ার অধিকার আন্তর্জাতিক আইন দ্বারা সুরক্ষিত। এটি এমন একটি অধিকার যেখানে নিরাপত্তা, শান্তি এবং মর্যাদা এর সাথে বসবাস করা যায়। এই অধিকার, যেমন; কোন একজন ব্যক্তির বাসস্থান পছন্দ করার অধিকার এর স্বাধীনতা ধারণ করে এবং পাশাপাশি কিছু বিশেষাধিকারও ধারণ করে, যেমন: মেয়াদের নিরাপত্তা। এই অধিকার জোরপূর্বক উচ্ছেদ প্রতিহত করার মতো সুরক্ষা নীতিগুলিকে অন্তর্ভূক্ত করে। একটি সঙ্কটে যখন কোন ব্যক্তি বা গোষ্ঠী, যাদের মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে শরণার্থী এবং অভ্যন্তরীণ বাস্তুচ্যুত ব্যক্তি যারা পর্যাপ্ত আবাসন অর্জনে অক্ষম, তাদের জন্য রাষ্ট্রগুলি এই অধিকার নিশ্চিত করতে বাধ্য। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর পরিশিষ্ট ১: স্ফিয়ার এর আইনি ভিত্তি।*

'পর্যাপ্ততা' ধারণাটি জ্ঞাপন করে যে, আবাসন হলো চার দেয়াল এবং একটি ছাদের চাইতেও বেশি। এটি আশ্রয় সাড়াদানে আবাসনে সুনির্দিষ্ট দৃষ্টি, সাংস্কৃতিক পরিচয় এবং পরিষেবাগুলির প্রাপ্যতা অন্তর্ভূক্ত করার গুরুত্বকে জোরালো করে। 'পর্যাপ্ত' আবাসন অথবা আশ্রয় এর অন্যান্য ধরণে মেয়াদের নিরাপত্তা প্রদান করা উচিত এবং হতে হবে:

- সাধ্যের মধ্যে, পরিবারকে মর্যাদার সাথে বসবাসের উদ্দেশ্যে অন্যান্য অপরিহার্য পণ্য এবং পরিষেবাগুলি অর্জনে সম্মতি প্রদান করে;
- বসবাসযোগ্য, ব্যক্তির নিরাপত্তা প্রদান, সুরক্ষা এবং পর্যাপ্ত বসবাসের স্থান, নিরাপদ পানযোগ্য পানি, পর্যাপ্ত পানি, পয়:নিষ্কাশন এবং স্বাস্থ্যবিধি সুবিধা, এবং খাদ্য প্রস্তুত ও সংরক্ষণ;
- সাংস্কৃতিক ভাবে গ্রহণযোগ্য;

- সহজলভ্য এবং ব্যবহারযোগ্য, অবাধে চলাচলে বাধার সম্মুখীন ব্যক্তিরাও অন্তর্ভূক্ত এবং
- জীবিকায়নের সুযোগ এবং প্রয়োজনীয় সুবিধা প্রদানের জন্য অবস্থিত কমিউনিটির সেবা।

**সুরক্ষা নীতি এবং মূল মানবিক মান এর সংযোগ গুলিঃ**

সঙ্কট, পূর্বের-বিদ্যমান বৈষম্যকে আরো নাজুক করতে পারে। অতএব, নিরপেক্ষ এবং পরিস্থিতি-সংবেদনশীল সহায়তা প্রদান করা গুরুত্বপূর্ণ।

অতএব, নিরপেক্ষ এবং পরিস্থিতির সাথে সংবেদনশীল সহায়তা প্রদান গুরুত্বপূর্ণ সুনির্দিষ্টভাবে যাদের একটি সঙ্কট থেকে উত্তরণের জন্য নিজস্ব সক্ষমতা সবচেয়ে কম রয়েছে। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি* ২.

কিছু ব্যক্তির শারীরিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং সামাজিক প্রতিবন্ধকতার কারণে আশ্রয় এবং আবাসন সহায়তা পেতে সমস্যা হতে পারে। এ সমস্যাগুলি বুঝতে এবং সে অনুযায়ী সাড়াদানে, নিম্নের বিষয়গুলিতে মনোযোগ দিতে হবেঃ

- মানুষের আইনগত অবস্থা (উদাহরণস্বরূপ, উদ্বাস্তু, অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত, রাষ্ট্রহীন, অভিবাসী, আশ্রয়প্রার্থী, গৃহহীন বা ভূমিহীন এবং অন্যান্যরা যারা নাগরিক স্বাধীনতা ও জনসেবা পাওয়া বা সামাজিক নিরাপত্তা বেষ্টনী থেকে বঞ্চিত);
- যেসকল বৈষম্য এবং সামাজিক বর্জনের কারণে ব্যক্তি ও গোষ্ঠী সুরক্ষার ব্যতিক্রমী ঝুঁকিতে রয়েছেঃ
- তাদের জাতিগত, জাতীয়তা, বর্ণ, আদিবাসী গোষ্ঠী অথবা ধর্মীয় অথবা রাজনৈতিক সম্পৃক্ততা;
- তাদের মেয়াদ পরিস্থিতি, স্থানচ্যুতির অবস্থা, বিধিবহির্ভূত বসতিস্থাপনকারী বা ভাড়াটে অবস্থা;
- বসবাসের স্থানটি যেখানে প্রবেশ সহজ নয়, যা বিপজ্জনক ও অনিরাপদ এলাকা, শহর জনবসতি, অথবা বিধিবহির্ভূত আবাসন;
- সমাজের মধ্যে তাদের দূর্বলতা এবং অবস্থান। ⊕ *দেখুনঃ স্ফিয়ার কী এবং মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতিগুলি*

সেবা প্রদানকারী কর্মীদের শিশু সুরক্ষার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা উচিত এবং শিশু অন্তর্ভূক্তিতে, সন্দেহজনক সহিংসতার ঘটনা, অপব্যবহার অথবা শোষণের জন্য কীভাবে রেফারেল পদ্ধতি ব্যবহার করতে হয় তা জানা উচিত।

জবাবদীহিতামূলক আশ্রয় এবং আবাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য; স্ফিয়ার এর ন্যূনতম মানগুলি প্রয়োগ করার ক্ষেত্রে, মূল মানবিক মান এর নয়টি অঙ্গীকারকে একটি ভিত্তি হিসেবে স্বীকৃতি দেয়া উচিত।

## ১. পরিকল্পনা

আঞ্চলিক, জাতীয়, প্রতিষ্ঠান বা কমিউনিটি পর্যায়ে সর্বোচ্চমানের ফলাফলের জন্য সাড়াদান এর পরিকল্পনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সঙ্কট পূর্ব এবং পরবর্তী প্রেক্ষাপট বোঝার ক্ষেত্র যাচাইয়ে মানুষের জীবনযাত্রার অবস্থা এবং যেকোন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিণতির উপর সঙ্কটের প্রত্যক্ষ এবং পরোক্ষ প্রভাব উভয়ই প্রয়োজনীয়। প্রয়োজনসমূহ নির্ধারণ এবং তার পরবর্তীতে সাড়াদানের উপযুক্ত বিকল্পগুলি তৈরী করা, একটি সুপরিকল্পিত এবং সমন্বিত আশ্রয় এবং আবাসন সাড়াদানের ভিত্তি।

### আশ্রয় এবং আবাসন মান ১:
### পরিকল্পনা

ক্ষতিগ্রস্থ মানুষের নিরাপত্তা ও কল্যাণে এবং তাদের পূর্বের অবস্থায় ফিরিয়ে নেয়ার ক্ষেত্রে অবদান রাখতে, আশ্রয় এবং আবাসন কার্যক্রমগুলিকে সুপরিকল্পিত এবং সমন্বিত হতে হবে।

### মূল করণীয়সমূহঃ

১ আশ্রয় এবং আবাসনের চাহিদা এবং ক্ষমতা মূল্যায়ন করতে ক্ষতিগ্রস্থ জনসংখ্যার পাশাপাশি জাতীয় এবং স্থানীয় কর্তৃপক্ষের সাথে কাজ করা।

- প্রাক সঙ্কটের প্রেক্ষাপট থেকে পরিবর্তনগুলি মূল্যায়ন করা, বাস্তুচ্যুত এবং বাস্তুচ্যুত হয়নি এমন জনসংখ্যার তাৎক্ষণিক প্রয়োজনগুলি চিহ্নিত করা এবং সক্ষমতা যাচাই করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর নির্দিষ্ট চাহিদা বিবেচনা করা।
- বাসযোগ্য বা অধিগ্রহণযোগ্য জমি, ভবন, অ্যাপার্টমেন্ট, স্থানীয় আবাসন এর মধ্যে কক্ষ এবং বাজারের মধ্যে জমি ভাড়া চিহ্নিত করা।

২ সর্বাধিক কার্যকর এবং উপযুক্ত সহায়তার বিকল্প এবং এগুলো কীভাবে প্রদান করা যায় তা চিহ্নিত করার জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে কাজ করা।

৩ সম্পর্কিত কর্তৃপক্ষ এবং ক্ষতিগ্রস্থ সম্প্রদায়ের সাথে সমন্বয় করে একটি আশ্রয় এবং আবাসন পরিকল্পনা তৈরি করা।

- ক্ষতিগ্রস্থ জনসংখ্যা এবং কর্তৃপক্ষের চাহিদা ও প্রয়োজন অনুসারে সহায়তা প্রদান করা।
- অর্থ সাশ্রয়, টেকনিক্যাল মান, কাজের গতি এবং সময়, কাজের স্তর ও মাত্রা এবং প্রতিরূপ এর সর্বোত্তম বা সবচেয়ে কার্যকর ব্যবহার করুন।

### মূল নির্দেশকসমূহ

**আশ্রয় ও আবাসন পরিকল্পনা লক্ষ্যিত জনগোষ্ঠীর অপরিহার্য প্রয়োজন প্রদান করে এবং জনসংখ্যা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা গৃহীত হয়।**

**ক্ষতিগ্রস্থ জনসংখ্যার শতাংশ নির্দেশ করে যে, আশ্রয় এবং আবাসন সহায়তা তাদের চাহিদা এবং অগ্রাধিকার প্রতিফলিত করছে এবং টেকসই সমাধানে আরও অবদান রাখছে।**

## নির্দেশিকা

**যাচাই:** যাচাইয়ের সময়, সংকট পরবর্তী আশ্রয় ও আবাসন অবস্থার পরিবর্তন পর্যালোচনা করুন এবং শুরু থেকেই সম্ভাব্য সুরক্ষা ঝুঁকিসমূহ অন্তর্ভূক্ত করুন। আশ্রয় প্রদানকারী কমিউনিটির উপলব্ধি ও পর্যবেক্ষণসমূহ, আবাসন সুবিধা পেতে সম্পর্কিত ঝুঁকিসমূহ, নিরাপদে পরিষেবাগুলি পাওয়া অথবা আবাসন ছেড়ে যেতে বাধ্য হওয়া এগুলির মধ্যে অন্তর্ভূক্ত থাকতে পারে।

সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক পরিণতি সহ মানুষের জীবনযাত্রার উপর সঙ্কটের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব বিবেচনা করুন।

সঙ্কট মানুষকে বিভিন্ন উপায়ে প্রভাবিত করে, তাই বিভিন্ন মানুষের বিভিন্ন আশ্রয় এবং আবাসন এর প্রয়োজন হবে। গোষ্ঠীগুলির সাথে কাজ করুন, যারা আশ্রয় পেতে বিভিন্ন সুনির্দিষ্ট বাধার সম্মুখীন হতে পারে, যেমন; প্রতিবন্ধী ব্যক্তি, নারী প্রধান পরিবার, বয়স্ক মানুষ বা জাতিগত বা সংখ্যালঘুরা। দেখুন; ⊕ *আশ্রয় এবং আবাসন মুল্যায়ন চেকলিষ্ট, মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি ২ এবং মূল মানবিক মান প্রতিশ্রুতি ৪।*

**সহায়তা এবং বাস্তবায়নের বিকল্পসমূহ:** প্রেক্ষাপট, সক্ষমতা, সম্পদসমূহের পর্যাপ্ততা, আবাসন পরিস্থিতি এবং সাড়াদানের বিভিন্ন পর্যায় এর ভিত্তিতে সবচাইতে কার্যকর বিকল্পসমূহ নির্বাচন করুন। বিবেচনার জন্য অন্যান্য যে কারণগুলি রয়েছে, তা হলো; স্থান, ঘরের ধরণ (স্থানীয় নির্মাণ কৌশল সহ), মেয়াদ এবং বাজার ও আইনী কাঠামো। যেখানে সম্ভব, সেক্ষেত্রে মানুষরা যাতে নিজস্ব বাসস্থানে (বা তাদের বাসস্থানের স্থান) ফিরে আসতে সক্ষম হয় সে বিষয়টিকে অগ্রাধিকার প্রদান করুন। যেসকল মানুষ তাদের মুল বাসস্থানে ফিরে যেতে সক্ষম নয় বা অনিচ্ছুক সে সকল ক্ষেত্রে তাদের প্রয়োজন অনুযায়ী বিকল্পগুলি পাওয়ার ক্ষেত্রে সহায়তা করুন। ⊕ *পরিশিষ্ট ২ থেকে ৬ দেখুন।*

দক্ষতা, কারিগরি গুণমান, বাস্তবায়নের পর্যায় ও মাত্রা, মাঠ পর্যায়ের সক্ষমতা ও সঠিক প্রতিস্থাপন করার সক্ষমতাসমূহ বিবেচনা করে তাৎক্ষনিক প্রয়োজন মেটানোর জন্য সময়সীমার একটি রূপরেখা প্রদান করুন। কমিউনিটির দীর্ঘমেয়াদী রিকভারী এবং ভবিষ্যত সংকটের সহনশীলতা বাড়াতে বিকল্পগুলি অন্বেষণ করুন।

নিম্নের প্রদানকৃত বিষয়সমূহের সংমিশ্রণ সহ নির্বাচিত বিকল্পগুলি প্রদান করার বিভিন্ন উপায় বিবেচনা করুন:

- আর্থিক সহায়তা;
- উপকরণ সহযোগিতা
- চুক্তিবদ্ধ কাজ বা অনুমোদিত শ্রম;

- টেকনিক্যাল সহায়তা বা গুণমানের নিশ্চয়তা সহায়তা এবং
- দক্ষতা বৃদ্ধি।

পরিস্থিতি এবং পরিবর্তনের সাথে সাথে বিকল্পগুলোর সংমিশ্রণ পর্যালোচনা এবং সমন্বয় করুন।

**বাস্তুচ্যুত মানুষ:** আশ্রয়ের জন্য তাৎক্ষনিক প্রয়োজনের পাশাপাশি, নিজেদের অর্জিত আশ্রয়ের যে সমাধান রয়েছে তার জন্যেও বাস্তুচ্যুত মানুষদের সুনির্দিষ্ট সহায়তা প্রয়োজন। কোথায় ও কখন তারা তাদের আশ্রয়ে (বাড়ী) ফিরে আসবে, কিভাবে বাস্তুচ্যুতির স্থানে একে অন্যের সাথে একীভূত হবে নতুবা তৃতীয় কোন স্থানে কিভাবে পুনর্বাসিত হবে এ সকল তথ্যও আশ্রয় সহায়তার মধ্যে অন্তর্ভূক্ত।

**বাস্তুচ্যুত হয়নি** এমন পরিবারগুলিকে তাদের স্বাভাবিক জীবনযাত্রায় ফিরতে সহায়তার প্রয়োজন হবে এবং তাদেরও উপযুক্ত আশ্রয় সহায়তা পেতে হবে। যদি আশ্রয় পুনর্গঠনে দীর্ঘ সময় প্রয়োজন হয় অথবা মানুষ যদি নিরাপদ না থাকে, তাহলে অস্থায়ী ভিত্তিক বিকল্পসমূহ যেমন, অন্যের মাধ্যমে আশ্রয় সহায়তা, বাড়ী ভাড়া প্রদান বা অস্থায়ী বা মধ্যবর্তীকালীন সময়ের জন্য আশ্রয়ের ব্যবস্থা করুন। যদি নিরাপত্তা এবং নিরাপদ পরিবেশ সঙ্কটে পরিবর্তিত হয়, তাহলে তাদের স্থানান্তরের প্রয়োজন হবে।

**সঙ্কটে যে পরিবারগুলি অন্যকে আশ্রয় প্রদান করে,** তাদের মধ্যেও সঙ্কটের একটি প্রভাব থাকে, কারণ তারা তাদের ব্যক্তিগত স্থানের পাশাপাশি কমিউনিটির বিভিন্ন সুযোগ-সুবিধাও ভাগ করে। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে, স্বাস্থ্য কেন্দ্র, স্কুল বা অন্যকে আশ্রয় প্রদান করা। বাস্তুচ্যুত মানুষের সাথে কর্মসংস্থান, বিভিন্ন পরিষেবা, অবকাঠামোগত এবং বিভিন্ন সম্পদের জন্য বাস্তব বা মনস্তাত্ত্বিক একটি প্রতিযোগিতা হতে পারে। সমাধানগুলিকে এমন ভাবে বিবেচনা করতে হবে যাতে তা ন্যায়সঙ্গত হয় এবং সহযোগিতাগুলি যেন কমিউনিটির জন্য বাড়তি ঝুঁকির কারণ না হয়। ⊕ মূল হ্যান্ডবুক এর সুরক্ষা নীতি ১ দেখুন।

**বাজার বিশ্লেষণ:** স্থানীয়, জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ে নিকটবর্তী বাজারসমূহ সম্পর্কে বুঝতে পারা উন্নত মানের একটি আশ্রয় সাড়াদানের জন্য গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে আশ্রয়ের বিকল্পসমূহ সম্পর্কে জানাবে এবং ভাড়া ও অন্যান্য আবাসন সম্পর্কিত পরিষেবাগুলির তথ্যও প্রদান করবে। ⊕ *দেখুন; Delivering assistance through markets, MISMA Handbook and MERS Handbook.*

**আবর্জনা/ধ্বংসাবশেষ অপসারণ:** সঙ্কটের পরপরই অবিলম্বে আবর্জনা/ধ্বংসাবশেষ এর ব্যবস্থাপনা শুরু করুন। আবর্জনা বা ধ্বংসাবশেষসমূহ পুনরায় ব্যবহার, প্রক্রিয়াজতকরণ বা পৃথকীকরণ, সংগ্রহ করা বা ব্যবহার এর জন্য চিহ্নিত করা যেতে পারে। এটি কাজের জন্য অর্থ কর্মসূচীর সুযোগ প্রদান করে। বিপজ্জনক পদার্থ, অবকাঠামোগুলি ঝুঁকিপূর্ণ হয়ে যাওয়া, মৃতদেহের উপস্থিতি এক্ষেত্রে মূল সমস্যার অন্তর্ভূক্ত। আবর্জনা বা ধ্বংসাবশেষ অপসারণের জন্য বিশেষ দক্ষতাসম্পন্ন মানুষ এবং বিশেষায়িত সরঞ্জামের প্রয়োজন হতে পারে, তাই অন্যান্য সেক্টরের বিশেষজ্ঞদের সাথে পরিকল্পনা অত্যাবশ্যক। ⊕ *আশ্রয় ও আবাসন মান ৭ দেখুন: পরিবেশগত স্থায়িত্ব, এবং মূল হ্যান্ডবুক এর স্বাস্থ্য মানদন্ড এবং ওয়াশ মানদন্ড।*

**জীবিকায়নের সুযোগ:** সঙ্কটের পূর্বে মানুষ যে জীবিকায়নের সাথে সংযুক্ত ছিল এবং সঙ্কট পরবর্তীতে যে সুযোগ গুলি বিদ্যমান, তা আবাসনের বিকল্পগুলি নির্ধারণে প্রাসঙ্গিক হতে হবে। মানুষ যেখানে বসবাস করতে পছন্দ করে, তা অস্থায়ীভাবেও হতে পারে সেখানে জমির প্রাপ্যতা, জমি চাষাবাদ এবং চারণভূমির জন্য উপযুক্ত তৃণভূমির প্রাপ্যতা এবং অন্যান্য কর্মসংস্থানের সুযোগগুলি প্রভাবান্বিত হতে পারে ⊕ *দেখুন; মূল হ্যান্ডবুক এর খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি - জীবিকায়নের মান ৭.১ ও ৭.২, LEGS হ্যান্ডবুক এবং MERS হ্যান্ডবুক।*

**প্রত্যাবর্তন:** সঙ্কটে ক্ষতিগ্রস্থ মানুষের প্রধান লক্ষ্য হলো নিজস্ব ভূমি এবং বাসস্থানে ফিরে আসা। সঙ্কটে ক্ষতিগ্রস্থ মানুষের নিজেদের বাসস্থান মেরামত এবং তা উন্নতির প্রয়োজনীয়তা নির্ধারণে সক্ষম হওয়া উচিত। সামাজিকভাবে মোকাবেলার কৌশল, প্রতিষ্ঠিত আবাসনের ধরণ ও অবকাঠামো বজায় রাখায় প্রত্যাবর্তন সহযোগিতা করতে পারে। স্কুল, পানি সরবরাহ, ক্লিনিক বা মার্কেটসমূহ মেরামত বা পুনর্গঠন বাস্তুচ্যুত মানষকে নিজেদের ভূমিতে ফিরে আসতে সক্ষম করার জন্য গুরুত্বপূর্ণ। নিরাপত্তাজনিত উদ্বেগ, সশস্ত্র বাহিনী দ্বারা সম্পত্তি বা জমি দখল, ক্রমাগত সহিংস সংঘর্ষ, জাতিগত বা ধর্মীয় উত্তেজনা, নিপীড়নের ভয়, ল্যান্ডমাইন এবং অবিস্ফোরিত বিস্ফোরক প্রভৃতি প্রত্যাবর্তন রোধ বা বিলম্ব করতে পারে। নারী প্রধান পরিবার, সঙ্কটের কারণে বিধবা বা অনাথ বা প্রতিবন্ধী ব্যক্তিদের অপর্যাপ্ত বা বৈষম্যমূলক ভূমি ও সম্পত্তি আইন বা প্রথাগত পদ্ধতি তাঁদের নিজেদের ভূমিতে ফিরে আসতে বাধার কারণ হতে পারে। যে বাস্তুচ্যুত মানুষের পুনর্গঠন কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার ক্ষমতা নেই তারা ফিরে আসতে নিরুৎসাহিত হতে পারে বা ফিরে আসা থেকে বিরত থাকতে পারে।

## ২. স্থান এবং আবাসন পরিকল্পনা

নিরাপদ, গ্রহণযোগ্য এবং অবাধে থাকার স্থানসমূহকে সক্রিয়ভাবে স্থান এবং আবাসন পরিকল্পনায় রাখা উচিত যা মৌলিক পরিষেবাসমূহ পেতে, জীবিকায়ন এবং অন্যান্য বৃহৎ নেটওয়ার্কের সাথে সংযোগ করার সুযোগ প্রদান করে।

### আশ্রয় এবং আবাসন মান ২:
### স্থান এবং বন্দোবস্ত পরিকল্পনা

আশ্রয় এবং আবাসনগুলি নিরাপদ এবং সুরক্ষিত এলাকায় অবস্থিত, পর্যাপ্ত স্থান এবং অত্যাবশ্যকীয় পরিষেবা এবং জীবিকায়নের সুযোগ নিশ্চিত করে।

### মূল করণীয়সমূহঃ

১ বিদ্যমান প্রক্রিয়া এবং আইনের পরিকল্পনার মধ্যে কাজ করুন এবং যে কমিউনিটি আশ্রয় প্রদান করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের শর্তাবলীর সাথে সম্মত হোন।

- নতুন আবাসনের স্থান নির্বাচনের ক্ষেত্রে প্রকৃত বা সম্ভাব্য হুমকির স্থানসমূহ এড়িয়ে চলুন এবং বিদ্যমান আপদ থেকে ঝুঁকিগুলি হ্রাস করুন।
- কোন ধরণের অত্যাবশ্যকীয় পরিষেবাগুলি সম্প্রসারিত বা তৈরী করার প্রয়োজন হতে পারে তা নির্ধারণ করতে আবাসনের প্রত্যাশিত মেয়াদ বিবেচনা করুন।

২ আবাসনের স্থান নির্বাচন এবং পরিকল্পনায় ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীসহ বিভিন্ন ষ্টেকহোল্ডারদের জড়িত করুন।

- যে কারণগুলি আবাসনের স্থান বা এর বিন্যাসকে প্রভাবিত করতে পারে এমন কারণগুলি চিহ্নিত করুন, এক্ষেত্রে লিঙ্গ, বয়স, পঙ্গুত্ব, জাতিগত বা ভাষাগত পরিচয় এবং ঐ স্থানের লিঙ্গগত ভূমিকা বা দায়িত্ব বিবেচনা করুন।
- নগর প্রেক্ষাপটে, কমিউনিটির শক্তিশালী দিক আরও ভালভাবে বোঝার জন্য একটি ভৌগোলিকভাবে সংজ্ঞায়িত, এলাকা ভিত্তিক এ্যাপ্রোচ এর মাধ্যমে কাজ করুন।

৩ ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর জীবিকায়নের সুযোগ সহ প্রয়োজনীয় পরিষেবা এবং সুবিধাগুলি সহজেই অর্জন করতে পারে তা নিশ্চিত করুন।

- প্রয়োজনীয় পরিষেবা এবং সুযোগ সুবিধা সমূহে একটি গ্রহণযোগ্য দূরত্ব এবং নিরাপদ পরিবহন ব্যবস্থা স্থাপনে অন্যান্য সেক্টরের সাথে কাজ করুন।
- যেখানে অত্যাবশ্যকীয় পরিষেবা এবং জীবিকায়নের সুযোগগুলি নেই সেক্ষেত্রে এগুলোকে অগ্রাধিকার প্রদান করতে এবং সরবরাহ নিশ্চিত করতে সেবাপ্রদানকারীদের সাথে সমন্বয় করুন।

৪ সমস্ত কাজের জন্য পর্যাপ্ত স্থান, আশ্রয় এবং সকল পরিষেবাগুলির সহজ প্রাপ্তি এবং সমগ্র আবাসন জুড়ে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা প্রদানের জন্য ভূমি ব্যবহারের পরিকল্পনা করুন।

- কমিউনিটি ভিত্তিক সম্পদসমূহ পরিকল্পনায় অন্তর্ভূক্ত করুন, যেমন; পানি এবং পয়:নিষ্কাষন এর সুবিধা, কমিউনিটি ভিত্তিক রান্নার সুবিধা, শিশু বান্ধব স্থান, কমিউনিটির অধিবাসীদের একত্রিত হওয়ার স্থান, ধর্মীয় প্রয়োজন এবং খাদ্য বিতরন স্থান।
- এটি নিশ্চিত করা যে আবাসনের মধ্যে প্রয়োজনীয় পরিষেবা গুলি নিরাপত্তা, সুরক্ষা এবং মর্যাদার মানগুলি অনুসরণ করে।

৫ আবাসনের স্থান নির্বাচন এবং উন্নয়নে বৃষ্টি বা বন্যার পানি নিষ্কাষন পরিকল্পনা অন্তর্ভূক্ত করুন।

- সমস্ত জনবসতিতে এবং পরিষেবা গুলি যাতে স্থায়ী ভাবে জলাবদ্ধতা থেকে মুক্ত থাকে এবং বন্যার পানি থেকে যাতে নালাগুলি পরিষ্কার থাকে সে উদ্দেশ্যে উপযুক্ত নিষ্কাষন সুবিধা প্রদান করুন।
- রোগ বহনকারী বিভিন্ন কিট-পতঙ্গ যেমন; মশা এর প্রজনন ক্ষেত্রগুলি অনুমান করে তার ব্যবস্থা গ্রহণ করুন।

## মূল নির্দেশকসমূহ

**আশ্রয় এবং/অথবা আবাসন স্থাপনের স্থানগুলির শতাংশ যেগুলি এমন স্থানে অবস্থিত যেখানে প্রাকৃতিক বা মানবসৃষ্ট কোন হুমকি, ঝুঁকি এবং আপদ নেই।**

**আশ্রয় এবং/অথবা আবাসনের স্থানগুলির শতাংশ যেগুলি গ্রহণযোগ্য সময় বা দূরত্বের মধ্যে প্রয়োজনীয় পরিষেবাগুলির নিরাপদ প্রাপ্তির সুযোগ রয়েছে।**

**আবাসন সহায়তা প্রাপ্তদের শতাংশ যারা তাদের আশ্রয় বা আবাসনের অবস্থান বিষয়ে নিরাপদ বোধ করে।**

**আবাসনের স্থানের শতাংশ, যা ব্যক্তিগত বা সকলের জন্য সামঞ্জস্যপূর্ণভাবে পর্যাপ্ত উন্মুক্ত স্থান নিশ্চিত করে যার মাধ্যমে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা সম্ভব।**

- **ক্যাম্পকেন্দ্রীক আবাসনে পরিবারের প্লট সহ প্রতিটি ব্যক্তির জন্য ৪৫ বর্গ মিটার।**
- **পরিবারের প্লট সহ প্রতিটি ব্যক্তির জন্য ৩০ বর্গ মিটার যেখানে পরিকল্পিত আবাসন এলাকার বাইরে কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ প্রদান করা যেতে পারে।**
- **আচ্ছাদিত বসবাসের স্থান এবং প্লটের আকারের মধ্যে ন্যূনতম অনুপাত হলো ১:২, যত দ্রুত সম্ভব ১:৩ অথবা তার অধিক অনুপাতে রুপান্তর করুন।**

## নির্দেশিকা

**পরিকল্পনার প্রক্রিয়া এবং নীতিসমূহ:** একটি সঙ্কটের পরে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ প্রায়শ:ই অবকাঠামো নির্মান মুক্ত এলাকা, নিরাপদ এলাকা বা নিরপেক্ষ এলাকা সংক্রান্ত নতুন নীতি প্রবর্তন করে। ঝুঁকিহীন পরিকল্পনা এবং উপযুক্ত সহায়তার বিকল্পসমূহের জন্য এ্যাডভোকেসী করুন। একটি অবকাঠামো নির্মান মুক্ত এলাকায় অর্থ সহায়তা করা যাবে না, এমন নয় এবং আশ্রয় ও আবাসন সাড়াদান বিলম্ব করা উচিত নয়।

যেকোন ভূমি এবং সম্পদের মালিকানা পরিস্থিতি অনুধাবন করুন ⊕ *দেখুন আশ্রয় ও আবাসন মান ৬: মেয়াদের নিরাপত্তা।*

বিদ্যমান সামাজিক এবং সাংস্কৃতিক নিয়মগুলিকে সমর্থন করার জন্য এলাকা নির্ধারণ এবং স্থাপনে ক্ষতিগ্রস্থ মানুষদের সম্পৃক্ত করুন। আশ্রয় এবং আবাসন পরিকল্পনার নকশা এবং বাস্তবায়নের নারী এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ গোষ্ঠীকে জড়িত করুন।

**অত্যাবশ্যকীয় পরিষেবা এবং সুযোগ-সুবিধা:** মানুষ তাদের নিজস্ব আশ্রয়ে ফিরে আসছে এবং যারা অস্থায়ী স্থানে বা আবাসনে বসবাস করছে তাদের নিরাপদ, সুরক্ষিত এবং ন্যায়সঙ্গতভাবে প্রয়োজনীয় পরিষেবা এবং সুযোগ-সুবিধা প্রাপ্তি প্রয়োজন, যেমন:

- পানি, পয়নিষ্কাশন এবং স্বাস্থ্যবিধির সুযোগ সুবিধা ⊕ *মূল হ্যান্ডবুক এর ওয়াশ এর পানি সরবরাহ মানসমূহ দেখুন*
- সমাজভিত্তিক এবং পারিবার পর্যায়ে বৈদ্যুতিক আলো সরবরাহ
- খাদ্য সংরক্ষণ এবং প্রক্রিয়া করার সুযোগ সুবিধা (চুলা এবং জ্বালানী সহ) ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি মূল্যায়নের মানসমূহ ১.১ এবং খাদ্য সহায়তার মান ৬.৪*
- স্বাস্থ্যপরিচর্যার সুযোগ-সুবিধা ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর স্বাস্থ্য ব্যবস্থার মানসমূহ ১.১ এবং স্বাস্থ্য সেবা প্রদান*
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর ওয়াশ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার মানসমূহ*
- স্কুলসমূহ ⊕ *দেখুন INEE Handbook;*
- সামাজিক সুযোগ-সুবিধাসমূহ যেমন; ধর্মীয় স্থান, মানুষের একত্রিত হওয়ার স্থান এবং বিনোদনমূলক কাজের স্থান
- সাংস্কৃতিকভাবে উপযুক্ত সমাধি ও সংশ্লিষ্ট আচার-অনুষ্ঠানের জন্য স্থান এবং
- গবাদি প্রাণীর বসবাসের জন্য স্থান (মানুষের আবাসন থেকে পর্যাপ্ত দুরত্বে) ⊕ *দেখুন LEGS Handbook.*

**অস্থায়ী আবাসনের জন্য স্থান পরিকল্পনা:** আবাসনের স্থানের বিস্যাসগুলি নগর নকশা এবং শহর পরিকল্পনার নীতির উপর ভিত্তি করে হওয়া উচিত, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে, যেমন; আবাসনের প্রবেশের স্থান, রাস্তার সংযোগ এবং মানুষের জন্য উন্মুক্ত স্থান। এই উপাদানসমূহ কাঠামোগত, সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক কারণগুলি, নতুন আবাসনের স্থানগত পরিকল্পনা তৈরী করে। আবাসন পরিকল্পনা বিদ্যমান সামাজিক নিয়মগুলিকে সমর্থন করবে, সংযুক্ত থাকার নতুন নিয়ম গঠনের সুযোগ দেবে, সুরক্ষা এবং নিরাপত্তায় অবদান রাখবে এবং ব্যবস্থাপনার ক্ষেত্রে ক্ষতিগ্রস্থ মানুষদের স্ব-ব্যবস্থাপনায় সক্ষম করবে।

অস্থায়ী আবাসনের জন্য প্লটের বিন্যাস বা নকশা তৈরীর সময় পরিবারগুলির গোপনীয়তা এবং মর্যাদা বজায় রাখুন। পরিবারগুলির ঘর হওয়া উচিত একটি এমন একটি স্থানে যাতে গোপনীয়তা থাকবে, তা যেন অন্য একটি পরিবারের প্রবেশ পথ না হয়। সম্ভাব্য সকল ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর জন্য নিরাপদ থাকার স্থান নিশ্চিত

করুন, তাদের বিভক্ত করা এড়িয়ে চলুন কারণ এটি তাদের দূর্বলতা এবং ঝুঁকি আরও বাড়িয়ে দিতে পারে। সামাজিক বন্ধন ধরে রাখতে পারিবার, বর্ধিত পরিবার এবং একই পটভূমির গোষ্ঠীকে একত্রিত করুন। বিভিন্ন বয়স, লিঙ্গ এবং শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের চাহিদা, পছন্দ এবং অভ্যাসসমূহ বিবেচনা করুন।

**পরিকল্পিত বা স্ব-নিয়ন্ত্রিত আবাসনের ভূ-পৃষ্ঠের ক্ষেত্রফল:** পরিকল্পিত আবাসনের জন্য, ক্যাম্প কেন্দ্রীক আবাসনগুলিতে প্রতি ব্যক্তির জন্য পরিবারের ভূমি সহ ন্যূনতম ব্যবহারযোগ্য ভূ-পৃষ্ঠ হলো ৪৫ বর্গমিটার। এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে রাস্তা ও ফুটপাতের জায়গা, রান্নার জন্য ঘরের বাহিরে জায়গা বা কমিউনিটির রান্নার এলাকা, শিক্ষা ও বিনোদন এলাকা, স্বাস্থ্যসেবা সুবিধা, পয়:নিষ্কাষন, অগ্নিকান্ড, প্রশাসন, পানি সংরক্ষনাগার, ড্রেনেজ ব্যবস্থা, ধর্মীয় আনুষ্ঠানিকতার স্থান, খাদ্য বিতরণ এলাকা, বাজার, গুদাম, পরিবার গুলির জন্য পৃথক পৃথক বাগান করার স্থান (কৃষিকাজ বা প্রানীসম্পদ পালন ব্যতিত)। বিদ্যমান বা পরিকল্পিত আবাসন পরিকল্পনার বাইরে অতিরিক্ত সুবিধা যেখানে কমিউনিটি ভিত্তিক পরিষেবা প্রদান করা যেতে পারে, সেক্ষেত্রে ন্যূনতম ভূ-পৃষ্ঠের ক্ষেত্রফল প্রতি ব্যক্তির জন্য হওয়া উচিত ৩০ মিটার। ন্যূনতম ভূ-পৃষ্ঠ এলাকা প্রদান করা সম্ভব না হলে, উচ্চ-ঘনত্বে বসবাসের নেতিবাচক প্রভাবগুলি মোকাবেলার জন্য সক্রিয়ভাবে পদক্ষেপ নিন। আবাসন পরিকল্পনায় জনসংখ্যার পরিবর্তন বিবেচনা করা উচিত।

নগর এলাকায় কাজ করার সময়, বিদ্যমান পরিষেবা এবং নগরের অব্যবহৃত ফ্ল্যাট ব্যবহার করুন। পরিবারগুলিকে পৃথকীকরণ এবং গোপনীয়তা নিশ্চিত করুন এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধার জন্য স্থান সংরক্ষণ করুন।

**আশ্রয় (বাড়ীর) জন্য প্লটের আকার:** একটি প্লটের আকারের ১:২ বা ১:৩ এই অনুপাতে আশ্রয় (বাড়ী) সুপারিশ করা হয়, যাতে পরিবারগুলি নিজেদের অন্যান্য কাজ করার জন্য যথেষ্ট জায়গা পায়। যাইহোক ১:৪ বা ১:৫ এর কাছাকাছি অনুপাতও বাঞ্ছনীয়। অনুপাত সাংস্কৃতিক এবং সামাজিক নিয়ম এবং বাস্তবভিত্তিক ভাবে স্থান প্রাপ্তির উপর বিবেচনা করা উচিত।

**বৃষ্টিপাত এবং বন্যার পানি নিষ্কাশণ:** বৃষ্টিপাত এবং বন্যার পানির দূর্বল নিষ্কাশণ মানুষের থাকার জায়গা, তাদের চলাফেরা এবং পরিষেবাগুলি পাওয়ার ক্ষেত্র মারাত্মকভাবে সীমিত করতে পারে। সাধারণত, আবাসনের স্থান নির্বাচন এবং অবকাঠামো উন্নয়ন বড় আকারের নিষ্কাশন ব্যবস্থার প্রকৃতি নির্ধারণ করে। বন্যা প্রবণ এলাকায় স্থান নির্বাচন এড়িয়ে চলুন; এটির ফলে সুরক্ষা এবং নিরাপত্তার সাথে আপস করতে হতে পারে, বিশেষ করে ঘনবসতিপূর্ণ বা সীমাবদ্ধ স্থানে। মানষের জীবনযাপন, কর্মক্ষেত্র বা কাজের পরিবেশে পানি প্রবেশ এবং স্থবির থাকা তাদের স্বাস্থ্য, মর্যাদা এবং সুস্থতার জন্য একটি সাধারণ হুমকি। অবকাঠামোগত ক্ষতি এবং লিকেজ এড়িয়ে চলতে পয়:নিষ্কাষন এবং নর্দমাসমূহ বন্যা থেকে সুরক্ষিত রাখুন। দূর্বল নিষ্কাষনের সাথে যুক্ত প্রধান জনস্বাস্থ্য হুমকি হলো দূষিত পানির সংস্পর্শে এসে ডায়রিয়া জনিত রোগের প্রাদুর্ভাব। অনিয়ন্ত্রিত পানি অন্যান্য অবকাঠামো, বাসস্থান এবং মূল্যবান জিনিসপত্রেরও ক্ষতি করতে পারে, জীবিকায়নের সুযোগ সীমিত করতে পারে এবং তা বিভিন্ন ধরণের চাপ তৈরী করতে পারে। দূর্বল নিষ্কাশন পানিবাহিত রোগ-জীবানুর প্রজনন ঘটাতে পারে ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর ওয়াশ ভেক্টর নিয়ন্ত্রণ মান ৪.১ এবং ৪.২।*

**অভিগম্যতা:** ত্রাণ সহায়তা এবং অন্যান্য পণ্য সরবরাহের জন্য স্থানীয় রাস্তা এবং যানবাহনের স্থান ও

সময়ের নৈকট্য বিবেচনা করুন। ত্রাণ সহায়তার ক্ষেত্রে অবশ্যই স্থানীয় রাস্তার অবকাঠামোগত ক্ষয়ক্ষতি এড়াতে হবে। মৌসুমী সীমাবদ্ধতা, আপদ এবং নিরাপত্তাগত ঝুঁকি বিবেচনা করুন। আবাসনের স্থান এবং প্রাথমিক গুদাম এবং খাদ্য বিতরণের স্থানগুলির রাস্তা অবশ্যই সকল আবহাওয়ায় উপযোগী হতে হবে যাতে ভারী ট্রাক সহজেই যেতে পারে। অন্যান্য সুবিধাগুলিতে হালকা যানবাহন যাতে প্রবেশ করতে পারে। আবাসনগুলির ভেতরে নির্ভরযোগ্য এবং নিরাপদ রাস্তা এবং ফুটপাত প্রদান করুন এবং সকল বাসস্থান ও কমিউনিটির সুযোগ-সুবিধাগুলি সকল ধরণের আবহাওয়া-বান্ধব হতে হবে। চলাচলে অসুবিধা বা সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে বাধার সম্মুখীন হওয়া মানুষদের চাহিদা বিবেচনা করুন।

**অগ্নি নিরাপত্তা:** আবাসন স্থান নির্বাচনে অগ্নি ঝুঁকি যাচাই পরিকল্পনা করা উচিত। ক্যাম্প ধরণের আবাসনের ক্ষেত্রে বসবাসের স্থানে প্রতি ৩০০ মিটারে ৩০ মিটার ফায়ারব্রেক অন্তর্ভূক্ত করুন। ভবনগুলির মধ্যে পরস্পরের দূরত্ব কমপক্ষে ২ মিটার হওয়া উচিত, আদর্শগত ভাবে এই দূরত্ব ভবনের উচ্চতার দিগুণ হওয়া উচিত, যা ধ্বসে যাওয়া থেকে সংলগ্ন ভবনের কাঠামোকে নিরপদ দূরত্বে রাখে।

স্থানীয় রান্না এবং উষ্ণতার অনুশীলনের বিষয়গুলিকে বিবেচনা করুন (যেমন; চুলার ধরণ এবং তার অবস্থান)। নিরাপদ চুলা, অগ্নি নিরাপত্তা সরঞ্জাম এবং অধিবাসীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান বিবেচনা করুন। অগ্নি-সহণশীল নির্মান সামগ্রী এবং পরিবারের ব্যবহারের উপকরণ সামগ্রীসমূহের ক্ষেত্রে অগ্নি-সহনশীল উপকরণ পছন্দ করুন। অগ্নিপ্রতিরোধের বিষয়গুলি (যাদের চলাচল বা অভিগম্যতায় বাধা রয়েছে) সম্পর্কে অধিবাসীদের জানান।

**অপরাধ হ্রাস:** আবাসনের ডিজাইন অপরাধ এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা হ্রাসে অবদান রাখতে পারে। আশ্রয়, ভবন এবং সংশ্লিষ্ট সুযোগ-সুবিধাসমূহ, রাত্রিকালিন পর্যাপ্ত আলো, বসবাসের স্থান হতে ল্যাট্রিন এর দূরত্ব এবং গোসলের স্থান এর দূরত্ব প্রভৃতি বিষয়গুলি বিবেচনা করুন। আশ্রয়কেন্দ্র বা যৌথ কেন্দ্রগুলির ক্ষেত্রে অবশ্যই বিকল্প নির্গমন পথ থাকতে হবে।

**হুমকি এবং ঝুঁকি সমূহের পরিবর্তন:** পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে নিয়মিত প্রেক্ষাপট, আপদ এবং ঝুঁকি যাচাই করুন। এগুলির মধ্যে মৌসুম ভিত্তিক আপদ, নিরাপত্তা পরিস্থিতির পরিবর্তন, পূর্ববর্তী বা বর্তমান সংঘর্ষ এর অবিস্ফোরিত গোলাবারুদ বা জনসংখ্যা সংক্রান্ত পরিবর্তনের পরিণতি অন্তর্ভূক্ত থাকতে পারে।

**যৌথ কেন্দ্র এবং কমিউনিটির অবকাঠামোগত নিরাপত্তা:** সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের উচিত সংঘাতের মাধ্যমে ক্ষতিগ্রস্থ জনবসতিপূর্ণ এলাকায় কমিউনিটি ভবন, যৌথ কেন্দ্র এবং অন্যান্য কাঠামোর কাঠামোগত স্থিতিশীলতা যাচাই করা। প্রকৃত এবং সম্ভাব্য নিরাপত্তা বা স্বাস্থ্যগত হুমকিসমূহ বিবেচনা করুন।

**জীবিকায়ন সহায়তা:** দুর্যোগ পূর্ববর্তী অর্থনৈতিক কার্যক্রম এবং দুর্যোগ পরবর্তী প্রেক্ষাপটে সম্ভাব্য জীবিকায়নের সুযোগসমূহ বিবেচনা করুন। চাষাবাদের জন্য এবং চারণ ভূমির জন্য ব্যবহারযোগ্য জমি অথবা বাজারে অধিগমন বা কর্মসংস্থানের সুযোগসমূহ চিহ্নিত করুন। আশ্রয় এবং আবাসনে সাড়াদান স্থানীয় কর্মসংস্থান প্রদানের সম্ভাবনা রাখে, যেমন, কারিগারি সহায়তা, সরবরাহসমূহ বা শ্রম বাজারে ভূমিকা। একটি সুনির্দিষ্ট সময়সীমার মধ্যে ফলাফল অর্জনের উদ্দেশ্যে স্থানীয় সক্ষমতা বাড়াতে প্রশিক্ষণ এবং শিক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন করুন। ⊕ *আশ্রয় ও আবাসন মানসমূহ ৫ এবং মূল হ্যান্ডবুক এর*

*খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি-জীবিকায়নের মান ৭.১ এবং ৭.২ দেখুন।*

**ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ:** যেকোন সুযোগ-সুবিধা পরিষেবা এবং উপযোগিতাসমূহ (যেমন; পানি ব্যবস্থাপনা, পয়:নিষ্কাশণ, পানি-নিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, স্কুলসমূহ) এর জন্য ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ পরিকল্পনা তৈরী করুন। পরিকল্পনার মূল উপাদানের মধ্যে রয়েছে কমিউনিটির অংশগ্রহণ, ব্যবহারকারী গোষ্ঠী প্রতিষ্ঠা, দায়-দায়িত্বসমূহ সংজ্ঞায়িত করা, এবং ব্যয় পুনরুদ্ধার বা খরচ ভাগ করে নেয়ার পরিকল্পনা।

**আবাসনের সমাপ্তি এবং হস্তান্তর:** পরিবেশের উপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থাগুলি অস্থায়ী আবাসনের মধ্যে এবং এর আশেপাশের পরিবেশের প্রাকৃতিক অবস্থাকে উন্নত করতে পারে। আবাসনের স্থানগুলির সমাপ্তির পরিকল্পনা থাকা উচিত, এটি আবাসনের পরিকল্পনার সময়ে অন্তর্ভূক্ত থাকে ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসনের মানগুলি ৭: পরিবেশগত স্থায়িত্ব।*

স্থানীয় জনগনকে টেকসই ভূমি ব্যবস্থাপনার কৌশল শেখানো, আবাসনের স্থান এবং স্থানীয় পরিবেশের পুনরুদ্ধার নিশ্চিত করে। যেখানে সম্ভব, পরিচ্ছন্নতা এবং আবাসনের সমাপ্তিতে স্থানীয় শ্রম ব্যবহার করুন।

## ৩. আবাসস্থল

মানুষের কল্যাণের জন্য আবাসস্থলটি খুবই গুরুত্বপূর্ণ। এটি একটি পরিবারের মূল মানবিক প্রয়োজন ও অধিকার যেখানে নিরাপদবোধ করে এবং অপরিহার্য বিভিন্ন গৃহস্থালি কর্মকাণ্ড পরিচালনার সুযোগ থাকে।

### আশ্রয় এবং আবাসন মানদণ্ড ৩:
### আবাসস্থল

আবাসস্থলে মানুষের নিরাপদ ও পর্যাপ্ত প্রবেশের সুযোগ থাকতে হবে যাতে অপরিহার্য গৃহস্থালি ও জীবিকা নির্বাহের কর্মকাণ্ড গুলিকে মর্যাদার সাথে পরিচালনা করতে পারে ।

### মূল করণীয়সমূহ:

১ প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারের মৌলিক গৃহস্থালি কর্মকাণ্ড সম্পাদন করার জন্য আবাসস্থলে পর্যাপ্ত জায়গা নিশ্চিত করা।

- ঘুমানো, খাবার রান্না এবং খাওয়ার জন্য স্থানীয় সংস্কৃতি এবং জীবনধারাকে বিবেচনা করে পরিবারের সদস্যদের বিভিন্ন চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বসবাসের জায়গা প্রদান করা।
- বসবাসকারীগণ ও তাদের সম্পদের জন্য ঘরের মৌলিক ছাউনি ও ঘেরা প্রদান করা যেন শারীরিক নিরাপত্তা, সম্মান, গোপনীয়তা বজায় থাকে এবং বৈরী আবহাওয়া হতে সুরক্ষা পায় ।
- সন্তোষজনক আলো ও বায়ুচলাচলের ব্যবস্থা এবং আরামদায়ক তাপমাত্রার সুযোগ প্রদান করা ।

২ আবাসস্থলের আশেপাশে মৌলিক কর্মকাণ্ডগুলি সম্পাদন করতে নিরাপদ প্রবেশ নিশ্চিত করা ।

- রান্নার কাজ, পায়খানা, গোসলখানা, ধোলাইখানা, জীবিকা নির্বাহের কর্মকাণ্ড, সামাজিক কার্যক্রম এবং খেলাধুলার স্থানকে যথাযথভাবে অন্তর্ভুক্ত করা।

৩ আশ্রয়ের সমাধানের জন্য সামাজিক ও সাংস্কৃতিকভাবে গ্রহণযোগ্য এবং পরিবেশবান্ধব নির্মাণ সামগ্রী ও কৌশল ব্যবহারকে উৎসাহিত করা।

### মূল সূচকসমূহ:

**আক্রান্ত জনসংখ্যার শতকরা হার, তাদের পর্যাপ্ত আবাসস্থল এবং তার আশেপাশে দৈনন্দিন কর্মকাণ্ড চালানোর জায়গা থাকা।**

- **রান্নার জায়গা, গোসলের জায়গা এবং স্যানিটেশন সুবিধা ব্যতীত জনপ্রতি ন্যূনতম ৩.৫ বর্গ মিটার আবাসস্থল থাকা দরকার।**
- **ঠান্ডা জলবায়ু বা শহুরে আবাসনে জন প্রতি ৪.৫-৫.৫ বর্গ মিটার বসবাসের স্থান থাকা, যেখানে অভ্যন্তরীণ রান্নার স্থান এবং গোসল ও স্যানিটেশন সুবিধাগুলি অন্তর্ভুক্ত।**

- **অভ্যন্তরীণ মেঝে থেকে সিলিং এর সর্বোচ্চ বিন্দুতে উচ্চতা কমপক্ষে ২ মিটার (গরম জলবায়ুতে ২.৬ মিটার) রাখা।**

**আশ্রয় এর শতকরা হার যা গ্রহণযোগ্য কারিগরি ও গুণগত মান পূরণ করে এবং যা সাংস্কৃতিক ভাবে গ্রহণযোগ্য।**

**জনসংখ্যার শতকরা হার যারা কারিগরি সহায়তা পেয়েছে এর ফলে তাদের আশ্রয়ে নিরাপদ অনুভব করে।**

## নির্দেশিকা

**আবাসস্থল:** আবাসস্থল দৈনন্দিন কর্মকাণ্ডের জন্য পর্যাপ্ত হওয়া উচিত যেমন ঘুমানো, খাবার প্রস্তুত করা এবং খাওয়া, ধোয়া, পোশাক পরা, খাদ্য ও জল সংরক্ষণ করা এবং পরিবারের দখল এবং অন্যান্য মূল সম্পদগুলো রক্ষা করা। এটি অবশ্যই সাংস্কৃতিক ও সামাজিক নিয়ম অনুযায়ী পরিবারের লিঙ্গ (জেন্ডার), বিভিন্ন বয়সের গ্রুপের মধ্যে প্রয়োজনীয় গোপনীয়তা এবং পৃথকীকরণ নিশ্চিত করতে হবে ⊕ *আশ্রয় এবং আবাসন মান ২: অবস্থান ও বসতি পরিকল্পনা দেখুন* ।

পরিবারের সদস্যদের একত্রিত হওয়ার জন্য বাচ্চা, শিশু এবং অসুস্থ বা আহত ব্যক্তিদের যত্নের জন্য জায়গা বিবেচনা করুন। দিন ও রাতে জায়গার ব্যবহার পরিবর্তন করার দিকে মনোযোগ দিন, এবং অভ্যন্তরীণ স্থান এবং রান্নাঘর বা খেলার ক্ষেত্রগুলির মতো কোনও সংলগ্ন বাহ্যিক এলাকার ব্যবহার সর্বাধিক করার জন্য জানালা, দরজা এবং পার্টিশনের অবস্থানগুলি পরিকল্পনা করুন ।

এই কাজগুলিকে মর্যাদা সম্পন্ন করার জন্য আশ্রয়গুলিতে পর্যাপ্ত মেঝের আয়তন একটি ঘেরা বা আবৃত স্থান (দেয়াল, জানালা, দরজা এবং ছাদ) প্রয়োজন। খোলা স্থানে অবস্থান বা অল্পস্থানে অতিরিক্ত ভিড় রোগের প্রাদুর্ভাব বা অসুস্থতার ঝুঁকি বাড়ায়। মেঝের আয়তন হ্রাসের ফলে সুরক্ষা ঝুঁকি, নিরাপত্তা এবং গোপনীয়তা হ্রাস পেতে পারে।

ন্যূনতম বসবাসের স্থানটি সাংস্কৃতিক ও সামাজিক নিয়ম, প্রাসঙ্গিকতা, সাড়াদান পর্ব এবং জাতীয় কর্তৃপক্ষ বা মানবিক সাড়াদান সেক্টরের দিকনির্দেশনাকে প্রতিফলিত করে। আবাসস্থলের সর্বনিম্ন আয়তন (ব্যক্তিপ্রতি ৩.৫ বর্গ মিটার, ঠাণ্ডা জলবায়ুতে ৪.৫ বর্গ মিটার) নির্ধারণ করার ক্ষেত্রে সম্ভাব্য পরিণতিগুলো বিবেচনা করা এবং সর্বনিম্ন আয়তনের বিষয়ে যেকোনো অভিযোজন বা খাপ খাওয়ানোর জন্য যথাশীঘ্র অংশীজনদের সাথে ঐকমতে পৌঁছানো।

যেখানে দ্রুত কাজ করা এবং জীবন বাঁচানোর প্রয়োজন রয়েছে, সেখানে প্রারম্ভিক সহায়তা বিবেচনা করুন:

- সর্বনিম্ন বসবাসের স্থানের জন্য একটি ছাউনি তৈরি করা এবং দেয়াল, দরজা এবং জানালার সহায়তা বিবেচনা করুন; অথবা
- ছোট মেঝের আয়তনের একটি আশ্রয় নির্মাণ করা এবং পরবর্তীতে মেঝের আয়তন বৃদ্ধি করুন।

কিছু পরিস্থিতিতে, আবাসস্থলের মান পারিপার্শ্বিক সীমাবদ্ধতা দ্বারা নির্ধারিত হতে পারে। এটি একটি অবরুদ্ধ বসতি, ঘন শহুরে অবস্থান বা চরম জলবায়ু পরিস্থিতিতে হতে পারে যেখানে আশ্রয় নির্মাণ সামগ্রীগুলি সহজেই পাওয়া যায় না। নির্দেশিত ন্যূনতম আবাসস্থলটি জরুরি পর্যায়ে এবং অস্থায়ী বা ট্রানজিশনাল শেল্টার সহায়তাগুলিতে প্রযোজ্য। যখন অবস্থানের সময়কাল প্রসারিত হয়, তখন বাসযোগ্য স্থানের মানগুলি অবশ্যই পুনর্বিবেচনা করা উচিত। পুনরুদ্ধারের পর্যায়ে, গ্রহণযোগ্য স্থানীয় মান এবং পূর্বনির্ধারিত প্রস্থান কৌশলগুলি অবশ্যই বিবেচনা করা উচিত।

কোন ধরনের সহায়তা প্রদান করা হবে তা নির্ধারণে যতটা সম্ভব ক্ষতিগ্রস্ত সম্প্রদায় এবং পরিবারগুলিকে জড়িত করুন। যারা আচ্ছাদিত বসবাসের স্থানে বেশি সময় ব্যয় করে এবং যারা চলাচলে বা প্রবেশে বাধার মুখোমুখি হয় তাদের সাথে পরামর্শ করুন।

প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের সাথে বসবাসকারীদের জন্য বসবাসের জায়গাটি প্রবেশযোগ্য কিনা তা নিশ্চিত করুন। প্রতিবন্ধী ব্যক্তিদের, বিশেষ করে যাদের বুদ্ধিবৃত্তিক এবং মানসিক বিকারগ্রস্থতা রয়েছে, তাদের অতিরিক্ত জায়গার প্রয়োজন হতে পারে।

**সাংস্কৃতিক আচরণ, সুরক্ষা এবং গোপনীয়তা:** বিদ্যমান আচরণ এবং রীতিকে সম্মান প্রদর্শন করা এবং কীভাবে অভ্যন্তরীণ পর্দা বা বেড়া তৈরির প্রয়োজনকে প্রভাবিত করে তা বিবেচনা করা। উদাহরণস্বরূপ, বর্ধিত সংখ্যক পরিবারের সদস্য বা বিভিন্ন পরিবারের সদস্য একসাথে থাকার ক্ষেত্রে ঘুমানোর ব্যবস্থার জন্য আবাসস্থলটির সঠিক নকশা করা।

সমষ্টিগত আবাসনে, ব্যক্তিগত এবং গৃহস্থালী স্থানে পর্দার জন্য পার্টিশনগুলির সাথে আবাস এলাকার প্রবেশ পথগুলো সুপরিকল্পিত, সু-আলোকিত রাখা যেন ব্যক্তিগত গোপনীয়তা এবং নিরাপত্তা বজায় থাকে। সমষ্টিগত বাসস্থানে, সমপক্ষ দলগুলিকে স্থান ভাগ করে নেওয়ার উপায়টির অনুমতি দেয়া। উদাহরণস্বরূপ, কিছু LGBTQI ব্যক্তি তাদের নিজস্ব পরিবারের পরিবর্তে বন্ধু এবং সমকক্ষদের সাথে বসবাস করতে পছন্দ করে।

**সুরক্ষা:** নিশ্চিত করুন যে বাসস্থান থেকে একাধিক প্রস্থান পথ রয়েছে এবং অভ্যন্তরের জায়গাগুলি সর্বজনীন এলাকায় খোলা থাকে। নিশ্চিত করুন যে কর্মীরা গার্হস্থ্য সহিংসতা বা অন্যায়ভাবে সুবিধাগ্রহণ, শোষণ বা শিশুদের অবহেলা করা সম্পর্কে সুরক্ষা উদ্বেগকে কীভাবে উল্লেখ করতে হয় তা জানে। নারী, মেয়ে এবং যাদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি বিষয়ক সাহায্য প্রয়োজন প্রায়ই তাদের অতিরিক্ত স্থান প্রয়োজন হয়। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর ওয়াশ স্বাস্থ্যবিধি প্রচার মান ১.৩ ঋতুস্রাব স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা এবং অসংগতি।*

যেখানে সমষ্টিগত অস্থায়ী বাসস্থান ব্যবহার করা হয়, সেখানে যৌন শোষণ এবং যৌন সহিংসতা প্রতিরোধের জন্য নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করুন। ঝুঁকিগুলি বোঝার জন্য এবং তাদের মোকাবেলা করার জন্য কমিউনিটির সদস্যদের সাথে কাজ করুন এবং একটি শক্তিশালী অভিযোগ প্রতিক্রিয়া যাচাইকরণ পদ্ধতি স্থাপন করার মাধ্যমে যেন তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া যায় ।

**মনোসামাজিক বিবেচনা:** বাসস্থান বিন্যাস এবং নকশা এমন হওয়া উচিত যেন পরিবারের সদস্যদের একত্রিত হওয়ার জায়গা থাকে যা সামাজিকীকরণের উপায় বৃদ্ধি করে।

উষ্ণ, আর্দ্র জলবায়ুতে, আশ্রয়কে এমনভাবে নকশা, স্থাপন এবং নির্মাণ করতে হবে যেন তাতে পর্যাপ্ত বাতাস আসা যাওয়া করতে পারে এবং সরাসরি সূর্যের আলো প্রবেশ না করে। একটি উঁচু সিলিং বায়ু সঞ্চালনে সহায়তা করে। একটি সংযুক্ত আচ্ছাদিত বহিরাঙ্গন স্থান সরাসরি সূর্যালোক কমাতে এবং বৃষ্টি থেকে রক্ষা করতে সহায়তা করে। বসবাসের স্থানের সংলগ্ন খাদ্য প্রস্তুতি এবং রান্নার জন্য ছায়াযুক্ত চালা আচ্ছাদিত বহিরাঙ্গন স্থান পৃথকভাবে বিবেচনা করা। বাতাসের ঝুঁকিপূর্ণ এলাকা বাদে অন্যান্য এলাকার জন্য চালায় বাড়তি অংশ বেশি রেখে বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য চালের ঢাল রাখা উচিত। আশ্রয়ের নির্মাণ সামগ্রী বা মালামাল হালকা ও কম তাপ বহন ক্ষমতা সম্পন্ন হতে হবে, যেমন- কাঠ। উঁচু মেঝে ব্যবহার করা যেন আচ্ছাদিত আবাসস্থলে পানি প্রবেশ করতে না পারে। ⊕ *আশ্রয় এবং আবাসন মান ২ দেখুন: স্থান নির্দেশ এবং আবাসন পরিকল্পনা।*

**গরম, শুষ্ক জলবায়ুতে,** বেশি ওজনের নির্মাণ সামগ্রী (যেমন মাটি বা পাথর) রাত এবং দিনের তাপমাত্রার পরিবর্তন সত্ত্বেও তাপীয় স্বাচ্ছন্দ্য নিশ্চিত করে। অন্যথায়, পর্যাপ্ত তাপ নিরোধক ও হালকা ওজনের নির্মাণ সামগ্রী ব্যবহার করা। ভূমিকম্পের ঝুঁকি এলাকায় বেশি ওজনের নির্মাণের কাঠামোগত নকশায় মনোযোগ দেয়া দরকার। যেখানে সম্ভব উপযুক্ত ছায়াময় এবং বায়ুচলাচলের সুযোগ আছে এমন স্থান প্রদান করা। যদি শুধুমাত্র প্লাস্টিক শীট বা তাঁবু পাওয়া যায়, তবে দুই স্তরের চালা প্রদান করা যেন স্তরগুলোর মধ্যে ফাঁকা থাকে, এর ফলে অতিরিক্ত তাপ ও আলো প্রবেশের সুযোগ কমবে। গরম বাতাস প্রবাহের দিক থেকে দরজা ও জানালার অবস্থান দূরে রাখা। অভ্যন্তরীণ মেঝে ফাঁক ছাড়াই বাহির দিকের দেয়ালের সাথে মিলানো উচিত যেন ধুলোবালি এবং জীবাণুবাহী কীটপতঙ্গ প্রবেশ রোধ করে।

**ঠান্ডা জলবায়ুতে,** একটি কম উঁচুর সিলিং প্রদান করা দরকার যাতে অভ্যন্তরীণ ঠান্ডার পরিমান কম থাকে, ফলে তাপ সৃষ্টির প্রয়োজন হয় না। যে সকল আশ্রয়ে দিনের বেলায় লোকজন থাকে সেগুলোর অভ্যন্তর ভাগকে উষ্ণ রাখার জন্য উচ্চতাপ ক্ষমতাসহ মজবুত নির্মাণ কাঠামো প্রয়োজন। শুধুমাত্র রাতের বেলায় মানুষ থাকে এমন ক্ষেত্রে নির্মাণ কাঠামো হালকা ও উচ্চ তাপ অপরিবাহী হওয়া ভাল। বায়ুপ্রবাহ কমাতে বিশেষভাবে দরজা বা জানালার মাধ্যমে হিটার বা রান্নার চুল্লির জন্য পর্যাপ্ত বায়ু প্রবাহের ব্যবস্থা রেখে বসবাসকে আরামপ্রদ করা যায়।

**পর্যাপ্ত বায়ুচলাচল** একটি স্বাস্থ্যকর অভ্যন্তরীণ পরিবেশ বজায় রাখতে সহায়তা করে, সংকোচন প্রতিরোধ করে এবং সংক্রামক রোগের বিস্তার হ্রাস করে। এটি অভ্যন্তরীণ গৃহস্থালী চুলা থেকে ধোঁয়ার প্রভাব হ্রাস করে, এই ধোয়া শ্বাসযন্ত্রের সংক্রমণ এবং চোখের সমস্যার কারণ হতে পারে। যেখানে সম্ভব প্রাকৃতিক বায়ুচলাচলের ব্যবস্থা করা।

**কীটপতঙ্গ নিয়ন্ত্রণ:** নিম্নাঞ্চল, ধ্বংসাবশেষ/আবর্জনা এবং খালি ভবনগুলি কীটপতঙ্গের জন্য প্রজনন ক্ষেত্র হতে পারে যা জনস্বাস্থ্যের ঝুঁকি তৈরি করতে পারে। সামাজিক বসতিগুলোর জন্য, জায়গা নির্বাচন এবং কীটপতঙ্গের ঝুঁকিগুলির সক্রিয় প্রশমন কীটপতঙ্গ বাহিত রোগগুলির প্রভাব হ্রাস করার মূল চাবিকাঠি। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর : ওয়াশ কীটপতঙ্গ নিয়ন্ত্রণ মান ৪.২ দেখুন: কীটপতঙ্গ গুলির নিয়ন্ত্রণ করার জন্য পারিবারিক এবং ব্যক্তিগত কর্মকাণ্ড।*

## ৪. গৃহস্থালী সামগ্রী

গৃহস্থালী সামগ্রী সহায়তা স্বাস্থ্য, মর্যাদা এবং নিরাপত্তা পুনরুদ্ধারে এবং বাড়িতে ও তার আশেপাশে দৈনিক গার্হস্থ্য কর্মকাণ্ড গুলো পরিচালনা করতে সহায়তা করে। এই মানটি ঘুম, খাদ্য প্রস্তুতি এবং সংরক্ষণাগার, খাওয়া ও পানীয়, তাপীয় স্বাচ্ছন্দ্য, আলো এবং ব্যক্তিগত পোশাকের জন্য সামগ্রীগুলোর মাধ্যমে সহায়তা বুঝায়। ওয়াশ অধ্যায়ে মশারি, বালতি, পানি সংরক্ষণ এবং স্বাস্থ্যবিধি সামগ্রীগুলোর অনুরুপ সামগ্রীগুলো সম্পর্কে অতিরিক্ত বিবরণ দেয়া আছে।

### আশ্রয় এবং বসতি স্থাপনের মান ৪:
### গৃহস্থালী সামগ্রী

গৃহস্থালী সামগ্রী সহায়তা স্বাস্থ্য, মর্যাদা এবং নিরাপত্তা পুনরুদ্ধারে এবং বাড়িতে ও তার আশেপাশে দৈনিক গার্হস্থ্য কর্মকাণ্ড গুলি পরিচালনা করতে সহায়তা করে।

### মূল করণীয়সমূহঃ

১ যাচাই এবং সামগ্রীগুলিতে প্রবেশাধিকার নিশ্চিত করা যেন পরিবারগুলি প্রয়োজনীয় গার্হস্থ্য কর্মকাণ্ড গুলি পুনরুদ্ধার এবং পরিচালনা করতে সক্ষম হয়।

- বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতা সামাজিক ও সাংস্কৃতিক রীতিনীতি এবং পরিবারের আকার অনুযায়ী বিভিন্ন চাহিদা বিবেচনা করুন।
- গার্হস্থ্য কর্মকাণ্ড, ব্যক্তিগত পোশাক, স্বাস্থ্যবিধি এবং সুরক্ষা ও স্বাস্থ্য সম্পর্কিত সামগ্রীগুলিতে প্রবেশাধিকার এর অগ্রাধিকার দিন।

২ গৃহস্থালী সামগ্রী সহায়তা কীভাবে কার্যকর এবং যথাযথভাবে নিশ্চিত করা যায় তা নির্ধারণ করুন।

- নগদ বা ভাউচার-ভিত্তিক সহায়তা এবং স্থানীয়, আঞ্চলিক বা আন্তর্জাতিক ভাবে ক্রয়ের মাধ্যমে কী কী সামগ্রী সংগ্রহ করা যেতে পারে তা বিবেচনা করুন।
- সামগ্রীগুলি কীভাবে প্যাকেজ করা বা বিতরণ করা হবে তার সাথে সম্পর্কিত পরিবেশগত বিষয়গুলি বিবেচনা করুন।

৩ গৃহস্থালীর সামগ্রীগুলির প্রাপ্যতা, গুণগতমান এবং ব্যবহারবিধি পর্যবেক্ষণ করা এবং প্রয়োজনুযায়ী খাপ খাইয়ে নিন।

- বর্ধিত স্থানচ্যুতির ক্ষেত্রে পুনরায় পূরণ করার পরিকল্পনা করুন।
- প্রাপ্যতা, মূল্য এবং গুণগতমান বিবেচনায় নির্বাচিত বাজারগুলি নিয়মিত পরিবীক্ষণ করা। পরিস্থিতি অনুযায়ী সহায়তা প্রদানের পদ্ধতি মানিয়ে নিন।

## মূল সূচকসমূহ :

**জনগণের কাছে পর্যাপ্ত এবং উপযুক্ত মানের পোশাক রয়েছে**

- **ব্যক্তি প্রতি ন্যূনতম দুটি পূর্ণ সেট পোশাক, সঠিক পরিমাপের এবং উপযুক্ত সংস্কৃতি, ঋতু ও জলবায়ু অনুযায়ী হওয়া, এবং কোনও নির্দিষ্ট প্রয়োজনের সাথে মানিয়ে নিন।**

**জনগণের কাছে নিরাপদ, স্বাস্থ্যকর এবং ব্যক্তিগত ঘুমের জন্য পর্যাপ্ত এবং উপযুক্ত মানের গৃহস্থালী সামগ্রী রয়েছে**

- **জনপ্রতি ন্যূনতম একটি কম্বল এবং বিছানা (মেঝের মাদুর, তোশক, চাদর) এবং ঠান্ডা জলবায়ুতে অতিরিক্ত কম্বল বা মেঝে উত্তাপ করণের উপায় প্রয়োজন হতে পারে।**
- **প্রয়োজন অনুযায়ী দীর্ঘস্থায়ী কীটনাশক দ্বারা প্রক্রিয়াজাতকরা মশারি।**

**জনগনের কাছে খাবার প্রস্তুত, খাওয়া এবং খাবার রাখার জন্য যথেষ্ট এবং উপযুক্ত সামগ্রী রয়েছে**

- **প্রতি পরিবার বা চার থেকে পাঁচ জনের একটি দল: হাতল এবং ঢাকনা সহ বড় আকারের দুটি রান্নার পাতিল, খাদ্য প্রস্তুতি বা পরিবেশনের জন্য একটি গামলা, একটি রান্নাঘরের ছুরি এবং দুটি খাবার পরিবেশনের চামচ থাকা।**
- **ব্যক্তি প্রতি: একটি থালা, এক সেট চামচ এবং একটি পানির গ্লাস বা মগ থাকা।**

**ক্ষতিগ্রস্থ জনসংখ্যার শতকরা হার যাদের জন্য পর্যাপ্ত, নিরাপদ এবং সাশ্রয়ী এনার্জি/শক্তি সরবরাহের ব্যবস্থা রয়েছে যাতে তাদের তাপীয় স্বাচ্ছন্দ্য বজায় রাখা, খাদ্য প্রস্তুতকরণ এবং আলোর ব্যবস্থা থাকে।**

**দুর্ঘটনার সংখ্যা যা চুলা ব্যবহার বা জ্বালানি সংরক্ষণ বা সংগ্রহ করতে গিয়ে জনগণ ক্ষতিগ্রস্থ হয়েছে**

- **ভিত্তিরেখা স্থাপন করুন এবং অগ্রগতি পরিমাপ করা যাতে শূন্যতে নেমে যায়।**

## নির্দেশিকা

অত্যাবশ্যকীয় গৃহস্থালী সামগ্রীগুলি পর্যাপ্ত পরিমাণে এবং গুণগত মানসম্পন্ন হওয়া উচিত:

- ঘুম, তাপীয় স্বাচ্ছন্দ্য এবং ব্যক্তিগত পোশাক সামগ্রী;
- পানি সংরক্ষণ, খাদ্য প্রস্তুতি এবং সংরক্ষণ, খাওয়া এবং পান করা
- আলো;
- রান্না করা, ফুটন্ত পানি ও গরম করা, জ্বালানী বা এনার্জি/শক্তিসহ; দেখুন মূল হ্যান্ডবুক এর ⊕ *খাদ্য নিরাপত্তা এবং পুষ্টিমান ৫ দেখুন: সাধারণ খাদ্য নিরাপত্তা।*
- ঋতুস্রাবসহ স্বাস্থ্যবিধি বা অসংযমী সামগ্রী সহ স্বাস্থ্যবিধি; দেখুন মূল হ্যান্ডবুক এর ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর ওয়াশ স্বাস্থ্যবিধি প্রচার মান ১.২ এবং ১.৩।*

- কীটপতঙ্গ থেকে সুরক্ষা; উদাহরণস্বরূপ, মশারি। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর ওয়াশ কীটপতঙ্গ নিয়ন্ত্রন মান ৪.২।*
- আগুন ও ধোঁয়া নিরাপত্তা।

**উপযুক্ত গৃহস্থালী সামগ্রী নির্বাচন:** একটি সামগ্রিক পরিকল্পনার অংশ হিসাবে গৃহস্থালী সামগ্রীগুলি প্রদান করা উচিত। সামগ্রীগুলির ধরণ, পরিমাণ এবং গুণগতমান নির্দিষ্ট করার সময়, জীবন রক্ষাকারী সামগ্রীগুলিকে অগ্রাধিকার দেয়া। বিবেচনার বিষয়সমূহ:

- ব্যক্তি, গৃহস্থালী এবং জনসাধারণের পর্যায়ে অপরিহার্য দৈনন্দিন কর্মকাণ্ডে ব্যবহৃত সামগ্রী;
- সাংস্কৃতিক রীতিনীতি, যথার্থতা এবং ঐতিহ্য;
- নিরাপত্তা এবং ব্যবহারের সহজ উপায় (ন্যূনতম অতিরিক্ত নির্দেশনামা বা টেকনিক্যাল নির্দেশিকাসহ);
- স্থায়িত্ব, ব্যবহারের হার এবং পুনঃপূরণ করা প্রয়োজন;
- বর্তমান জীবনযাত্রার অবস্থা এবং ব্যবস্থা;
- স্থানীয় ভাবে প্রাপ্যতা;
- নারী, মেয়ে, পুরুষ, ছেলে, শিশু, বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি এবং অন্যান্য বিপদাপন্ন ব্যক্তি ও গোষ্ঠীসহ আক্রান্ত জনসংখ্যার শ্রেণি বা বিভাজন অনুযায়ী নির্দিষ্ট চাহিদা; এবং
- নির্বাচিত সামগ্রীগুলির পরিবেশগত প্রভাব ⊕ *আশ্রয় এবং বসতির মান ৭ দেখুন: পরিবেশগত স্থায়িত্ব।*

**নিরাপত্তা:** সমস্ত প্লাস্টিকের সামগ্রী খাদ্যমান (ফুড গ্রেড) প্লাস্টিকের হওয়া উচিত। সমস্ত ধাতব পণ্য মরিচা রোধক ইস্পাত বা এনামেল করা ধাতুর হওয়া উচিত।

চুলা এবং আশ্রয়ের উপকরণগুলির মধ্যে নিরাপদ দূরত্ব নিশ্চিত করা। একটি অ-দাহ্য ভিত্তি বা পাটাতনের উপর অভ্যন্তরীণ চুলা বসানো। চিমনি বা চুলার তাপ যেখান দিয়ে আশ্রয়ের ভিতর থেকে বেরুবে সেখানটাতেও অদাহ্য পদার্থের একটি ঘের প্রদান করা। চুলাটি প্রবেশ পথ থেকে দূরে এমন কোন জায়গায় থাকবে, যেখানে সেটি নিরাপদে ব্যবহার করা যায়। জ্বালানী চুলা থেকে নিরাপদ দূরত্বে সংরক্ষণ করা উচিত, এবং কেরোসিনের মতো যে কোনও তরল জ্বালানী শিশু এবং বাচ্চাদের নাগালের বাইরে রাখা উচিত।

**তাপীয় স্বাচ্ছন্দ্য** এর অর্থ জনগণ আরামদায়কভাবে উষ্ণ বা শীতল, আচ্ছাদিত এবং শুষ্ক অবস্থায় বসবাস করে। পোশাক, কম্বল এবং বিছানাপত্র ব্যক্তিগত আরাম প্রদান করে। মাদুর, তাপ বা ঠাণ্ডা সৃষ্টির উপকরণগুলি উপযুক্ত জীবনযাত্রার পরিস্থিতি তৈরি করবে। হাইপোথার্মিয়া বা হিট স্ট্রোক প্রতিরোধের জন্য ব্যক্তিগত এবং পারিবারিক পর্যায়ে সমস্ত সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**সাশ্রয়ী মূল্যের জ্বালানী এবং গৃহস্থালী শক্তি সরবরাহ:** জ্বালানী এবং অন্যান্য শক্তির উৎস আলো, রান্না,

তাপীয় স্বাচ্ছন্দ্য এবং যোগাযোগের জন্য প্রয়োজনীয়। জ্বালানী প্রদান বা শক্তির জন্য অর্থ প্রদান করা একটি পুনরাবৃত্ত খরচ এবং সেই অনুযায়ী পরিকল্পনা করা আবশ্যক। শক্তি দ্বারা কার্যকর ভাবে রান্নার অনুশীলন বা প্রচলন, জ্বালানী-সাশ্রয়ী চুলা, জ্বালানী কাঠের প্রস্তুতি, অগ্নি ব্যবস্থাপনা, খাদ্য প্রস্তুতির কৌশল এবং একাধিক পরিবারের রান্নার ব্যবস্থা প্রসারিত করা। ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং স্থানীয় সম্প্রদায়ের সাথে জ্বালানী সংগ্রহের ধরন, অবস্থান এবং উপায়গুলি নিয়ে আলোচনা করা দরকার যাতে ব্যক্তিগত নিরাপত্তা এবং টেকসই পরিবেশ বজায় থাকে।

**কৃত্রিম আলো:** সাধারণ আলোর ব্যবস্থা নেই এমন আবাসনগুলিতে এবং তার আশেপাশে ব্যক্তিগত সুরক্ষায় অবদান রাখার জন্য প্রয়োজন অনুযায়ী কৃত্রিম আলো সরবরাহ করা উচিত। দিয়াশলাই এবং মোমবাতি ছাড়াও কম শক্তি খরচ করে এমন কৃত্রিম আলো যেমন হালকা-নির্গত ডায়োড (এলইডি) এবং সৌর শক্তির প্যানেল ব্যবহার বিবেচনা করা।

**গৃহস্থালী সামগ্রী গুলির জন্য বাজার-ভিত্তিক কর্মসূচি:** গৃহস্থালী সামগ্রীগুলির জন্য বাজার যাচাই একটি বৃহত্তর বাজার যাচাই পদ্ধতি এর অংশ হওয়া উচিত। সম্ভব হলে গৃহস্থালীর সামগ্রীগুলি এমন হওয়া উচিত যেন স্থানীয় বাজারগুলিকে সহায়তা করে। সামগ্রিক গৃহস্থালী ব্যয়ের অংশ হিসাবে এই সামগ্রীগুলির ব্যয় বিশ্লেষণ করা উচিত। সময়ের সাথে সাথে এগুলো পরিবীক্ষণ করা দরকার এবং সেই অনুযায়ী মানিয়ে নেয়া ও সামঞ্জস্যপূর্ণ করা ⊕ *মূল হ্যান্ডবুক এর বাজারগুলির মাধ্যমে সহায়তা সরবরাহ করা দেখুন।*

**বিতরণ:** স্থানীয় কর্তৃপক্ষ এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে পরামর্শ করে কার্যকর এবং ন্যায্য বিতরণ পদ্ধতির পরিকল্পনা করা। বিপদাপন্ন ব্যক্তি বা পরিবারগুলি বিতরণ তালিকাগুলিতে অন্তর্ভুক্ত রয়েছে এবং তথ্য ও বিতরণ উভয়েই প্রবেশাধিকার রয়েছে সেগুলো নিশ্চিত করা দরকার। বিতরণের জায়গাগুলি সাবধানে নির্বাচন করা উচিত, হাঁটার দূরত্ব, ভূখণ্ড এবং আশ্রয়ের জন্য সহায়তার সামগ্রীগুলির মতো বৃহৎ সামগ্রী পরিবহণের বাস্তবতা বিবেচনা করা। ব্যক্তিগত ও গৃহস্থালী সামগ্রী সংরক্ষণ এবং পরিবহণের জন্য বাক্স বা থলে অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা।

**বিতরণ পরিবর্তী পরিবীক্ষণ:** বিতরণ প্রক্রিয়া এবং গৃহস্থালী সামগ্রী উভয়ের যথাযথতা যাচাই করুন। যদি সামগ্রীগুলি ব্যবহার না করা হয় বা বাজারে বিক্রি করা হয়, বা সামগ্রীগুলি গ্রহণ করতে দেরি হয় তবে প্রক্রিয়া বা সামগ্রীগুলি খাপ খাইয়ে নেয়া বা প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করুন। সচেতন থাকুন যে সময়ের সাথে সাথে প্রয়োজনগুলি পরিবর্তিত হবে এবং কার্যক্রম সমূহের সেই পরিবর্তনগুলির সাথে খাপ খাইয়ে নেওয়া উচিত।

## ৫. টেকনিক্যাল সহায়তা

টেকনিক্যাল সহায়তা আশ্রয় এবং আবাসন সাড়াদানের একটি অবিচ্ছেদ্য অংশ। এটি ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের পূর্বের অবস্থায় ফিরে আসতে সহায়তা করে ও গুণগতমান উন্নত করে এবং তাদের আশ্রয় এবং আবাসনের নিরাপত্তা নিশ্চিত করে। আশ্রয় এবং অন্যান্য নির্মাণ এর জন্য ক্ষতিগ্রস্থ পরিবার বা কমিউনিটিগুলি তাদের বাসস্থান এর নকশা তৈরি করা, আশ্রয়ের স্থানের বিন্যাস, উপকরণ এবং কাজের তত্ত্বাবধানে বা কাজ করার জন্য সক্রিয়ভাবে জড়িত থাকা অপরিহার্য।

**আশ্রয় এবং বন্দোবস্ত মান ৫:**
**টেকনিক্যাল সহায়তা**

মানুষের সময়মতো উপযুক্ত টেকনিক্যাল সহায়তা পাওয়ার সুযোগ আছে।

### মূল পদক্ষেপঃ

১ প্রাক-সংকট পরিকল্পনা এবং নির্মাণ অনুশীলন, উপকরণগুলির সহজপ্রাপ্যতা, দক্ষতা এবং ক্ষমতার বিষয়গুলো বোঝা।

- স্থানীয় ভবন নির্মান কৌশল এবং ব্যবহারের উপকরণগুলির সাথে সম্মত হওয়ার জন্য এবং কাজের গুণগত মানের নিশ্চয়তার জন্য ক্ষতিগ্রস্থ ব্যক্তি, ভবন নির্মানে জড়িত ব্যক্তি এবং কর্তৃপক্ষের সাথে পরামর্শ করুন।

২ নির্মাণ প্রক্রিয়ায় ক্ষতিগ্রস্থ মানুষ, স্থানীয় সরকার, স্থানীয় পেশাদার ভবন নির্মাতাদের এবং স্থানীয় মানুষদের সম্পৃক্ত করুন।

- উপযুক্ত পরিকল্পনা এবং বিল্ডিং কোড, উপকরণের বিবরণ এবং সুনির্দিষ্ট মেনে চলুন, যা আশ্রয়, আবাসন এবং পরিবারের জন্য স্থির করা জীবনকালের জন্য উপযুক্ত।
- স্থানীয় ভবন নির্মানের কৌশল এবং জীবিকায়নের সুযোগের সর্বোচ্চ সুবিধা নিন।

৩ আশ্রয়ের বর্তমান প্রয়োজন পূরণে এবং ভবিষ্যতের ঝুঁকি হ্রাসে নিরাপদ ভবন নির্মান পদ্ধতি অনুশীলন করুন।

- ক্ষতিগ্রস্থ বা ধ্বংস হওয়া বাড়ি বা আশ্রয়ের জন্য, কাঠামোগত ঝুঁকি ও আপদসমূহ, ব্যর্থতার কারণগুলি বা ভবিষ্যতে কী ব্যর্থ হতে পারে তার কারণগুলি চিহ্নিত করুন।
- যথাসম্ভব ভবন নির্মাণের উন্নত ও নতুন স্থানীয় পদ্ধতি এবং কৌশলগুলি থেকে শিখুন, ভবন নির্মাণের অনুশীলনগুলি যথাযথভাবে উন্নত করতে কার্যকরভাবে অভিজ্ঞতা বিনিময় করুন।

৪ মানুষ পর্যাপ্ত টেকনিক্যাল সহায়তা পাচ্ছে তা নিশ্চিত করুন।

- কিভাবে বিল্ডিং কোড এবং সুনির্দিষ্ট মানগুলি মেনে চলতে হয় এবং কিভাবে ক্ষতিগ্রস্থ মানুষের মাঝে টেকনিক্যাল সহায়তা বাড়ানো যায়, সেক্ষেত্রে বিশেষজ্ঞ পেশাদারের অন্তর্ভূক্তির প্রয়োজনীয়তা বিবেচনা করুন।

- যাদের নিরাপদ ও কারিগরিভাবে নির্মাণ সম্পর্কিত কাজের দক্ষতা, সক্ষমতা বা সুযোগ সীমিত তাদের প্রতি মনোযোগ দিন বা বিদ্যমান একটি নিরাপদ এবং কারিগরিভাবে উন্নত সম্পত্তি নিয়ে তাদের সাথে আলোচনা করুন।

৫ মানসম্পন্ন ফলাফল নিশ্চিত করার জন্য উপকরণ, অর্থ, শ্রম, টেকনিক্যাল সহায়তা এবং নিয়মতান্ত্রিক অনুমোদন এর জন্য উপযুক্ত প্রকল্প ব্যবস্থাপনা স্থাপন করুন।

- যথাযথ দরপত্র, নিলাম, ক্রয়, চুক্তি এবং নির্মান ব্যবস্থাপনা প্রক্রিয়া এবং আচরণবিধি অনুসরণ করুন।
- স্থানীয়ভাবে সহজলভ্য, টেকসই এবং প্রচলিত প্রযুক্তি, সরঞ্জাম এবং উপকরণের ব্যবহারকে উৎসাহিত করুন এবং আশ্রয় রক্ষণাবেক্ষণ এবং তার উন্নতিসাধনে স্থানীয় শ্রমিক নিয়োগ করুন।

## প্রধান নির্দেশকসমূহ:

- **কর্মসূচীর শতাংশ, যেখানে স্থানীয় কর্তৃপক্ষ নির্মাণের মান নির্ধারণে এবং নির্মাণ কার্যক্রম পর্যবেক্ষণে জড়িত।**
- **নির্মাণ কার্যক্রমের শতাংশ যার মাধ্যমে ক্ষতিগ্রস্থ জনসংখ্যার সক্রিয় সম্পৃক্ততা বোঝা যায়।**
- **নির্দিষ্ট প্রেক্ষাপট এবং আপদ বিবেচনায় নিয়ে নিরাপদ বিল্ডিং কোড অনুসারে নির্মিত, মেরামত, পুন:স্থাপন, উন্নত বা রক্ষণাবেক্ষণ করা আশ্রয়ের শতাংশ।**
- **এমন পরিবারগুলির শতাংশা যারা উপযুক্ত টেকনিক্যাল সহায়তা এবং নির্দেশিকা গ্রহণ করেছে।**

## নির্দেশিকা নোট

**ক্ষতিগ্রস্থ মানুষের সাথে অংশগ্রহণ এবং সম্পৃক্ততা:** আশ্রয় এবং নির্মান কার্যক্রম স্থানীয় বিদ্যমান পদ্ধতি বা নিয়মের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। নির্মানকালীন সময়ে প্রশিক্ষণ কর্মসূচী এবং শিক্ষানবীশ কর্মকান্ড সকল ক্ষতিগ্রস্থ মানুষের অংশগ্রহণের সুযোগকে সবচাইতে বেশী কার্যকরী করতে পারে (সরাসরি ক্ষতিগ্রস্থ মানুষ বা যারা ক্ষতিগ্রস্থদের আশ্রয় প্রদান করেছেন)। নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণের সুযোগ প্রদান করুন। যারা শারীরিক ভাবে কাজ করতে সক্ষম নয় তাদের জন্য মনিটরিং, তালিকা তৈরী, প্রশাসনিক কাজে সহায়তা, শিশুদের যত্ন বা নির্মাণ কাজে জড়িতদের জন্য খাবার তৈরীর মতো কাজে অবদান রাখার সুযোগ তৈরী করুন। ক্ষতিগ্রস্থ মানুষদের অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ থাকে সে বিষয়ে সচেতন থাকুন। কমিউনিটির স্বেচ্ছাসেবক শ্রমিকদের বা ভাড়া করা শ্রমিকরা পৃথক পরিবারের নির্মান কাজে সহযোগিতা করতে পারে, বিশেষ করে যে পরিবারগুলির প্রধান হলো নারী, শিশু, বয়স্ক ব্যক্তি বা প্রতিবন্ধী ব্যক্তিরা। এই শ্রেণীর জন্য এই ধরণের সহায়তা গুরুত্বপূর্ণ কারণ নির্মাণকাজে সহায়তা চাওয়ার সময় তাঁরা যৌণ শোষনের ঝুঁকিতে থাকতে পারে।

**নির্মাণ কার্যক্রমে তরুণদের জড়িত করা:** একটি নির্মাণ প্রকল্পে তরুণরা নিজেদের দক্ষতা, আত্মবিশ্বাস, আত্মসম্মান এবং কমিউনিটির সাথে সংযোগ প্রদানের মধ্য দিয়ে এর অংশ হতে পারে। নির্মান কাজ বা

কাজের জন্য অর্থ কর্মসূচীতে ন্যূনতম কাজের বয়সের কম বয়সী শিশুরা কাজের সাথে জড়িত নয় তা নিশ্চিত করতে হবে। শিশুদের কাজের সর্বনিম্ন বয়স (সাধারণত ১৪ বা ১৫) এবং ১৮ বছর বয়সীদের এমনভাবে অংশগ্রহণ করা উচিত যা তাদের বয়স এবং বিকাশের জন্য উপযুক্ত হবে। জাতীয় আইনের প্রেক্ষাপটে তাদের অংশগ্রহণ হচ্ছে তা নিশ্চিত করুন। বিপজ্জনক এবং কম বয়সী শিশুশ্রম এড়াতে আন্তর্জাতিক মান এবং জাতীয় শ্রম আইন মেনে চলুন। শিশু শ্রমে কোন সন্দেহজনক বিষয় বা প্রশ্ন অবশ্যই শিশু সুরক্ষা বিশেষজ্ঞ বা সামাজিক পরিষেবার কাজে উল্লেখ করা উচিত ⊕ *দেখুন CPMS হ্যান্ডবুক।*

**পেশাগত দক্ষতা:** আশ্রয় বা আবাসন নির্মান স্থান এবং স্থান সংক্রান্ত পরিকল্পনা, স্থানীয় নির্মাণ কৌশল, ক্ষতি যাচাই, ধ্বংসাবশেষ/আবর্জনা অপসারণ, নির্মাণ কাজ, স্থান ব্যবস্থাপনা, বিদ্যমান ভবনের পর্যাপ্ততা যাচাই এবং মেয়াদের নিরাপত্তা মতো বিষয়ে পরামর্শ প্রদান করুন। এটি নিশ্চিত করে যে আশ্রয় প্রতিষ্ঠিত মানসমূহ পূরণ করে। উপকরণ এবং শ্রমবাজার সম্পর্কিত জ্ঞানও কার্যকর হবে, যেমন; আইনি এবং প্রশাসনিক সহায়তা ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মানগুলি ৬: মেয়াদের নিরাপত্তা।*

**বিল্ডিং কোড অনুসরণ করুন:** নির্মাণ কাজে স্থানীয় বা জাতীয় বিল্ডিং কোডগুলি অনুসরণ বা প্রয়োগ করা হয় কিনা তা দেখুন। যদি না হয়, বিল্ডিং কোড ব্যবহার ও অনুসরণের জন্য এ্যাডভোকেসী করুন। স্থানীয় ঘর নির্মাণ সংস্কৃতি, জলবায়ু পরিস্থিতি, সম্পদ, ভবন ও রক্ষনাবেক্ষণ ক্ষমতা, অভিগম্যতা এবং সামর্থ এই কোডগুলিতে অবশ্যই প্রতিফলিত হয়। নিশ্চিত করুন যে, আশ্রয় কর্মসূচীগুলি পরিবারগুলিকে অনুমোদিত কোড এবং মানগুলি পূরণ করতে বা ক্রমান্বয়ে অর্জন করতে দেয়, বিশেষ করে যে আশ্রয় কর্মসূচীসমূহ নগদ অর্থ ভিত্তিক সহায়তা প্রদান করে। যেখানে কোন বিদ্যমান মান নেই, স্থানীয় কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট ষ্টেকহোল্ডার (যেখানে সম্ভব, ক্ষতিগ্রস্থ মানুষ সহ) সহযোগিতায় ন্যূনতম মানগুলি প্রতিষ্ঠিত করুন যাতে প্রয়োজনীয় নিরাপত্তা এবং কর্মক্ষমতা পূরণ করে।

**টেকনিক্যাল সামর্থ্য বৃদ্ধি করা:** ক্ষতিগ্রস্থ জনসংখ্যা, স্থানীয় কর্তৃপক্ষ, ভবন নির্মানে জড়িত স্থানীয়রা, দক্ষ ও অদক্ষ শ্রমিক, ভূমির স্বত্ত্বাধিকারী, আইন বিশেষজ্ঞ এবং স্থানীয় অংশীদারদের প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে কমিউনিটির সামর্থ্য বৃদ্ধি করুন।

মৌসুমভিত্তিক বা চক্রাকারে আবর্তিত সঙ্কটের জন্য ঝুঁকিপূর্ণ স্থানগুলিতে, সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও স্থানীয় কর্তৃপক্ষকে জড়িত করুন যাদের স্থানীয় সমাধান এবং সু-অনুশীলন সম্পর্কে অভিজ্ঞতা রয়েছে। এই মানুষেরা ভবনের নকশা এবং স্থানীয় ভবন সংক্রান্ত বিষয়গুলি সম্পর্কে জানাতে পারে এবং উন্নত সমাধান তৈরীতে সহায়তা করতে পারে।

**উপকরণ সংগ্রহ:** যেখানে ভবন নির্মানের উপযুক্ত উপকরণ দ্রুত প্রদান করা যেতে পারে, সেক্ষেত্রে ক্ষতিগ্রস্থ জনসংখ্যা নিজেদের আশ্রয় নির্মাণ করতে পারে। উপযুক্ত নির্মাণ উপকরণ এর সাথে আশ্রয়ের এই সমাধানগুলি পৃথক উপাদান বা পূর্ব নির্ধারিত কিট এর সমন্বয়ে গঠিত হতে পারে। উপকরণসমূহ নির্বাচনে অবশ্যই দ্রুত বাজার যাচাই, বিশ্লেষন এবং একটি পরিবেশগত প্রভাব মূল্যায়ন সহায়তা করতে পারে।

স্থানীয়ভাবে উপকরণ সংগ্রহ স্থানীয় অর্থনীতি, শ্রমশক্তি বা প্রাকৃতিক পরিবেশকে প্রভাবিত করতে পারে। কিছু ক্ষেত্রে, স্থানীয়ভাবে পর্যাপ্ত মানসম্পন্ন উপকরণ না-ও পাওয়া যেতে পারে, এই পরিস্থিতিতে বিকল্প

উপকরণ বা উৎপাদন প্রক্রিয়া বা বানিজ্যিকভাবে আশ্রয়ের ব্যবহার করুন, কিন্তু স্থানীয় সংস্কৃতির সাথে অপরিচিত উপকরণ ব্যবহারের প্রভাব বিবেচনা করুন। স্থানীয় শ্রমিক ও শিশুদের শোষণের মাধ্যমে উৎপাদিত উপকরণ ব্যবহার এড়িয়ে চলুন।

**সর্বসাধারণের নিরাপদ ভবন:** স্কুল এবং স্বাস্থ্যকেন্দ্রের মতো অস্থায়ী এবং স্থায়ী সর্বসাধারণের ভবন নির্মাণ বা মেরামত করুন যাতে সেগুলি জনস্বাস্থ্যের ঝুঁকি তৈরী না করে এবং দুর্যোগ-সহনশীল হয়। এই অবকাঠামোগুলিকে অবশ্যই ভবন নির্মানের মানসমূহ এবং অনুমোদন পদ্ধতি অনুসরণ করতে হবে। চলাফেরা এবং যোগাযোগের ক্ষেত্রে বাধার সম্মুখীন ব্যক্তিদের জন্য (যখন সম্ভব, প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিনিধিত্বকারী সংস্থাগুলির সাথে সমন্বয় করুন) সহ সকলের জন্য নিরাপত্তা এবং অভিগম্যতা নিশ্চিত করুন। এইধরণের ভবনগুলি যখন মেরামত এবং নির্মাণ করা হবে যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করুন। একটি সাশ্রয়ী ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ কৌশল স্থাপন করুন।

**সংগ্রহ এবং নির্মাণ ব্যবস্থাপনা:** নির্মাণ সংক্রান্ত কাজের একটি সময়সূচী তৈরী করুন যাতে মূল নির্দেশকসমূহ যেমন; শুরু ও সমাপ্তির তারিখ এবং বাস্তুচ্যুত মানুষদের স্থানান্তরের তারিখ এবং সময়কাল অন্তর্ভূক্ত থাকে। নির্মাণটি স্বত্তাধিকারী বা ঠিকাদার কর্তৃক পরিচালিত হওয়ার ক্ষেত্রে প্রযোজ্য। সময়সূচীতে মৌসুমী আবহাওয়ার প্রত্যাশিত সূচনা সময় নোট করা উচিত এবং অপ্রত্যাশিত ঘটনাগুলির জন্য একটি আপদকালীন পরিকল্পনা অন্তর্ভূক্ত করা উচিত। উপকরণ, শ্রমিক এবং আশ্রয়/আবাসনের স্থান এর জন্য একটি নির্মাণ ব্যবস্থাপনা এবং পর্যবেক্ষণ ব্যবস্থা পদ্ধতি স্থাপন করুন। এই প্রক্রিয়ার মাধ্যমে উপকরণ সংগ্রহ, পরিবহন, পরিচালনা এবং প্রশাসনিক বিষয়গুলির সমাধান করা উচিত।

স্থানীয় মানুষদের দক্ষতা বাড়াতে এবং ক্ষতিগ্রস্থ মানুষের জীবিকা নির্বাহের জন্য যত বেশী সম্ভব স্থানীয়দের নিয়োগ করুন। নির্দিষ্ট কাজগুলি সম্পাদন করতে বিশেষজ্ঞ পেশাদারদের (যেমন; প্রকৌশলী, স্থপতি, নগর পরিকল্পনাবিদ, চুক্তি পরিচালক বা আইনজীবি) নিয়োগ করুন।

পরিবেশগত উদ্বেগগুলি চিহ্নিত হয়েছে তা নিশ্চিত করুন। পুন:ব্যবহারযোগ্য উপকরণসমূহ যা সামাজিকভাবে গ্রহণযোগ তা ব্যবহারে উৎসাহিত করুন এবং এগুলির গুণগতমান নিশ্চিত করা যেতে পারে
⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মানদন্ডগুলি ৭: পরিবেশগত স্থায়িত্ব।*

**আরো উন্নত করা এবং রক্ষণাবেক্ষণ:** আশ্রয়ের প্রাথমিক সাড়াদান সাধারণত শুধুমাত্র একটি ন্যূনতম স্তরের আচ্ছাদন বা আবদ্ধ একটি স্থান প্রদান করে, যার মধ্যে মানুষ থাকতে পারে। যাইহোক, আশ্রয়ের প্রাথমিক নির্মাণ পদ্ধতি এবং উপকরণসমূহ, পরিবারগুলিকে তাঁদের দীর্ঘমেয়াদী চাহিদা পূরণে রক্ষণাবেক্ষণ, মানিয়ে নিতে বা আরো উন্নত করতে সক্ষম করবে। সম্ভবহলে স্থানীয়ভাবে সহজলভ্য, সুপরিচিত এবং সাশ্রয়ী সরঞ্জামাদি ও উপকরণ মানিয়ে নিয়ে নিরাপদে ব্যবহার করা উচিত।

**কমিউনিটির সরঞ্জামাদি:** কমিউনিটির বা যে উপকরণসমূহ সকলে ব্যবহার করে এ ধরণের সরঞ্জাম এবং উপকরণসমূহ কীভাবে ব্যবহার করা হবে, রক্ষণাবেক্ষণ করা হবে এবং নিরাপদে সংরক্ষণ করা যায় তা নির্ধারণ করতে একটি পদ্ধতি স্থাপন করুন।

## ৬. মেয়াদের নিরাপত্তা

মেয়াদের নিরাপত্তা এর অর্থ হলো মানুষ তার বাড়িতে কোন প্রকার ভয় বা জোরপূর্বক উচ্ছেদ ছাড়া বসবাস করতে পারবে, যা প্রযোজ্য হতে পারে সামাজিক আবাসন পরিস্থিতিতে, অনানুষ্ঠানিক বা বিধিবহির্ভূত আবাসন ব্যবস্থায়, আশ্রয় প্রদানকারী কমিউনিটিতে অথবা তাদের প্রত্যাবর্তন এর পরে। এটি পর্যাপ্ত বাসস্থানের অধিকার এবং আরও অনেক মানবাধিকারের ভিত্তি। মানবিক প্রেক্ষাপটে, একটি ক্রমবর্ধমান বা ধাপে-ধাপে অগ্রসর হওয়ার পদ্ধতি পদ্ধতির সবচেয়ে উপযুক্ত হতে পারে। এটি স্বীকৃতি দেয় যে, বিভিন্ন ধরণের বাসস্থান সহযোগিতার মাধ্যমে বাস্তুচ্যুত জনসংখ্যা তাদের জীবনযাপন আরো উন্নত করতে পারে। এটির মানে এই নয় যে, সহায়তার জন্য স্বত্ত্বাধিকারীদের প্রাধান্য দেয়া, বা এটি অপরিহার্যভাবে স্থায়ীত্ব বা মালিকানার প্রকাশ না। আশ্রয় কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যক্তিরা আশ্রয়ের বিকল্পগুলি উদ্ভাবনে 'যথেষ্ট নিরাপদ' কি-না এই উদ্দেশ্যে একটি ধারণা প্রণয়ন করে চলেছে যেগুলি সবচেয়ে বিপদাপন্ন জনগোষ্ঠী এবং অনিশ্চিত মেয়াদ সংক্রান্ত বিষয়াবলীতে সহযোগিতা করে। ⊕ *ডিউ ডিলিজেন্স (স্বক্ষমতা নিরূপনের মানদন্ড) এবং 'যথেষ্ট নিরাপদ' এই ধারণা সম্পর্কে আরও জানতে দেখুন: Payne and Durand-Las serve (২০১২).*

### আশ্রয় এবং আবাসন মান ৬:
### মেয়াদের নিরাপত্তা

ক্ষতিগ্রস্থ জনসংখ্যার তাদের আশ্রয় এবং আবাসনের বিকল্পগুলিতে মেয়াদের নিরাপত্তা রয়েছে।

### মূল করণীয়সমূহ:

**১** কার্যক্রম প্রণয়ন এবং বাস্তবায়নে স্বক্ষমতা নিরূপনের মানদন্ড গ্রহণ করুন।

- প্রেক্ষাপট এবং সীমাবদ্ধতার পরিপ্রেক্ষিতে মেয়াদকাল সম্পর্কে যতটা সম্ভব আইনি নিশ্চয়তা অর্জন করুন ('পর্যাপ্ত নিরাপদ' পদ্ধতিটি)।
- স্থানীয় কর্তৃপক্ষ, পেশাদার আইনজীবী এবং আন্ত:সংস্থা ফোরামের সাথে সমন্বয় করে কাজ করুন।

**২** আইনি কাঠামো এবং বাস্তব চিত্র বোঝা।

- সঙ্কট পরবর্তী বিভিন্ন আশ্রয় এবং আবাসন প্রেক্ষাপটে মেয়াদ সম্পর্কিত বিশদ বর্ণনা এবং পরিকল্পনা করুন। এগুলি কীভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলিকে প্রভাবান্বিত করে তা চিহ্নিত করুন।
- কোন বিধিবিধানগুলি জারি করা হবে এবং কোনগুলি হবে না, এবং উল্লেখিত সময়সীমাগুলি বোঝার জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে কাজ করুন।
- মেয়াদ এর সাথে সম্পর্কগুলি কীভাবে পরিচালিত হয় এবং অসামঞ্জস্যতা গুলির সমাধান করা হয় তা বোঝা এবং সঙ্কট শুরুর প্রারম্ভ থেকে এটি কীভাবে পরিবর্তিত হতে পারে।

**৩** কীভাবে মেয়াদ পদ্ধতি, এর বিন্যাস এবং নিয়মগুলি ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর জন্য মেয়াদের নিরাপত্তাকে প্রভাবান্বিত করে।

- মেয়াদের নিরাপত্তাকে দূর্বলতার একটি সূচক হিসেবে অন্তর্ভূক্ত করুন। একটি কার্যক্রমে

অংশগ্রহণকারী ব্যক্তিদের কী কী ডকুমেন্ট এর প্রয়োজন হতে পারে তা বোঝা, উল্লেখ্য যে, সবচেয়ে বিপদাপন্ন ব্যক্তিদের কাছে এই ডকুমেন্টগুলি নাও থাকতে পারে অথবা এগুলি তারা অধিকার করতে পারেন।

- নিশ্চিত করা যে, সাড়াদানটি স্বত্বাধিকারী কর্তৃক দখলকৃত বা ভাড়া মুক্ত ব্যবস্থার প্রতি পক্ষপাতদুষ্ট নয়।

৪ মেয়াদের নিরাপত্তার জন্য আশ্রয় ও আবাসন কার্যক্রম বাস্তবায়ন করা।

- বিশেষ করে বিপদাপন্ন জনগোষ্ঠীর প্রতি লক্ষ্য রেখে, কর্মসূচীকে বিভিন্ন ধরণের মেয়াদের সাথে মানিয়ে নিতে স্থানীয় অভিজ্ঞতা ব্যবহার করুন।
- এটি নিশ্চিত করা যে, ডকুমেন্ট যেমন; মেয়াদের চুক্তি, যথোপযুক্তভাবে প্রস্তুত করা হয়েছে এবং তা সকল পক্ষের অধিকারকে প্রতিফলিত করে।
- আশ্রয় কর্মসূচিটি কমিউনিটির মধ্যে এবং সংলগ্ন স্থানীয় কমিউনিটির মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি করতে পারে বা এর কারণ হতে পারে এমন ঝুঁকিগুলি হ্রাস করুন।

৫ জোরপূর্বক উচ্ছেদ থেকে সুরক্ষা প্রদান।

- উচ্ছেদের ক্ষেত্রে বা উচ্ছেদের ঝুঁকির ক্ষেত্রে, বিকল্প আশ্রয় সমাধান এবং অন্যান্য খাতগত সহায়তা চিহ্নিত করতে রেফারেন্স গ্রহণ করুন।
- দ্বন্দ্ব নিষ্পত্তিতে সহায়তা করুন।

## প্রধান সূচকসমূহঃ

**আশ্রয় সুবিধা গ্রহণকারীর শতাংশ, যাদের অন্তত: একটি নির্দিষ্ট সহায়তা কর্মসূচীর সময়কালে আশ্রয় এবং আবাসন সুযোগের পক্ষে মেয়াদের নিরাপত্তা আছে।**

**আশ্রয় সুবিধা গ্রহণকারীর শতাংশ, যাদের আশ্রয় সুযোগের পক্ষে মেয়াদের নিরাপত্তার জন্য উপযুক্ত চুক্তি রয়েছে।**

**আশ্রয় সুবিধা গ্রহণকারী, যারা স্বতন্ত্রভাবে বা সুপারিশ এর মাধ্যমে, আইনি পরিষেবা এবং দ্বন্দ্ব প্রক্রিয়া সমাধান এর মেয়াদের চ্যালেঞ্জের সাথে প্রবেশযোগ্য হয়েছে।** ⊕ ***দেখুন মূল হ্যান্ডবুক এর ৪ নং সুরক্ষা নীতি দেখুন:***

## নির্দেশিকা:

মেয়াদ হলো বাসস্থান এবং ভূমির ক্ষেত্রে গোষ্ঠী বা ব্যক্তি'দের মধ্যে সম্পর্ক, যা সংবিধিবদ্ধ বা গতানুগতিক আইন, বিধিবহির্ভূত বা ধর্মীয় ব্যবস্থার মাধ্যমে প্রতিষ্ঠিত। পরিস্থিতি অনুযায়ী কে কোন সম্পদ কত দিনের জন্য ব্যবহার করতে পারে তা মেয়াদ পদ্ধতির মাধ্যমে নির্ধারিত হয়। মেয়াদ ব্যবস্থার বিভিন্ন ধরণের প্রকারভেদ রয়েছে; যার পরিসর পূর্ণ মালিকানা এবং নিয়মানুযায়ী ভাড়ার চুক্তি থেকে শুরু করে জরুরী

বাসস্থান এবং বিধিবহির্ভূত আবাসনের ভূমি দখল পর্যন্ত হয়ে থাকে। মেয়াদ কাঠামোতে নির্বিশেষে সকল মানুষ তাদের বাসস্থান, ভূমি এবং সম্পত্তির অধিকার বজায় রাখে। বিধিবহির্ভূত আবাসন ব্যবস্থায় বসবাসকারীরা, যারা প্রায়শ:ই অভ্যন্তরীণ ভাবে বাস্তুচ্যুত হয়, তাদের ভূমি দখলের আইনগত অধিকার নাও থাকতে পারে কিন্তু তাদের বাসস্থান থেকে জোরপূর্বক উচ্ছেদের বিরুদ্ধে পর্যাপ্ত বাসস্থান এবং সুরক্ষার অধিকার রয়েছে। মেয়াদের উপযুক্ত নিরাপত্তা আছে কিনা তা নির্ধারণ করার জন্য, উদাহরণ স্বরুপ ডিউ ডিলিজেন্স পদ্ধতি এর মেয়াদ সংক্রান্ত ডকুমেন্ট এবং এর সংস্থা ভিত্তিক ব্যবহারের মতো তথ্য প্রয়োজন। পর্যাপ্ত আবাসন অধিকারের একটি অবিচ্ছেদ্য অংশ হলো মেয়াদের নিরাপত্তা। এটি মানুষকে জোর পূর্বক উচ্ছেদ, হয়রানি এবং অন্যান্য বিপদাপদ নিরসনে আইনি সুরক্ষার নিশ্চয়তা প্রদান করে এবং মানুষকে তাদের বাসস্থানে নিরাপদে, শান্তিতে এবং মর্যাদার সাথে বসবাস করতে সক্ষম করে। নারীসহ, সকল মানুষদেরই মেয়াদের নিরাপত্তা অধিকার করার একটি মাত্রা থাকা উচিত। বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া সহ মেয়াদকালীন সময়ের পারস্পরিক সম্পর্কগুলি কীভাবে পরিচালিত এবং চর্চা করা হয় এবং সঙ্কট শুরুর প্রারম্ভ হতে কীভাবে পরিবর্তিত হতে পারে তা বোঝা গুরুত্বপূর্ণ। বিরোধ এর সংখ্যা, উচ্ছেদের হার এবং মেয়াদের নিরাপত্তার প্রত্যক্ষ ধারণা মেয়াদের নিরাপত্তার তথ্য মূল্যায়নে অন্তর্ভূক্ত থাকতে পারে।

**বর্ধিত মেয়াদ:** মেয়াদের নিরাপত্তা শক্তিশালী করার সবচেয়ে কার্যকর উপায়গুলির মধ্যে একটি হল বিদ্যমান মেয়াদ ব্যবস্থা গঠন করা যা সামাজিক বৈধতার একটি মাপকাঠির স্বাদগ্রহণ করে। ⊕ *see References: UN Habitat and GLTN Social Tenure Domain Model, and Payne and Durand-Las serve (2012)*

**নগর সম্পর্কিত বিবেচ্যসমূহ:** নগর বাস্তুচ্যুতদের অধিকাংশই কোন বিধিসম্মত মালিকানা, ইজারা অথবা চুক্তি ছাড়াই বিধিবহির্ভূত আবাসন ব্যবস্থায় বা ভাড়া করা বাসস্থানে বসবাস করে। তাই, জোরপূর্বক উচ্ছেদের ঝুঁকি এবং সংশ্লিষ্ট শোষণ এবং হয়রানি তাদের জীবনের একটি উল্লেখযোগ্য দৃশ্য। নগরাঞ্চলের জন্য আশ্রয় এবং আবাসন সহায়তা বিকল্পে জটিল মেয়াদ পরিস্থিতি লক্ষ্য করা উচিত এবং ভাড়াটিয়া, বিধিবহির্ভূত বসতি স্থাপনকারী, বেআইনি ভাবে উন্মুক্ত ভূমি দখলকারী এবং অন্যান্যদের জন্য ক্রমবর্ধমান মেয়াদ পদ্ধতি বিবেচনা করা।

**কোন ক্ষতি করা নয়:** কিছু প্রেক্ষাপটে, একটি মানবিক আশ্রয় কার্যক্রম বিপদাপন্ন গোষ্ঠীকে উচ্ছেদের পরিণতির দিকে নিয়ে যেতে পারে। অন্যদের ক্ষেত্রে, মেয়াদের নিরাপত্তা সমস্যা গুরুত্বরোপ করা বিপদাপন্ন জনগোষ্ঠীর জন্য উচ্ছেদের ঝুঁকি বাড়াতে পারে। একটি ডিউ ডিলিজেন্স পদ্ধতি, বিভিন্ন গোষ্ঠীর মুখোমুখি হওয়া মেয়াদকালীন ঝুঁকিগুলির নিরাপত্তা চিহ্নিত করবে। কিছু ক্ষেত্রে, যেখানে মেয়াদের নিরাপত্তার ঝুঁকিগুলি খুব বেশি গুরুত্বপূর্ণ, সেক্ষেত্রে কিছু না করাই সবচাইতে ভালো হতে পারে।

**উচ্ছেদের জন্য সাধারণ কারণগুলি:** উচ্ছেদের হুমকি একটি জটিল পারস্পরিক ক্রিয়া থেকে আসে, যার অধিকাংশই শোষণ এবং অপব্যবহারের কারণ।

**তাদের মধ্যে অন্তর্ভূক্ত:**

- কাজের অধিকারের মতো প্রায়ই জীবিকায়নের উপর বিধিনিষেধের কারণে ভাড়া পরিশোধে অক্ষমতা;

- ভূমির স্বত্বাধিকারীদের সাথে লিখিত ইজারা চুক্তি না থাকা, মূল্য বৃদ্ধি এবং উচ্ছেদ মানুষকে অরক্ষিত করে তোলে;
- ভূমির স্বত্বাধিকারীদের সাথে বিরোধ;
- ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি বৈষম্য;
- বাসস্থান পরিবেশের উন্নতির উপর বিধিনিষেধ, ভবন চুক্তি লঙ্ঘনকারীরা প্রতিনিয়ত উচ্ছেদের হুমকির মুখোমুখি হয়;
- নির্মাণযোগ্য এলাকায় বসবাসকারী বা দখলকারীরা বেসামরিক প্রশাসনের সাথে তাদের পরিস্থিতি স্বাভাবিক করতে অক্ষম;
- বাসস্থানের কার্যক্রম পরিচালনা প্রচলিত বা ধর্মীয় কাঠামোতে ঘটতে থাকলে তা বিধিবদ্ধ আইন বা বিপরীতক্রমেও স্বীকৃত হয় না;
- নারীদের ক্ষেত্রেঃ বিবাহবিচ্ছেদ, ঘনিষ্ঠ সঙ্গীর সহিংসতা এবং অন্যান্য ধরণের পারিবারিক সহিংসতা অথবা তাদের স্বামীর মৃত্যু;
- নারী (তারা তাদের পিতা বা স্বামীর নথিপত্রে অন্তর্ভূক্ত থাকতে পারে) এবং অন্যান্য প্রান্তিক বা নির্যাতিত গোষ্ঠীর ক্ষেত্রে নাগরিক নথিপত্রের ঘাটতি।

**উচ্ছেদ এবং স্থানান্তরঃ** অধিবাসীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা সুরক্ষা প্রদান করতে প্রাকৃতিক দুর্যোগ, পরিবেশগত ঝুঁকি বা পরিবেশের গুরুত্বপূর্ণ সম্পদ রক্ষায় মানবাধিকার আইনের ক্ষেত্রে পুনর্বাসন সামঞ্জস্যপূর্ণ হতে পারে। প্রকৃত ঝুঁকি না থাকলে বা যখন অন্যান্য বিকল্প বিদ্যমান থাকে, তখন উচ্ছেদ এর সত্যতা প্রমাণের জন্য জনস্বাস্থ্য ও নিরাপত্তা বা পরিবেশ রক্ষার লক্ষ্যে আইন কানুনের অপব্যবহার করা আন্তর্জাতিক মানবাধিকার আইনের পরিপন্থী।

## ৭ পরিবেশগত স্থায়িত্বঃ

পরিবেশগত স্থায়িত্ব কার্যক্রমের জবাবদিহিতা সুনির্দিষ্ট করে, যা ভবিষ্যৎ প্রজন্মের নিজস্ব চাহিদা মেটাতে সক্ষমতার সঙ্গে আপস না করে বর্তমানের প্রয়োজন পূরণ করে। স্বল্পমেয়াদে পরিবেশ সংক্রান্ত সমস্যাগুলিকে উপেক্ষা করা মানুষদের আগের অবস্থায় ফিরিয়ে আনতে ছাড়, আপস করতে হতে পারে, বিদ্যমান সমস্যাগুলির আরও অবনতি হতে পারে বা নতুন কোন সমস্যার কারণ হতে পারে। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর Protection Principle 1 and Core Humanitarian Standard Commitments 3 and 9.*

### আশ্রয় এবং আবাসন মান ৭: পরিবেশগত স্থায়িত্ব

আশ্রয় এবং আবাসন সহায়তা, প্রাকৃতিক পরিবেশের উপর যেকোনো কর্মসূচির নেতিবাচক প্রভাব হ্রাস করে।

### মূল করণীয়সমূহঃ

১ সকল আশ্রয় এবং আবাসন পরিকল্পনায় পরিবেশগত প্রভাব মূল্যায়ন এবং ব্যবস্থাপনাকে একত্রিত করুন।

- আশ্রয় এবং আবাসনের বিকল্পের নেতিবাচক প্রভাবগুলি কমিয়ে আনতে, সঙ্কটের পরিবেশগত প্রভাব এবং পরিবেশগত ঝুঁকি এবং দুর্বলতা গুলো মূল্যায়ন করুন।
- কার্যক্রম এবং পর্যবেক্ষণ পদ্ধতিতে একটি পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা অন্তর্ভূক্ত করুন।

২ কার্যকর বিকল্পগুলোর মধ্যে সবচেয়ে টেকসই উপকরণ এবং কৌশলগুলি নির্বাচন করুন।

- পছন্দ করার ক্ষেত্রে, যেগুলি স্থানীয় প্রাকৃতিক সম্পদের ক্ষয়ক্ষতি করে না বা দীর্ঘমেয়াদী কোন পরিবেশগত ক্ষয়ক্ষতির কারণ নয় তা প্রাধান্য দিন।
- ধ্বংসাবশেষ/আবর্জনা সহ, ধ্বংসাবশেষ/আবর্জনা থেকে উপকরণ উদ্ধার এবং পুনঃব্যবহার, পুনঃব্যবহারের জন্য প্রক্রিয়াজাত করা অথবা ভিন্ন-উদ্দেশ্যে ব্যবহার করুন।

৩ সকল আবাসন ব্যবস্থায় একটি নির্ভরযোগ্য, সময়োপযোগী, সাংস্কৃতিক ভাবে সংবেদনশীল এবং পরিবেশগতভাবে টেকসই উপায়ে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনা করুন।

- টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠা বা পুনঃপ্রতিষ্ঠা করার উদ্দেশ্যে ওয়াশ, স্বাস্থ্য, গণপূর্ত এবং অন্যান্য কর্তৃপক্ষ, বেসরকারি খাত এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করুন।

৪ নিরাপদ, নির্ভরযোগ্য, সাশ্রয়ী এবং পরিবেশগতভাবে টেকসই জ্বালানি সরবরাহ ব্যবস্থা স্থাপন, পুনঃস্থাপন এবং উৎসাহ দিন।

- বিদ্যমান জ্বালানি সরবরাহ ব্যবস্থা প্রাকৃতিক সম্পদ, দূষণ, স্বাস্থ্য ও নিরাপত্তার উপর নেতিবাচক পরিবেশগত প্রভাব আছে কিনা তা নিশ্চিত করুন।

- নিশ্চিত করা যে, কোন নতুন বা সংশোধিত জ্বালানি সরবরাহ বিকল্পগুলি ব্যবহারকারীর চাহিদা পূরণ, এবং প্রয়োজন অনুসারে প্রশিক্ষণ এবং তা ফলোআপ করুন।

৫ ব্যবহারের সময় এবং তার পরবর্তী অবস্থায় কর্মসূচির স্থানগুলির পরিবেশগত মান রক্ষা, পূর্বাবস্থায় ফিরিয়ে আনা এবং উন্নত করুন।

- কর্মসূচী বাস্তবায়নের প্রতিটি স্থানের জন্য পরিবেশগত আদর্শমান এর অবস্থা এবং প্রাকৃতিক সম্পদ মূল্যায়ন করা এবং পূর্ববর্তী বাণিজ্যিক বা শিল্পজাত কাজে ব্যববহারের কারণে পরিবেশগত ঝুঁকি গুলি চিহ্নিত করুন।
- প্রাকৃতিক গাছপালা অপসারণ এবং প্রাকৃতিক নিষ্কাশনের প্রতিবন্ধকতা ন্যূনতম পর্যায়ে রেখে এলাকা থেকে আসন্ন এবং অবশ্যাম্ভবী বিপদগুলি সরানো এবং যেকোনো গুরুতর পরিবেশগত অবক্ষয় সংশোধন করুন।
- স্থানটিকে এমন অবস্থায় ত্যাগ করা যাতে স্থানীয় জনসাধারণ এটি পূর্বের চাইতেও ভাল অবস্থায় ব্যবহার করতে সক্ষম হয়।

## মূল নির্দেশকসমূহ:

**পরিবেশগত পর্যালোচনার পূর্ববর্তী আশ্রয় এবং আবাসন কার্যক্রমের শতাংশ।**

**পরিবেশ ব্যবস্থাপনা এবং পর্যবেক্ষণের পরিকল্পনা থেকে গ্রহণকৃত সুপারিশের সংখ্যা, যা বাস্তবায়িত হয়েছে।**

**আশ্রয় নির্মাণে ব্যবহারকৃত সামগ্রীর শতাংশ যাতে নিম্ন কার্বন নিঃসরণ হয় এমন নির্মাণ উপকরণ ক্রয়ের পদ্ধতি ব্যবহার করা হয়েছে।**

**কঠিন বর্জ্যের শতাংশ যার পুন:ব্যহার, ভিন্ন-উদ্দেশ্যে ব্যবহার বা পুন:ব্যবহারের জন্য প্রক্রিয়াজাত করা হয়েছে।**

- **লক্ষ্য > ঘনত্বের অনুসারে ৭০%**

**অস্থায়ী আবাসনের স্থানগুলির শতাংশ, যেগুলিকে পূর্বের চাইতেও ভাল পরিবেশগত অবস্থায় ফিরিয়ে আনা হয়েছে।**

## নির্দেশিকা:

**পরিবেশ বিষয়ক প্রভাব নিরূপণ** তিনটি উপাদান নিয়ে গঠিত: যে মূল্যায়নটি করা হচ্ছে তার স্থানীয় পরিবেশের একটি ভিত্তিমান বর্ণনা, প্রস্তাবিত কার্যক্রমের একটি ধারণা এবং এর সম্ভাব্য পরিবেশগত ঝুঁকিগুলি এবং এ ঝুঁকিগুলি দৃশ্যমান হলে এর পরিণতি সম্পর্কে বোঝা। এক্ষেত্রে পরিবেশ বিষয়ক যথাযথ সংস্থাগুলির সাথে পরামর্শ সহায়ক হতে পারে। একটি পরিবেশ বিষয়ক প্রভাব মূল্যায়নে অন্তর্ভূক্ত যে মূল বিষয়গুলি অন্তর্ভূক্ত রয়েছে:

- সঙ্কট পূর্ববর্তী প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে সুযোগ এবং ব্যবহার, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে জ্বালানি এবং নির্মাণ উপকরণ, পানির উৎস এবং বর্জ্য ব্যবস্থাপনা;
- স্থানীয়ভাবে সহজলভ্য প্রাকৃতিক সম্পদ এবং এই সম্পদের উপর সঙ্কটের প্রভাব-ব্যাপ্তি; এবং
- সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক বিষয়াবলীতে (লিঙ্গ ভূমিকাসহ) যা সাড়াদানের স্থিতিশীলতাকে প্রভাবিত করতে পারে এবং এর সামগ্রিক কার্যকারিতা ও কর্মদক্ষতাকে উন্নত করতে পারে।

**উপকরণ এর উৎস:** যখন পানি, কাঠ, বালি, মাটি এবং প্রাণী খাদ্য হিসেবে ঘাস এর মতো প্রাকৃতিক সম্পদ এবং আগুনে পোড়ানো ইট ও টাইলস এর জন্য জ্বালানি সংগ্রহ করা হয়, তখন তার পরিবেশগত প্রভাব সম্পর্কে সচেতন হতে হবে। একাধিক উৎস, ধ্বংসাবশেষ থেকে উপকরণ সমূহের পুনঃব্যবহার এবং উপকরণের বিকল্প উৎপাদনের ব্যবহারকে প্রাধান্য দিন। টেকসই ভবন এর জন্য উপকরণ নির্মানে পুনঃবনায়ন একটি ভাল উপায় হতে পারে। প্রাপ্তবয়স্কা এবং শিশুদের নির্যাতনের মাধ্যমে উৎপাদিত উপরকণসমূহ ব্যবহার হতে বিরত থাকতে হবে ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর Delivering assistance through markets.*

**এলাকা নির্বাচন:** এলাকা নির্বাচনের ক্ষেত্রে পরিবেশগত প্রভাব মূল্যায়ন উদ্বুদ্ধ করা উচিত। উদাহরণ স্বরুপ, বিদ্যমান অবকাঠামো এর কাছাকাছি আবাসনের নতুন অবকাঠামো তৈরি সম্পর্কিত পরিবেশগত প্রভাবগুলি কমাতে পারে। জলবায়ু সংক্রান্ত ঝুঁকির প্রভাবগুলি বিবেচনা করুন ⊕ *দেখুন আশ্রয় এবং আবাসন মানগুলি ২: স্থান এবং আবাসন পরিকল্পনা।*

**ক্ষয়:** মাটি স্থিতিশীল রাখতে ও সর্বাধিক ছায়া পেতে এবং জলবায়ু সুরক্ষায় গাছ এবং অন্যান্য গাছপালাসমূহ না কাটা। ক্ষয় এবং বন্যা হ্রাস করতে রাস্তা, সরুপথ এবং পানি নির্গমনের জন্য ব্যবস্থা স্থাপনে পরিষেবার জন্য প্রাকৃতিক সহজাত সীমারেখা ব্যবহার করুন। মাটির ক্ষয় রোধে প্রয়োজন হলে, পানি নির্গমণের কৃত্রিম জলপথ স্থাপন করুন, পাইপযুক্ত পানি নির্গমণ ব্যবস্থা স্থাপন যা রাস্তার নীচে প্রবাহিত হয় অথবা মাটির-পাড় স্থাপন। যেখানে ঢাল ৫ শতাংশের বেশি, অত্যধিক ক্ষয় রোধ করতে প্রকৌশল প্রযুক্তি প্রয়োগ করতে হবে।

**ধ্বংসাবশেষ ব্যবস্থাপনা এবং বর্জ্যের পুনঃব্যবহার ও ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার:** সঙ্কটের পরপরই ধ্বংসাবশেষ ব্যবস্থাপনা পরিকল্পনা ধ্বংসাবশেষ পুন:ব্যবহারের জন্য উদ্ধার, ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার অথবা নিরাপদে অপসারণকে প্রাধান্য দেয়। মানবিক কার্যক্রম নির্ধারণ প্রবর্তনে কঠিন বর্জ্য পুনঃব্যবহার, অথবা ভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের সম্ভাবনা রয়েছে। মানবিক কার্যক্রম নির্ধারণে উপকরণগুলির পুনঃব্যবহারে বর্জ্য পরিচালনার উপর নির্ভর করা এবং পৃথককৃত উপকরণগুলি ক্রয়ের ক্ষেত্রে ব্যবসায়িক সদিচ্ছা, একটি অধিকতর নিয়মতান্ত্রিক বর্জ্য ব্যবস্থাপনা কৌশলের অংশ। মানবিক কার্যক্রম নির্ধারণে উপকরণগুলির সৃজনশীল ব্যবহারের সুযোগ তৈরি করে। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর WASH excreta management standard 3.1 and WASH solid waste management standards 5.1 and 5.3.*

**জ্বালানি:** জ্বালানি ব্যবহার নিয়ে কাজ করার সময়, জলবায়ু, পর্যাপ্ত প্রাকৃতিক সম্পদ, বাড়ির ভেতরের এবং

বাহিরের দূষণ, স্বাস্থ্যগত প্রভাব, নিরাপত্তা এবং ব্যবহারকারীর অগ্রাধিকারসমূহ বিবেচনা করুন। যেখানে সম্ভব ক্ষেত্রগুলিতে, কর্মসূচিগুলির পরিবারের জ্বালানি চাহিদা হ্রাস করা উচিত। জ্বালানি সাশ্রয়ী নকশা, অবকাঠামো গরম বা শীতল করার জন্য সহজ পন্থা ব্যবহার এবং জ্বালানি সাশ্রয়ী গৃহস্থালী উপকরণ ব্যবহার যেমন; সৌর বাতি পরিবারের ব্যয় এবং পরিবেশগত প্রভাব হ্রাস করে। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক এর Food security and nutrition standard 5: General food security.*

ক্ষতিগ্রস্থ জ্বালানি সরবরাহের কারণে জনসাধারণের জন্য ঝুঁকিগুলি সনাক্ত করুন, উদাহরণ স্বরুপ ক্ষতিগ্রস্ত বিদ্যুত সংযোগ এবং সিলিন্ডার গ্যাস বা জ্বালানি তেল সংরক্ষণের ট্যাংক এর লিক। জ্বালানি পরিষেবাগুলির প্রতিস্থাপন, বিতরণ এবং অক্ষুন্ন রাখতে স্থানীয় সরকার এবং জ্বালানি সেবাদানকারী প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের সাথে সমন্বয় করুন। নিরাপত্তা এবং প্রাকৃতিক সম্পদের চাহিদা বা দূষণ হ্রাস নিশ্চিত করার জন্য ভর্তুকি বা অন্যান্য প্রণোদনা ব্যবস্থা একটি বিকল্প হতে পারে।

**প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা:** উল্লেখযোগ্য সংখ্যক মানুষের বাসস্থান বৃদ্ধিতে যেখানে সীমিত প্রাকৃতিক সম্পদ রয়েছে, সেখানে একটি সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনা অপরিহার্য। যদি প্রয়োজন হয়, সেক্ষেত্রে বাহিরের বিশেষজ্ঞদের পরামর্শ নিন। সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনাটি বাহির হতে জ্বালানি সরবরাহ এবং প্রাণীর চারণ, কৃষি উৎপাদন এবং প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল অন্যান্য আয়ের উৎসের বিকল্পগুলির অনুকূলে পরামর্শ প্রদান করতে পারে। বৃহত্তরভাবে, ছড়িয়ে ছিটিয়ে থাকা ছোট, বিক্ষিপ্ত আবাসনগুলি যেগুলির ব্যবস্থাপনা বা পর্যবেক্ষণ সহজ নয়, তার চাইতে সু-পরিচালিত আবাসনগুলি পরিবেশগত ভাবে টেকসই হতে পারে। যাইহোক, ছোট ও বিক্ষিপ্ত আবাসনগুলির চাইতে বৃহৎ যৌথ আবাসনগুলি নিকটবর্তী আশ্রয় প্রদানকারী কমিউনিটির উপর বেশি চাপ সৃষ্টি করতে পারে। আশ্রয় প্রদানকারী জনসংখ্যার প্রাকৃতিক সম্পদের প্রয়োজনীয়তার উপর আশ্রয় কার্যক্রম বাস্তবায়নকারীদের সবসময় তাদের কর্মকান্ডের প্রভাবগুলি বিবেচনা করা উচিত। ⊕ *দেখুন মূল হ্যান্ডবুক Core Humanitarian Standard Commitment 9 and LEGS Handbook.*

**নগর এবং গ্রামীণ প্রেক্ষাপট:** নগর অধিবাসীদের তুলনায় গ্রামীণ অঞ্চলের অধিবাসীরা সাধারণত তাদের পারিপার্শ্বিক প্রাকৃতিক সম্পদের উপর বেশি নির্ভরশীল। নগরাঞ্চলগুলি প্রচুর পরিমাণে প্রাকৃতিক সম্পদ যেমন, কাঠ, বালি ও সিমেন্ট, ইট এবং অন্যান্য প্রাকৃতিক নির্মাণ সামগ্রী গ্রহণ করে, যা একটি বৃহৎ অঞ্চল থেকে আসে। প্রচুর পরিমানে নির্মাণ সামগ্রী নগর বা অন্যান্য বৃহৎ আশ্রয় কর্মসূচীগুলিতে ব্যবহারের সময় সুবিবেচিত সিদ্ধান্ত নেয়া উচিত যে, কর্মসূচী বাস্তবায়নের এলাকার বাহিরে কোথায় পরিবেশগত প্রভাবগুলি ছড়িয়ে পরতে পারে।

# পরিশিষ্ট ১:

## আশ্রয় এবং আবাসন মূল্যায়ন চেকলিষ্ট

এই প্রশ্নগুলির তালিকাটি একটি চেকলিষ্ট হিসেবে কাজ করার মাধ্যমে এটি নিশ্চিত করে যে, সঙ্কট পরবর্তী আশ্রয় এবং আবাসন সাড়াদানে যাতে যথোপযুক্ত তথ্য পাওয়া যায়। এই প্রশ্নগুলির তালিকাটি বাধ্যতামূলক নয়, এটির ব্যবহার মানানসই এবং উপযুক্ত করে নেয়ার সুযোগ রয়েছে।

সঙ্কটের অন্তর্নিহিত কারণগুলির তথ্য, নিরাপত্তা পরিস্থিতি, বাস্তুচ্যুতদের সাধারণ জনসংখ্যা বিষয়ক তথ্য ও যেকোনো আশ্রয় প্রদানকারী জনসংখ্যার তথ্য এবং পরামর্শ ও যোগাযোগের জন্য গুরুত্বপূর্ণ ব্যক্তিদের ভিন্ন ভিন্ন ভাবে তথ্য গ্রহণ করতে হবে।

**মূল্যায়ন এবং সমন্বয়:**

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং মানবিক সংস্থাগুলির দ্বারা কি একটি সর্বসম্মত সমন্বয় পদ্ধতি প্রতিষ্ঠিত হয়েছে?
- আক্রান্ত জনগোষ্ঠীর কাছে কী ধরণের বেসলাইন তথ্য রয়েছে এবং প্রচলিত কী কী ঝুঁকি রয়েছে এবং আশ্রয় ও আবাসন সংক্রান্ত ঝুঁকি ও দূর্বলতাগুলি কী কী?
- সাড়াদানের জন্য কী কোন ধরণের আপদকালীন পরিকল্পনা আছে?
- কী ধরণের প্রাথমিক মূল্যায়ন তথ্য ইতোমধ্যে বিদ্যমান রয়েছে?
- আন্তঃসংস্থা এবং মাল্টি সেক্টরাল মূল্যায়নের কী পরিকল্পনা রয়েছে? এবং এই মূল্যায়নের মধ্যে কী আশ্রয়, আবাসন এবং গৃহস্থালীর সামগ্রী অন্তর্ভূক্ত?

**মূল্যায়ন এবং সমন্বয়:**

- একটি পরিবারে গড়ে কতজন মানুষ বসবাস করে?
- কতসংখ্যক আক্রান্ত মানুষ বিভিন্ন ধরনের পরিবারগুলিতে বসবাস করছে? পারিবারিক সংসারের বাইরে বসবাসকারী ব্যক্তি ও গোষ্ঠীগুলিকে বিবেচনা করুন। যেমন, নিঃসঙ্গ শিশুদের দল, এমন পরিবারগুলি যাদের সদস্য সংখ্যা গড় সংখ্যার চাইতে কম বা অন্যদের। লিঙ্গ, বয়স, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি ও জাতিগত এর ভিন্ন ভিন্ন তথ্য এবং প্রেক্ষাপটের সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে ভাষাগত বা ধর্মীয় অন্তর্ভূক্তি।
- কতসংখ্যক পরিবারের পর্যাপ্ত আশ্রয়ের অভাব রয়েছে এবং পরিবারগুলির অবস্থান কোথায়?
- যে সকল মানুষ পরিবারগুলির সদস্য নয় ও যাদের কোনই আশ্রয় অথবা পর্যাপ্ত আশ্রয় নেই, লিঙ্গ, বয়স ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি অনুসারে আলাদা করা সংখ্যা এবং তারা কোথায় অবস্থান করছে?
- কতসংখ্যক আক্রান্ত পরিবারের পর্যাপ্ত আশ্রয় নেই, যারা বাস্তুচ্যুত হয়নি এবং যাদের নিজস্ব বসতবাড়ির স্থানে সহায়তা করা যেতে পারে?

- কতসংখ্যক আক্রান্ত পরিবারের পর্যাপ্ত আশ্রয় নেই, যারা বাস্তুচ্যুত হয়েছে এবং যাদের আশ্রয় প্রদানকারী পরিবার সাথে অথবা অস্থায়ী আবাসন সহযোগিতা প্রয়োজন?
- লিঙ্গ এবং বয়স আলাদা করা তথ্যসহ, কতসংখ্যক মানুষ এর স্কুল, স্বাস্থ্যসেবা সুবিধা এবং স্থানীয় কমিউনিটি গুলিতে প্রবেশাধিকারের সীমাবদ্ধতা রয়েছে?

**ঝুঁকি:**

- পর্যাপ্ত আশ্রয়ের ঘাটতির কারণে মানুষের জীবন, স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত তাৎক্ষণিক ঝুঁকি কী কী এবং কতসংখ্যক মানুষ এই ঝুঁকির মধ্যে রয়েছে?
- পর্যাপ্ত আশ্রয়ের ঘাটতির কারণে মানুষের জীবন, স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত তাৎক্ষণিক ন্যূনতম ঝুঁকিসমূহ কী কী?
- দূর্বল এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য কীভাবে মেয়াদের পদ্ধতি, এর বিন্যাস, অনুশলীন এবং মেয়াদের নিরাপত্তাকে প্রভাবিত করে?
- পর্যাপ্ত আশ্রয়ের ঘাটতির কারণে বিপদাপন্ন মানুষ এর সুনির্দিষ্ট ঝুঁকি গুলি কী কী এবং কেন? যাদের মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে নারী, শিশু, অভিভাবকহীন শিশু এবং বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি অথবা দীর্ঘস্থায়ী অসুস্থতায় আক্রান্ত ব্যক্তি।
- বাস্তুচ্যুত মানুষদের অবস্থানের কারণে আশ্রয়প্রদানকারী জনসংখ্যার উপর এর প্রভাব কী?
- সুনির্দিষ্টভাবে নারী ও মেয়েদের ক্ষেত্রে, আক্রান্ত জনসংখ্যা অথবা গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব বা বৈষম্যের সম্ভাব্য ঝুঁকি গুলি কী কী?

**সম্পদ এবং সীমাবদ্ধতা**

- আক্রান্ত মানুষদের জরুরী আশ্রয়ের প্রয়োজন মেটাতে কী কী উপকরণ, তহবিল এবং মানব সম্পদ বিদ্যমান রয়েছে?
- জমির সহজলভ্যতা, মালিকানা এবং এর ব্যবহার সংক্রান্ত সমস্যা গুলি কী কী? যা প্রয়োজনে অস্থায়ী যৌথ আবাসনসহ জরুরী আশ্রয় চাহিদা পূরণে মানুষের সামর্থ্যকে প্রভাবিত করে?
- বাস্তুচ্যুত মানুষদের নিজস্ব বাসস্থানে বা সংলগ্ন স্থানে বসবাস করতে দিয়ে আশ্রয়দানকারী জনসংখ্যা কী কী ঝুঁকির সম্মুখীন হতে পারে?
- অস্থায়ীভাবে বাস্তুচ্যুত মানুষদের বসবাসের জন্য বিদ্যমান ব্যবহারযোগ্য এবং ক্ষতিগ্রস্থ হয়নি এমন দালান অথবা কাঠামো ব্যবহারের সুযোগ এবং সীমাবদ্ধতাগুলি কী কী?
- ভৌগোলিক কাঠামো এবং অন্যান্য পরিবেশগত সীমাবদ্ধতা বিবেচনা করে সহজসাধ্য অনধিকৃত ভূমি কি অস্থায়ী বসতি স্থাপনের জন্য উপযুক্ত?
- আশ্রয় সংক্রান্ত সমাধানগুলির উন্নয়ন প্রভাবিত করতে পারে এমন বাধ্যবাধকতা এবং সীমাবদ্ধতাগুলির নিয়ামক কী?

## উপকরণসমূহ, নকশা এবং নির্মাণ:

- আক্রান্ত মানুষ ও জনসংখ্যা অথবা সংশ্লিষ্ট অন্যান্যদের প্রাথমিক আশ্রয় সংক্রান্ত সহযোগিতা হিসেবে কী সামাধান এবং উপকরণ প্রদান করা হয়েছে?
- বাসস্থান পুন:নির্মানে ব্যবহারের জন্য ক্ষতিগ্রস্থ স্থান থেকে অবশিষ্ট কী কী উপকরণ উদ্ধার করা যেতে পারে?
- আক্রান্ত ব্যক্তিদের প্রচলিত দালান নির্মাণের ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয়গুলি কী কী এবং দালান নির্মানের ক্ষেত্রে মূল কাঠামো, ছাদ এবং দালানের মুল দেয়ালে কী কী উপকরণ ব্যবহার করা যেতে পারে।
- ক্ষতিগ্রস্থ মানুষের নিকট নকশা বা উপকরণের বিকল্প সমাধান হিসেবে সম্ভাব্য কী ধরণের বিকল্পগুলি বিদ্যমান এবং সহজলভ্য বা গ্রহণযোগ্য?
- নকশার কোন বৈশিষ্ট্যগুলি আশ্রয়ের সমাধান হিসেবে ব্যবহারের জন্য প্রযোজ্য যা সকল ক্ষতিগ্রস্থ মানুষকে এর নিরাপদ এবং তাৎক্ষণিক ব্যবহার নিশ্চিত করবে?
- কীভাবে আশ্রয় সংক্রান্ত চিহ্নিত সমাধানগুলি ভবিষ্যতের ঝুঁকি এবং দূর্বলতা হ্রাস করতে পারে?
- সাধারণত আশ্রয়গুলি কীভাবে এবং কাদের দ্বারা তৈরি করা হয়?
- সাধারণত নির্মাণ সামগ্রী কীভাবে এবং কাদের দ্বারা পাওয়া যায়?
- কীভাবে নারী, যুবক, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি এবং বয়স্ক ব্যক্তিদের নিজস্ব আশ্রয় নির্মাণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ বা সহায়তা করা যেতে পারে, এবং এক্ষেত্রে প্রতিবন্ধকতা গুলি কী কী?
- যেখানে কোন ব্যক্তি বা পরিবারের নিজেদের জন্য আশ্রয় তৈরি করার সক্ষমতা বা সুযোগের অভাব রয়েছে, সেক্ষেত্রে তাদের জন্য কী অতিরিক্ত সহায়তার প্রয়োজন হবে? উদাহরণ হিসেবে স্বেচ্ছাশ্রমের বন্দোবস্ত অথবা চুক্তি ভিত্তিক শ্রম বা কারিগরি সহযোগিতা।

## পারিবার ও জীবিকা নির্বাহ সংক্রান্ত কার্যক্রম:

- আক্রান্ত মানুষদের বসতবাড়ি বা এর সন্নিকটে পারিবারের জীবিকায়ন সংক্রান্ত কী ধরনের সহায়তা মূলক কার্যক্রম সাধারণত বাস্তবায়িত হয়? এর ফলে কীভাবে স্থানের সঙ্কুলান হয় এবং এর পরিকল্পনা কীভাবে কার্যক্রমকে প্রতিফলিত করে?
- প্রয়োজনীয় উপকরণ পাওয়ার ক্ষেত্রে এবং আশ্রয় ও আবাসন সমস্যা সমাধানের মাধ্যমে কী ধরণের আইনি এবং পরিবেশগত ভাবে টেকসই জীবিকায়নের সহায়তার সুযোগগুলি সরবরাহ করা যেতে পারে?

## অপরিহার্য পরিষেবা এবং সামাজিক সুযোগ-সুবিধাসমূহ:

- খাবার পানি এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধির জন্য বর্তমানে কী ধরনের সহযোগিতার প্রস্তুতি রয়েছে এবং প্রত্যাশিত পয়ঃনিষ্কাশন এর প্রয়োজন পূরণের জন্য কী কী সুযোগ ও সীমাবদ্ধতা রয়েছে?
- সামাজিক সুযোগ সুবিধা (যেমন; স্বাস্থ্য কেন্দ্র, স্কুল এবং ধর্মীয় উপাসনালয়) এর জন্য বর্তমানে

কী ধরনের ব্যবস্থা রয়েছে? এবং এই সুযোগ সুবিধা গ্রহণের জন্য সুযোগ ও সীমাবদ্ধতাগুলি কী কী?

- যেখানে সামাজিক প্রতিষ্ঠানগুলি, বিশেষ করে স্কুলসমূহ বাস্তুচ্যুত মানুষদের আশ্রয় দেয়ার জন্য ব্যবহৃত হয়, ঐ প্রতিষ্ঠানগুলিকে তাদের নিজস্ব কাজে ব্যবহারের জন্য ফিরিয়ে দেয়ার প্রক্রিয়া কী বা সময়সীমা কত?

## আশ্রয় প্রদানকারী অধিবাসী এবং পরিবেশগত প্রভাবঃ

- আশ্রয় প্রদানকারী অধিবাসীদের জন্য উদ্বেগের বিষয় গুলি কী কী?
- আশ্রয় প্রদানকারী অধিবাসীদের মধ্যে বাস্তুচ্যুত মানুষদের সংকুলান করতে সাংগঠনিক এবং বাস্তব সীমাবদ্ধতা গুলি কী কী?
- স্থানীয় ভাবে নির্মাণ সামগ্রী পাওয়ার ক্ষেত্রে পরিবেশগত উদ্বেগ গুলি কী কী?
- বাস্তুচ্যুত মানুষের প্রয়োজন অনুসারে জ্বালানি, পয়ঃনিষ্কাশন, বর্জ্য অপসারণ এবং গবাদি প্রাণীর চারণভূমির প্রয়োজনীয়তায় অন্যদের মধ্যে পরিবেশগত উদ্বেগগুলি কী কী?

## গৃহস্থালীর প্রয়োজনীয় উপকরণঃ

- খাদ্য ব্যতিরেকে আক্রান্ত মানুষদের গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় উপকরণ গুলি কী কী?
- খাদ্য ব্যতিরেকে অন্যান্য প্রয়োজনীয় উপকরণগুলি কি স্থানীয়ভাবে পাওয়া যাবে?
- সাড়াদানে নগদ বা ভাউচার পদ্ধতি কি ব্যবহার করা সম্ভব?
- আশ্রয় সহায়তা সংক্রান্ত উপকরণগুলির সংস্থান সম্পূর্ণ করতে কি কারিগরি সহযোগিতার প্রয়োজন হবে?

## পোশাক এবং বিছানাঃ

- সাধারণত নারী, পুরুষ, শিশু, নবজাতক, গর্ভবতী, স্তন্যদানকারী নারী, প্রতিবন্ধী এবং বয়স্ক ব্যক্তিরা কী ধরণের পোশাক, কম্বল এবং বিছানা ব্যবহার করে? এইসব ক্ষেত্রে কি বিশেষ কোন সামাজিক ও সাংস্কৃতিক বিবেচ্য বিষয় আছে?
- এমন কত সংখ্যক নারী-পুরুষ (সব বয়সী), শিশু ও নবজাতক রয়েছে যাদের জলবায়ুর ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষা প্রদান করতে এবং স্বাস্থ্য, মর্যাদা ও ভাল থাকা নিশ্চিতের জন্য পর্যাপ্ত পোশাক, কম্বল বা বিছানা নেই অথবা পোশাক, কম্বল বা বিছানা যা রয়েছে তা পর্যাপ্ত নয়?
- পর্যাপ্ত পোশাক, কম্বল বা বিছানার প্রয়োজনীয়তা পূরণ না হলে আক্রান্ত ব্যক্তিদের জীবন, স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তার সম্ভাব্য ঝুঁকি কী কী?
- পরিবারগুলির স্বাস্থ্য ও ভাল থাকা নিশ্চিত করতে, ন্যূনতম নিয়ন্ত্রণ পরিমাপক কী? বিশেষ করে মশারীর সংস্থান কী?

### রান্না ও খাবার, চুলা ও জ্বালানি:

- একটি সাধারণ পরিবার সঙ্কটের পূর্বে রান্না ও খাবার গ্রহণের জন্য কী ধরণের উপকরণ ব্যবহার করতে অভ্যস্থ ছিল?
- কত সংখ্যক পরিবারে পর্যাপ্ত রান্না ও খাবার পাত্র ব্যবহারের সুযোগ নেই?
- সঙ্কটের পূর্বে আক্রান্ত মানুষ তাদের বাসস্থানে সাধারণত কীভাবে রান্না ও খাবার গরম করতো এবং তাদের রান্নার স্থানটি কোথায় ছিল?
- সঙ্কটের পূর্বে সাধারণত রান্না এবং খাবার গরম করার জন্য কী ধরণের জ্বালানি ব্যবহৃত হতো এবং জ্বালানি সংগ্রহের স্থান কোথায় ছিল?
- কত সংখ্যক পরিবারের রান্না এবং খাবার গরম করার জন্য চুলার ব্যবস্থা নেই এবং কেন?
- রান্না এবং খাবার গরম করার জন্য কত সংখ্যক পরিবারের পর্যাপ্ত জ্বালানি সংগ্রহের উপায় নেই?
- সঙ্কটাক্রান্ত এবং উক্ত স্থানের পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত জ্বালানি সরবরাহের সুযোগ এবং প্রতিবন্ধকতা (নির্দিষ্টভাবে পরিবেশ সংক্রান্ত উদ্বেগ) সমূহ কী কী?
- ক্ষতিগ্রস্থ ব্যক্তি, বিশেষ করে সকল বয়সী নারীদের ক্ষেত্রে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ সংগ্রহের প্রতিবন্ধকতা কী?
- রান্না এবং খাবার বিবেচনা করার ক্ষেত্রে স্থানীয়ভাবে কি কোন সাংস্কৃতিক প্রতিবন্ধকতা আছে?

### যন্ত্রপাতি আর উপকরণ:

- একটি বসতবাড়ি মেরামত, নির্মাণ বা রক্ষণাবেক্ষণের জন্য পরিবারগুলিতে কোন কোন মৌলিক উপকরণ গুলি বিদ্যমান থাকে?
- জীবিকায়ন সহায়তা কার্যক্রমে নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং বর্জ্য অপসারণের জন্য কী ধরনের সাধারণ যন্ত্রপাতি ব্যবহার করা যেতে পারে?
- যন্ত্রপাতির নিরাপদ ব্যবহার নিশ্চিত করতে কী ধরনের প্রশিক্ষণ বা সচেতনতা মূলক কার্যক্রম উপযুক্ত হবে?

## পরিশিষ্ট ২:
## আবাসন পরিস্থিতির বর্ণনা

কোথায় এবং কীভাবে আক্রান্ত মানুষজন বসবাস করছে, আবাসন পরিস্থিতি প্রথম ধাপে তার শ্রেণিবিন্যাস এর সমন্বয় করে। যখন সহায়তা কৌশলগুলির পরিকল্পনা হবে, তখন তা এই আবাসন পরিস্থিতিগুলির মাধ্যমে সঙ্কট সম্পর্কে বুঝতে সাহায্য করবে। বিস্তারিত পরিকল্পনাতে সম্পূরক বিবরণ সন্নিবেশ করুন।

⊕ *দেখুন পরিশিষ্ট ৩: আবাসন পরিস্থিতির সম্পূরক বৈশিষ্ট্য*

| জনসংখ্যার শ্রেণি | আবাসন পরিস্থিতি | বর্ণনা | উদাহরণ |
|---|---|---|---|
| বাস্তুচ্যুত হয়নি এমন পরিবার। | নিজস্ব বাসস্থান বা ভূমিতে বসবাসকারী। | বসবাসকারী তার সম্পত্তি অথবা ভূমির মালিক (মালিকানা বৈধ বা অবৈধ হতে পারে) অথবা আংশিক বা যৌথ মালিকানা। | বাড়ি, এ্যাপার্টমেন্ট, ভূমি। |
| | ভাড়াকৃত বাসস্থান বা ভূমি। | ভাড়া ব্যবস্থা একজন ব্যক্তি বা পারিবারকে একটি নির্দিষ্ট মেয়াদে এবং সম্মত ভাড়ায় বাসস্থান বা ভূমি ব্যবহারের জন্য বিবেচনা করে, যা মালিকানা হস্তান্তর ছাড়াই ব্যক্তিগত বা সরকারি ভূমির স্বত্বাধিকারীর সাথে লিখিত বা মৌখিক চুক্তির ভিত্তিতে হয়ে থাকে। | |
| | অবৈধভাবে অধিকৃত বাসস্থান বা ভূমি | পরিবারগুলি সম্পত্তি অথবা ভূমির নির্দিষ্ট মালিক বা মালিক কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধির অনুমতি ছাড়াই ভোগদখল করছে। | খালি বাসস্থান, এ্যাপার্টমেন্ট, অদখলীকৃত ভূমি। |
| বাস্তুচ্যুত মানুষ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে | ভাড়ার পদ্ধতি | ভাড়া ব্যবস্থা একজন ব্যক্তি বা পারিবারকে একটি নির্দিষ্ট মেয়াদে এবং সম্মত ভাড়ায় বাসস্থান বা ভূমি ব্যবহারের জন্য বিবেচনা করে। এটি ব্যক্তিগত বা সরকারি ভূমির স্বত্বাধিকারীর সাথে একটি লিখিত বা মৌখিক চুক্তির ভিত্তিতে হয়। এর অর্থায়ন হতে পারে ব্যক্তিগতভাবে বা সমষ্টিগতভাবে। অথবা সরকার বা মানবিক সহায়তাকারী প্রতিষ্ঠানগুলির অর্থায়নের দ্বারা হতে পারে। | বাসস্থান, এ্যাপার্টমেন্ট, বাড়ির জন্য বিদ্যমান উন্মুক্ত ভূমি। |

| জনসংখ্যার শ্রেণি | আবাসন পরিস্থিতি | বর্ণনা | উদাহরণ |
|---|---|---|---|
| **কমিউনিটি ভিত্তিক** | যৌথ বাসস্থান | পূর্ব থেকে বিদ্যমান সুবিধা বা ভৌতকাঠামো যেখানে একাধিক পরিবার আশ্রয় গ্রহণ করে। অবকাঠামো এবং মৌলিক পরিষেবাগুলি কমিউনিটি ভিত্তিক প্রদান করা হয় বা তাদের অনুপ্রবেশ সম্ভব হয়। | সর্বসাধারণের ভবন, নিরাপদে সরিয়ে নেয়া, (দায়িত্ব) গ্রহণ, স্থানান্তরের কেন্দ্র, পরিত্যক্ত ভবন, প্রতিষ্ঠানের প্রাঙ্গন, নির্মানাধীন ভবন। |
| | পরিকল্পিত আবাসন | বাস্তুচ্যুত জনসংখ্যার জন্য একটি উদ্দেশ্য মুলক আবাসন গড়া যেখানে স্থানের গঠনপ্রণালি পরিকল্পিত এবং নিয়ন্ত্রিত হয় এবং যেখানে অবকাঠামো, সুযোগ-সুবিধা এবং পরিষেবাগুলি পর্যাপ্ত। | আনুষ্ঠানিক আবাসন সরকার, জাতিসংঘ, এনজিও বা সুশীল সমাজ দ্বারা পরিচালিত। এর মধ্যে গ্রহণকারী কেন্দ্র বা আশ্রয় কেন্দ্র অন্তর্ভূক্ত হতে পারে। |
| | অপরিকল্পিত আবাসন | একাধিক পরিবার স্বতঃস্ফূর্তভাবে এবং সম্মিলিতভাবে একটি স্থানে বসতি স্থাপন করার মাধ্যমে একটি নতুন আবাসন তৈরি করে। এক্ষেত্রে পরিবারগুলির বা ঐ কমিউনিটির সাথে ভূমির স্বত্বাধিকারীর সাথে ভাড়ার চুক্তি থাকতে পারে। এটি প্রায়শ:ই সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের (যেমন; স্বত্বাধিকারী, স্থানীয় সরকার বা আশ্রয় প্রদানকারীর সংখ্যা)। তাৎক্ষণিক ভাবে মৌলিক পরিষেবাগুলির পরিকল্পনা করা হয় না। | বিধিবহির্ভূত স্থান এবং আবাসন। |

## পরিশিষ্ট ৩:

### আবাসন পরিস্থিতির সম্পূরক বৈশিষ্ট্য

এই সারণিটি আনুষঙ্গিক বৈশিষ্ট্যগুলিকে স্থির করে যা আবাসন পরিস্থিতিসমূহকে ⊕ *(পরিশিষ্ট ২: আবাসন পরিস্থিতির বর্ণনা) সম্প্রসারণ করে।* এটি ব্যবহার করার মাধ্যমে বিস্তারিত পরিকল্পনা প্রক্রিয়ার পথ সুগম করা উচিত যাতে সঙ্কট সম্পর্কে আরো বিশদভাবে বুঝতে পারা যায়।

**দ্রষ্টব্য:** প্রেক্ষাপট দ্বারা বৈশিষ্ট্যের বৈচিত্রতা এবং তাদের সংজ্ঞা পরিবর্তিত হয়। সেগুলি সম্পর্কিত নির্দেশিকা অনুসারে সারিবদ্ধ হওয়া উচিত। একটি সুনির্দিষ্ট প্রেক্ষাপটের জন্য সম্পূরক বৈশিষ্ট্য তৈরি করুন।

| শ্রেণি | আবাসন পরিস্থিতি | দ্রষ্টব্য |
|---|---|---|
| বাস্তুচ্যুত জনসংখ্যার ধরন | শরণার্থী, আশ্রয়প্রার্থী, অভ্যন্তরীণ বাস্তুচ্যুত ব্যক্তি, শরণার্থী, প্রত্যাবর্তনকারী, অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত প্রত্যাবর্তনকারী, উদ্বেগজনক অন্যান্যরা (উদাহরণস্বরূপ, অভিবাসী) | মানবিক সহায়তা নির্দেশিকার রূপরেখা দেখুন। (www.humanitarianresponse.info) |
| পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত | পূর্ব হতে বসবাসকারী জনসংখ্যা, আশ্রয় প্রদানকারী জনসংখ্যা। | আশ্রয়প্রদানকারী জনসংখ্যা প্রায়ই ক্ষতিগ্রস্থ জনসংখ্যা দ্বারা প্রভাবিত হয়, উদাহরণস্বরূপ; সামাজিক পরিষেবাগুলি ভাগ করে নেয়া যেমন; স্কুল বা আশ্রয় প্রদানকারী পরিবার হিসেবে কাজ করা। |
| ভৌগোলিক প্রেক্ষাপট | নগর, মফস্বল, গ্রামীণ। | মফস্বল: নগর এবং গ্রামীণ অঞ্চলের সমষ্টিতে একটি এলাকা। |
| ক্ষয়-ক্ষতির মাত্রা | কোন ক্ষয়ক্ষতি নেই, আংশিক ক্ষতি, সম্পূর্ণরূপে ধ্বংস। | ক্ষয়ক্ষতির মাত্রা শ্রেণিবিন্যাসের মাধ্যমে জানতে হবে যে আশ্রয় বসবাসের জন্য উপযুক্ত কিনা। |
| মেয়াদের পর্যায় | স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী, দীর্ঘমেয়াদী, স্থায়ী, জরুরী, সংকটকালীন, রিকভারী, টেকসই। | এই শর্তাবলীর সংজ্ঞা পরিবর্তিত হয়। এটি সাড়াদানের পর্যায় অনুসারে নির্ধারণ করা উচিত। |
| মেয়াদ ব্যবস্থা | সংবিধিবদ্ধ, গতানুগতিক, ধর্মীয়, হাইব্রিড | অবৈধ ভূমি বা আবাসন ব্যবস্থা হিসেবে সেগুলিকেই বিবেচনা করা হয়, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে বিধিসম্মত এবং বিধিবর্হিভূত কোনো উপায়ে বৈধ মালিকানার ভূমির অননুমোদিত পুনর্বিভাজন এবং বিভিন্ন প্রকারের অননুমোদিত ভাড়া ব্যবস্থ। কিছু ক্ষেত্রে, এই পটভূমিতে বিভিন্ন ধরনের মেয়াদে প্রতিটি পক্ষ নির্দিষ্ট অধিকারে নিয়ে সহাবস্থানে থাকতে পারে। |

| শ্রেণি | আবাসন পরিস্থিতি | দ্রষ্টব্য |
|---|---|---|
| বাসস্থানসমূহের মেয়াদের ধরন | মালিকানা, ব্যবহারের অধিকার, ভাড়া, যৌথ মেয়াদ | |
| ভূমিসমূহের মেয়াদের ধরন | ব্যক্তিগত, সামাজিক, সমষ্টিগত, সকলের জন্য উন্মুক্ত, রাষ্ট্র। | |
| আশ্রয়ের ধরন | তাঁবু, অস্থায়ী আশ্রয়, সংকটকালীন আশ্রয়, মুল আশ্রয়, বাড়ি, এ্যাপার্টম্যান্ট, একটি বড় ভাড়া করা স্থান, গ্যারেজ, মানুষ ও মালামাল স্থানান্তরের জন্য বড় ভ্যান, কন্টেইনার। | পরিশিষ্ট ৪ দেখুন: সহায়তার বিকল্প |
| স্থান ব্যবস্থাপনা | নিয়ন্ত্রিত, দূরবর্তী বা ভাসমান অবস্থায় পরিচালিত, স্ব-নিয়ন্ত্রিত, কোন ব্যবস্থাপনা নেই। | নিয়ন্ত্রিত: ভূমির মালিকের কোনো আপত্তি ছাড়াই এবং কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত। |

# পরিশিষ্ট ৪:
## সহায়তার বিকল্প

প্রেক্ষাপট-নির্দিষ্ট সহায়তা একত্রিত করা আক্রান্ত জনগোষ্ঠীর প্রয়োজন মেটানোর জন্য একটি বিকল্প হতে পারে। প্রতিটি সফলতা ও অসফলতাগুলি বিবেচনা করার মাধ্যমে সবচেয়ে উপযুক্ত কর্মসূচী প্রণয়ন করুন।

| সহায়তার বিকল্প | বর্ণনা |
|---|---|
| গৃহস্থালীর উপকরণ | ⊕ দেখুন: আশ্রয় এবং আবাসন মান ৪: গৃহস্থালীর উপকরণ। |
| আশ্রয় উপকরণসমূহ | বসবাসের স্থান তৈরি করতে বা উন্নততর করতে নির্মাণ সামগ্রী, যন্ত্রপাতি এবং উপকরণ বাঁধার সরঞ্জাম প্রয়োজন। ঘর তৈরির উপকরণের মধ্যে খুঁটি বা অনুরূপ কোন অবকাঠামোগত উপকরণ প্রদান করা বা ঐ পরিবারগুলি তা স্বউদ্যোগে তৈরি করতে পারে কিনা তা বিবেচনা করুন। সম্পর্কিত নির্দেশনা, প্রচার, শিক্ষা বা সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত আনুষঙ্গিক বিষয়গুলিকে বিবেচনা করুন। |
| তাঁবু | এমন একটি আচ্ছাদন বা কাঠামো যা পূর্ব হতেই তৈরি করা ও বহনযোগ্য। |
| প্রত্যাবর্তন এবং পরিবহণ সহায়তা | আক্রান্ত জনসংখ্যা যারা তাদের নিজস্ব মূল স্থানে যেতে বা একটি নতুন স্থানে স্থানান্তরিত হতে চায় তাদের জন্য সহায়তা। এই সহায়তার ধরনের মধ্যে পরিবহণ, পরিবহণ ভাড়া বা ভাউচার, অথবা সরঞ্জামাদি, উপকরণ এবং বীজ সরবরাহের মতো ব্যপক পরিসরের পরিষেবা অন্তর্ভূক্ত থাকতে পারে |
| মেরামত | মেরামত এর মাধ্যমে বোঝানো হচ্ছে যে, প্রয়োজনীয়তার ভিত্তিতে আবশ্যক মান এবং শর্ত পূরণ করার মাধ্যমে একটি আবাসস্থল ক্ষতি ও ক্ষয় থেকে একটি ভাল অবস্থায় উন্নীত করে। যদি ভবনগুলি সামান্য ক্ষতির সম্মুখীন হয়, তাহলে ভবনের বড় কোনো বাড়তি সংস্কার ছাড়াই এটি মেরামত করা সম্ভব। বাস্তুচ্যুত জনসংখ্যাকে বসবাসের সুযোগ প্রদান করতে আশ্রয় কেন্দ্র অথবা পূর্ব হতে নির্ধারিত ভবনগুলির মান বাড়ানোর প্রয়োজন হতে পারে। |
| ভবনের আনুষঙ্গিক পরিবর্তন (Retrofitting) | ভবনগুলির আনুষঙ্গিক পরিবর্তনের সাথে অন্তর্ভূক্ত রয়েছে ভবনগুলি উন্নত করা অথবা কাঠামোগত প্রণালীর পুনঃর্নির্মাণ। একটি ভবনকে আরো সহনশীল করার উদ্দেশ্য হলো ভবিষ্যতে দুর্যোগ থেকে রক্ষার জন্য নিরাপত্তা বৈশিষ্ট্য স্থাপন। সঙ্কটের কারণে ক্ষতিগ্রস্ত ভবনগুলির মেরামত এর পাশাপাশি আনুষঙ্গিক পরিবর্তন করার প্রয়োজন হতে পারে। বাস্তুচ্যুত মানুষদের কারণে, আশ্রয় প্রদানকারী পরিবারগুলির বসতবাড়ির প্রয়োজনীয় আনুষঙ্গিক পরিবর্তন করতে হতে পারে, যদি তারা কোন প্রকার বিপদের ঝুঁকিতে থাকে। |
| আশ্রয় প্রদানকারীর সহায়তা | যে সকল মানুষরা তাদের নিজস্ব বাসস্থানে ফিরে যেতে পারে না, প্রায়শ:ই তারা আশ্রয় প্রদানকারী পরিবার বা বন্ধু বা কমিউনিটির সাথে নিজেদের ঐতিহ্য, ধর্মীয় রীতিনীতি বা অন্যান্য সম্পর্কগুলি সংযুক্ত করে থাকে। আক্রান্ত মানুষদের আশ্রয় প্রদান চালিয়ে যেতে আশ্রয় প্রদানকারীকে সহায়তা করার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে একটি আশ্রয় প্রদানকারী পরিবারের বাসস্থান সম্প্রসারণ বা উপযোগী করে নেয়া অথবা অর্থ এবং উপকরণ দিয়ে সহযোগিতা করা যাতে আনুষঙ্গিক ব্যয়সমূহ নির্বাহ করতে পারে। |
| ভাড়া সহায়তা | আক্রান্ত পরিবারগুলিকে সহায়তা করার ক্ষেত্রে বাসস্থান এবং ভূমি ভাড়ার মধ্যে আর্থিক সহায়তা, একটি স্বচ্ছ চুক্তি তৈরিতে সহযোগিতা এবং সম্পত্তির মান বিষয়ক পরামর্শ অন্তর্ভূক্ত থাকতে পারে। ভাড়া একটি চলমান ব্যয়, এইভাবে শীঘ্রই সামঞ্জস্যপূর্ণ সমাপ্তির কৌশলগুলির পরিকল্পনা, নিজস্ব দক্ষতা বৃদ্ধিতে উৎসাহ, অথবা জীবিকায়ন কর্মকান্ডের সাথে সংযোগ স্থাপন করুন। ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মান, ৩: থাকার স্থান এবং মান, ৬: মেয়াদের নিরাপত্তা।* ভাড়া সহায়তা আশ্রয় প্রদানকারী মানুষদের মধ্যে নগদ অর্থের সঞ্চার করতে পারে বা বাজার ব্যবস্থার ক্ষতি করতে পারে এবং মুদ্রাস্ফীতি ঘটাতে পারে। |

| সহায়তার বিকল্প | বর্ণনা |
| --- | --- |
| অস্থায়ী আশ্রয় | স্বল্প-মেয়াদী আশ্রয় সমাধান, যার উদ্দেশ্য হলো, পরবর্তীধাপের আশ্রয় সমাধান প্রদান করা করা হলে অপসারণ করে ফেলা। সাধারণত এগুলো সীমিত ব্যয়ে নির্মিত হয়। |
| সাময়িক আশ্রয় | উপকরণ এবং পদ্ধতিগুলি থেকে পরিকল্পিত দ্রুত আশ্রয়সমূহ যা আরও স্থায়ী কাঠামোতে রূপান্তরের জন্য নকশা করা হয়। আশ্রয়টি অবশ্যই মানবৃদ্ধিযোগ্য, পুন:ব্যবহারযোগ্য, পুনরায় বিক্রয়যোগ্য অথবা অস্থায়ী স্থান থেকে স্থায়ী স্থানে স্থানান্তরযোগ্য হওয়া উচিত। |
| মৌলিক বাসস্থান | বাসস্থানের ইউনিট গুলির পরিকল্পনা, নকশা এবং নির্মাণ এমনভাবে হতে হবে যাতে তা দীর্ঘসময়ের জন্য একটি স্থায়ী বাড়ির অংশ হতে পারে, কিন্তু তা সম্পূর্ণ নয়। মৌলিক বাসস্থান ভবিষ্যতে পরিবারগুলির নিজেদের উদ্যোগ এবং সম্পদ ব্যবহার এর মাধ্যমে এর সম্প্রসারণ সুযোগ প্রদান করে। এর উদ্দেশ্য হলো, পানি ও পয়ঃনিষ্কাশন সুবিধা এবং প্রয়োজনীয় গৃহস্থালী উপকরণসহ এক বা দু'টি কক্ষের একটি নিরাপদ এবং পর্যাপ্ত থাকার স্থান তৈরি করা। ⊕ *দেখুন আশ্রয় এবং আবাসন মান, ৪: থাকার স্থান এবং মান, ৪: গৃহস্থালীর সামগ্রী* |
| পুনঃনির্মাণ | যে কাঠামো মেরামতযোগ্য নয় তা ভেঙ্গে ফেলা এবং পুন:নির্মাণ। |
| তথ্যকেন্দ্র | তথ্যকেন্দ্র ক্ষতিগ্রস্থ জনসংখ্যাকে পরামর্শ এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করে। স্থানীয় তথ্যকেন্দ্রের মাধ্যমে প্রদত্ত তথ্যসমূহ আক্রান্ত জনগোষ্ঠীর পরামর্শ ও সহায়তা, তাদের জন্য বিকল্পসমূহ ও প্রত্যাবর্তনের প্রক্রিয়া, ভূমির অধিকার, ক্ষতিপূরণ প্রাপ্যতা, কারিগরি উপদেশ ও সহায়তা, প্রত্যাবর্তন, একত্রীকরণ ও স্থানান্তর এর অধিকার গুলিকে স্পষ্ট করতে পারে। এছাড়াও মতামত প্রদান এবং সালিশি ও আইনি সহায়তাসহ প্রতিকার পাওয়ার পথ দেখায়। |
| আইনি এবং প্রশাসনিক দক্ষতা। | আইনি ও প্রশাসনিক দক্ষতা প্রদান ক্ষতিগ্রস্থ জনসংখ্যাকে তাদের অধিকার সম্পর্কে সচেতন হতে এবং বিনামূল্যে বা কম ব্যয়ে প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা পেতে সাহায্য করে। সবচেয়ে বিপদাপন্ন গোষ্ঠীর প্রয়োজনের প্রতি বিশেষ মনোযোগ দেয়া উচিত। |
| নিরাপদ মেয়াদ | বাসস্থান অথবা ভূমি দখল অধিকার সুরক্ষিত করতে ক্ষতিগ্রস্থ মানুষের জন্য আইনি সহায়তার মাধ্যমে তাদের জোরপূর্বক উচ্ছেদ, হয়রানি এবং অন্যান্য হুমকির বিরুদ্ধে সহায়তা এবং নিরাপত্তা, শান্তি এবং মর্যাদা প্রদান করে। ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মান ৬: মেয়াদের নিরাপত্তা* |
| অবকাঠামো এবং আবাসন পরিকল্পনা | অবকাঠামো এবং আবাসন পরিকল্পনা সংক্রান্ত সহায়তা একটি কমিউনিটি এর পরিষেবাগুলিকে উন্নত করতে ব্যবহৃত হয় এবং অন্তবর্তীকালীন টেকসই আবাসন এবং পুনর্নির্মাণ সমাধানগুলির পরিকল্পনাকে সহায়তা করে। অবকাঠামো এবং আবাসন পরিকল্পনা সংক্রান্ত সহায়তাকে দু'টি ভাবে বিভক্ত করা যেতে পারে যা প্রাথমিক ভাবে আশ্রয় খাত দ্বারা সমন্বয় করা হয় এবং যেগুলি পরে অন্যান্য খাত দ্বারা সমন্বয় করা হয়। |
| যৌথ বাসস্থান সহায়তা | দ্রুত আশ্রয় প্রদানের জন্য বিদ্যমান দালানগুলি যৌথ বা আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে। এগুলো হতে পারে, স্কুল, কমিউনিটি ভবন, আচ্ছাদিত খেলার মাঠ, ধর্মীয় প্রতিষ্ঠান অথবা উন্মুক্ত স্থান। এই ধরনের অবকাঠামোগুলি বসবাসের জন্য উপযোগী করতে প্রয়োজনীয় পরিবর্তন বা মানবৃদ্ধির প্রয়োজন হতে পারে। ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মান ৩: বসবাসের স্থান। সঙ্কট আক্রান্ত জনগোষ্ঠীর বসবাসের জন্য স্কুল ভবনগুলি ব্যবহার করার সময়, স্কুলের নিয়মিত কার্যক্রম* চালিয়ে যেতে তাৎক্ষণিকভাবে বিকল্প অবকাঠামো চিহ্নিত করুন এবং তা ব্যবহার করুন। ⊕ *see Collective Centre Guidelines and INEE Handbook.* |

| সহায়তার বিকল্প | বর্ণনা |
|---|---|
| আবাসন এবং যৌথ কেন্দ্র গুলি পরিচালনা | ⊕ *see Collective Centre Guidelines* |
| ধ্বংসাবশেষ অপসারণ এবং মৃতদেহ ব্যবস্থাপনা। | ধ্বংসাবশেষ অপসারণ জনসাধারণের নিরাপত্তা এবং ক্ষতিগ্রস্থ জনসংখ্যার অনুপ্রবেশ বৃদ্ধিতে সাহায্য করে। পাশাপাশি পরিবেশগত প্রভাব বিবেচনা করুন, ⊕ *দেখুন: আশ্রয় ও আবাসন মান ২ ও ৭. See: Handle and identify the dead appropriately* ⊕ *see Health 1.1 and WASH 6.* |
| পুনর্বাসন এবং সাধারণ অবকাঠামো স্থাপন। | পানি সরবরাহ, পয়:নিষ্কাশন, রাস্তা, পানি নির্গমন ব্যবস্থা, সেতু এবং বিদ্যুতের মতো পরিকাঠামো পুন:স্থাপন বা নির্মাণ ⊕ *See WASH chapter for guidance, এবং আশ্রয় ও আবাসন মান ২: স্থান এবং আবাসন পরিকল্পনা।* |
| কমিউনিটি সুযোগ-সুবিধা পুনঃস্থাপন বা নির্মাণ। | **শিক্ষা:** স্কুল, শিশু বান্ধব স্থান, নিরাপদ খেলার স্থান ⊕ *see INEE Handbook;*<br><br>**স্বাস্থ্য সেবা:** স্বাস্থ্য কেন্দ্র এবং হাসপাতাল ⊕ *see Health systems standard 1.1: Health service delivery;*<br><br>**নিরাপত্তা:** পুলিশ প্রহরা অথবা কমিউনিটি প্রহরা কাঠামো।<br><br>**সামাজিক কার্যাবলী:** সিদ্ধান্ত গ্রহণ, বিনোদন, ধর্মীয় আচার পালন, জ্বালানি সংরক্ষণ, রান্নার সুবিধা এবং কঠিন বর্জ্য অপসারণের জন্য নির্ধারিত স্থান; এবং<br><br>**অর্থনৈতিক কার্যাবলী:** বাজার, গবাদিপ্রাণীর জন্য জমি ও স্থান, জীবিকা নির্বাহ এবং ব্যবসায়ের জন্য স্থান। |
| নগর পরিকল্পনা এবং অঞ্চল বিভাজন | একটি সঙ্কট পরবর্তীতে যখন আবাসিক এলাকা গুলির পুনঃপরিকল্পনা করা হয়, তখন স্থানীয় কর্তৃপক্ষ এবং নগর পরিকল্পনাবিদদের অন্তর্ভূক্ত করুন, যাতে সকল পক্ষের বিধিবিধান এবং পারস্পরিক স্বার্থ সমুন্নত থাকে। ⊕ *দেখুন: আশ্রয় এবং আবাসন মান ২: স্থান এবং আবাসন পরিকল্পনা।* |
| স্থানান্তর | স্থানান্তর হলো একটি প্রক্রিয়া, যা একটি ভিন্ন স্থানে পুনঃনির্মিত হয় যার মধ্যে জড়িত রয়েছে একটি পরিবার বা কমিউনিটি এর বাসস্থান, তাদের সম্পদ এবং সর্বসাধারণের জন্য অবকাঠামো। |

# পরিশিষ্ট ৫ঃ
## বাস্তবায়নের বিকল্পগুলি

সহায়তা প্রদান প্রক্রিয়া, গুণগত মান, সময়, বিতরণের মাত্রা এবং ব্যয়কে প্রভাবিত করে। পণ্য, শ্রম, এবং বাজারের ভাড়া ব্যবস্থাসহ স্থানীয় বাজার ব্যবস্থা সম্পর্কে ধারণার উপর ভিত্তি করে অর্থনৈতিক অবস্থা পূর্বের অবস্থায় ফিরিয়ে আনতে বাস্তবায়নের বিকল্পগুলি নির্বাচন করুন। ⊕ *See Delivering assistance through markets.*

অংশগ্রহণের মাত্রা এবং মালিকানা, লিঙ্গ ভিত্তিক বৈশিষ্ট্য, সামাজিক সংহতি এবং জীবিকায়নের সুযোগের উপর ভিত্তি করে নির্বাচিত বিকল্পগুলি বাস্তবায়নের প্রভাব বিবেচনা করুন।

| বাস্তবায়নের বিকল্প | বর্ণনা |
|---|---|
| কারিগরি সহায়তা এবং গুণমানের নিশ্চয়তা। | কোন আশ্রয় এবং আবাসন সাড়াদান সহযোগিতার ক্ষেত্রে কারিগরি সহায়তা নির্বিশেষে একটি অবিচ্ছেদ্য অংশ, ⊕ দেখুনঃ আশ্রয় ও আবাসন মান ৫ঃ কারিগরি সহায়তা। |
| আর্থিক সহায়তা | আর্থিক সহায়তার মাধ্যমে, পরিবার এবং কমিউনিটিগুলি পণ্যদ্রব্য বা পরিষেবাগুলি অথবা তাদের আশ্রয় ও আবাসন এর প্রয়োজন মেটাতে পারে। কাজের ঝুঁকি এবং জটিলতা অনুসারে, কারিগরি সহায়তা এবং সক্ষমতা বৃদ্ধির সাথে আর্থিক সহায়তা পরিপূরক হিসেবে ভূমিকা পালন করে। বাজার ভিত্তিক সহায়তা প্রদান নিম্নলিখিত বিকল্পগুলি অন্তর্ভূক্ত করেঃ<br>**শর্তসাপেক্ষে নগদ প্রদানঃ** এটি কার্যকর, যখন নির্দিষ্ট শর্ত পূরণ গুরুত্বপূর্ণ, উদাহরণস্বরুপ আর্থিক কিস্তি প্রদান পদ্ধতি।<br>**নিয়ন্ত্রিত নগদ বা ভাউচারঃ** সুনির্দিষ্ট পণ্য বা বিক্রেতাদের জড়িত করার জন্য কার্যকরী।<br>শর্তবিহীন, বিধিনিষেধহীন অথবা একাধিক উদ্দেশ্যেঃ<br>সঞ্চয়ী দল, ঋণ, ক্ষুদ্রঋণ, বীমা এবং সহযোগিতার প্রতিশ্রুতির মতো আর্থিক পরিষেবাগুলির সহজ প্রাপ্তি। ⊕ *see Delivering assistance through markets.* |
| উপকরণ-উপাদান সহযোগিতা | স্থানীয় বাজারগুলি যদি পণ্য বা উপকরণ এর উপযুক্ত গুণমান বজায় রাখতে না পারে বা সেগুলি পর্যাপ্ত পরিমাণে না থাকে বা সময়মত সরবরাহ করতে সক্ষম না হয়, তাহলে উক্ত পণ্য বা উপকরণগুলি সরাসরি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য ক্রয় এবং বিতরণ করা একটি বিকল্প। ⊕ *see Delivering assistance through markets.* |
| শ্রম নিয়োগ এবং চুক্তি<br>শ্রমিক নিয়োগ এবং চুক্তি | স্বত্ত্বাধিকারী, ঠিকাদার অথবা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত পদ্ধতিতে আশ্রয় এবং আবাসন লক্ষ্য অর্জনের জন্য শ্রম বা শ্রমিক নিয়োগ বা চুক্তি করা। ⊕ *দেখুনঃ আশ্রয় এবং আবাসন মান ৫ঃ কারিগরি সহযোগিতা।* |
| সক্ষমতা বৃদ্ধি | দক্ষতা বৃদ্ধি এবং প্রশিক্ষণ সংশ্লিষ্টদের ব্যক্তিগত এবং সম্মিলিতভাবে সাড়া দেওয়ার সামর্থ্য বাড়ানোর সুযোগ তৈরি করে। এছাড়াও পারস্পরিক সম্পর্ক সক্রিয় করতে, সাধারণ চ্যালেঞ্জ ও কার্য সম্পাদন (যেমন; ভবন এর মান এবং কোডগুলির বিকাশ) এবং বাস্তবায়ন একই সাথে বিবেচনা করে। ⊕ *দেখুনঃ আশ্রয় এবং আবাসন মান ৫ঃ কারিগরি সহযোগিতা।* সফল সক্ষমতা বৃদ্ধির জন্য উচিত সংশ্লিষ্ট স্থানীয়দের দ্বারা গৃহীত কার্যক্রম তত্ত্বাবধানে বিশেষজ্ঞদের মনোনিবেশে অনুমতি দেয়া এবং তাঁদের সহায়তা প্রদান করা যাতে সর্বোচ্চ সংখ্যক ব্যক্তি সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা গ্রহণ করে। |

⊕ আবাসন পরিস্থিতি এর সাথে সংযুক্ত সম্ভাব্য সহায়তা এবং বাস্তবায়নের বিকল্পগুলির একটি সারণির জন্য ভিজিট করুন www.spherestandards.org/handbook/online-res

## পরিশিষ্ট ৬:
## সম্ভাব্য সহায়তা এবং আবাসন পরিস্থিতির সাথে সংযুক্ত বাস্তবায়নের বিকল্পগুলি

| | | | আবাসন পরিস্থিতি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তুচ্যুত-হীন | | | বাস্তুচ্যুত | | | | | | |
| | | | | | | বিচ্ছিন্ন জনসংখ্যা | | | গোষ্ঠীভিত্তিক | | | |
| | | | স্বত্বাধিকারী কর্তৃক অধিকৃত বাসস্থান বা ভূমি | ভাড়াকৃত বাসস্থান বা ভূমি | বিধিবহির্ভূত অধিকৃত বাসস্থান বা ভূমি | ভাড়া ব্যবস্থা | (বাড়িতে) আশ্রয় প্রদান ব্যবস্থা | স্বত:স্ফূর্ত ব্যবস্থা | যৌথ বাসস্থান | পরিকল্পিত আবাসন | অপরিকল্পিত আবাসন | পরোক্ষ ক্ষতিগ্রস্ত |
| সহায়তার বিকল্প | পরিবারের আশ্রয়ের মাত্রা | গৃহস্থালির উপকরণ | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | আশ্রয় সরঞ্জাম | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | আশ্রয় সরঞ্জামাদির একটি সেট। | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | তাঁবু | X | X | X | X | X | X | | X | X | |
| | | প্রত্যাবর্তন ও পরিবহণ সহযোগিতা। | | | | X | X | X | X | X | X | |
| | | মেরামত | X | X | X | X | X | | X | | | X |
| | | ভবনের আনুষঙ্গিক পরিবর্তন (Retrofiting)। | X | X | X | X | X | | | | | X |
| | | আশ্রয় প্রদানকারী পরিবার সহায়তা। | | | | | X | | | X | X | X |
| | | ভাড়া সহায়তা | | | | X | | | | | | |
| | | অস্থায়ী আশ্রয় | X | X | X | | | X | | X | X | |
| | | সাময়িক আশ্রয় | X | X | X | | | X | | X | X | |
| | | মূল বাসস্থান | X | X | X | | | | | X | | |

| | | | আবাসন পরিস্থিতি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তুচ্যুত-হীন | | | বাস্তুচ্যুত | | | | | | |
| | | | | | | বিচ্ছিন্ন জনসংখ্যা | | | গোষ্ঠীভিত্তিক | | | |
| | | পুনঃনির্মাণ | X | X | X | | | | | X | | |
| | পরিবারের আশ্রয়ের মাত্রা | তথ্য কেন্দ্র | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | আইনি এবং প্রশাসনিক বিশেষজ্ঞ। | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | মেয়াদের নিরাপত্তা। | | X | X | X | X | X | X | X | X | |
| | | অবকাঠামো এবং আবাসন পরিকল্পনা। | | | X | | | X | | X | X | X |
| | | নগর পরিকল্পনা এবং অঞ্চল বিভাজন। | | X | X | X | X | X | X | X | X | |
| | | যৌথ বাসস্থান সহায়তা। | | | | | | | X | | | X |
| | | আবাসন এবং যৌথ কেন্দ্রগুলি পরিচালনা। | | | | | | | X | X | X | X |
| | | ধ্বংসাবশেষ অপসারণ এবং মৃতদেহ ব্যবস্থাপনা। | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | পুনর্বাসন এবং সাধারণ অবকাঠামো স্থাপন | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | কমিউনিটি সুযোগ-সুবিধা পুনঃস্থাপন অথবা নির্মাণ | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | নগর পরিকল্পনা এবং অঞ্চল বিভাজন | X | X | X | X | X | X | X | X | X | X |
| | | স্থানান্তর | X | X | X | X | X | X | X | X | X | |
| বাস্তবায়নের বিকল্প | | কারিগরি সহায়তা এবং গুণমানের নিশ্চয়তা | X | X | X | X | X | X | X | X | X | |
| | | আর্থিক সহায়তা | X | X | X | X | X | X | X | X | X | |

| | | | আবাসন পরিস্থিতি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তুচ্যুত-হীন | | | বাস্তুচ্যুত | | | | | | |
| | | | | | | বিচ্ছিন্ন জনসংখ্যা | | | গোষ্ঠীভিত্তিক | | | |
| | | উপকরণ-উপাদান সহযোগিতা। | X | X | X | X | X | X | X | X | X | |
| | | শ্রম নিয়োগ এবং চুক্তিভিত্তিক শ্রমিক নিয়োগ এবং চুক্তি | X | X | X | X | X | X | X | X | X | |
| | | সক্ষমতা বৃদ্ধি। | X | X | X | X | X | X | X | X | X | |